# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## নবম বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০২২ - জুন ২০২৩

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন: +৮৮০ ৯৬৬৬ ৭৭৬৮৬৮, +৮৮০ ১৭৬৯ ৭২১০১০, ফ্যাক্স: +৮৮০ ২ ৫৮০৫১০১০
ই-মেইল: info@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd

# নবম বার্ষিক প্রতিবেদন: জুলাই ২০২২ - জুন ২০২৩

## উপদেষ্টা পরিষদ

**রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা**, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, ভাইস চ্যান্সেলর
**কমডোর এ কে এম মারুফ হাসান,** (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, ট্রেজারার
**কমডোর শেখ ফিরোজ আহমেদ,** (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
**কমডোর মোঃ জাকিরুল ইসলাম**, (ই), এনডিসি, পিএসসি, বিএন, ডিন, এফজিএস
**কমডোর মোঃ মামুনূর রশীদ,** (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন, ডিন, এফএমজিপি

## সম্পাদনা পরিষদ

**কমডোর শেখ ফিরোজ আহমেদ**, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
**স্বপন কুমার বড়ুয়া**, অতিরিক্ত পরিচালক, অর্থ ও হিসাব
**মোঃ মাইনুর রহমান**, সহকারী রেজিস্ট্রার, কাউন্সিল
**এম জাহিদুল হাসান,** সহকারী গ্রন্থাগারিক
**স্বর্ণা দত্ত**, সহকারী অধ্যাপক, বাংলা
**আহাম্মদ করিম,** প্রোগ্রামার, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
**মোঃ সালমান সাদেকীন চয়ন**, সহকারী রেজিস্ট্রার, রেজিস্টেশন সেল
**মোঃ জায়েদুল কবির জাহিদ,** সেকশন অফিসার, এফএমবিএস
**মোহাম্মদ মেহেদী হাসান আকন্দ**, সেকশন অফিসার, এফইটি
**মোঃ মাহফুজুর রহমান**, প্রশাসনিক কর্মকর্তা, এফজিএস

## সহায়তায়

**মোহাম্মদ তাজুল ইসলাম**, পিএ টু রেজিস্ট্রার
**ফয়সাল আহমেদ,** অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, সেন্ট্রাল লাইব্রেরি অ্যান্ড আর্কাইভ
**দেলাওয়ার হুসাইন,** অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর
**মোঃ আব্দুল্লাহ আল মামুন,** অফিস সহকারী কাম ডাটা প্রসেসর, কাউন্সিল সেকশন
**মোঃ মাহবুর রহমান**, টাইপিস্ট

## ফটোগ্রাফি

অমিত মহন্ত, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
আমিনুল ইসলাম, ফটোগ্রাফার

## প্রকাশক

**রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**



بِسْمِ اللّٰہِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১৯ ভাদ্র ১৪৩০
০৩ সেপ্টেম্বর ২০২৩

# বাণী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ৯ম বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় উন্নয়নে মেরিটাইম সেক্টরের গুরুত্ব অনুধাবন করে স্বাধীনতার অব্যবহিত পরেই "The Territorial Waters and Maritime Zones Act, 1974" প্রণয়ন করেন, যা আমাদের সমুদ্র সম্পদ রক্ষা ও আহরণ সংক্রান্ত এক অতিগুরুত্বপূর্ণ রোডম্যাপ। সেই ধারাবাহিকতায় মেরিটাইম সেক্টরের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে। ইতোমধ্যে বরিশাল, রংপুর, পাবনা ও সিলেটে ৪টি নতুন মেরিন একাডেমি, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিসহ বিভিন্ন মেরিটাইম প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছে। বঙ্গোপসাগরে প্রতিবেশী দেশসমূহের সাথে সমুদ্রসীমা নির্ধারণের মাধ্যমে অর্জিত বিশাল সমুদ্র এলাকা দেশের জন্য অফুরন্ত সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। এছাড়া 'রূপকল্প-২০৪১' ও 'ডেল্টা প্ল্যান-২১০০' বাস্তবায়নে সমুদ্রসীমায় প্রাকৃতিক সম্পদের অনুসন্ধান ও সঠিক ব্যবস্থাপনা অপরিহার্য। এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি অগ্রণী ভূমিকা পালন করতে পারে।

সুনীল অর্থনীতির অপার সম্ভাবনা কাজে লাগাতে এ বিষয়ে নিয়মিত গবেষণা ও দক্ষ জনবল তৈরির বিকল্প নেই। দেশের নদ-নদীর অববাহিকা, বন্যা নিয়ন্ত্রণ, সমুদ্রে বহুমুখী পরিকল্পনা, জাহাজ শিল্পের সম্প্রসারণ এবং সামুদ্রিক সম্পদের টেকসই আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্যও যথাযথ পরিকল্পনা প্রণয়ন, প্রযুক্তিগত উদ্ভাবন ও ব্যবহার খুবই জরুরি। আমি আশা করি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি উচ্চ শিক্ষা ও গবেষণার গুণগত মান নিশ্চিত করার মাধ্যমে দেশের মেরিটাইম শিক্ষার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করতে সক্ষম হবে।

আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ সাহাবুদ্দিন



# ভাইস-চ্যান্সেলর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## মুখবন্ধ

সুবিশাল সমুদ্রসীমা অর্জনের পর অনাবিষ্কৃত ও অনারোহিত সম্পদের অন্বেষণ, আহরণ, সুরক্ষা, গবেষণা, সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে এবং আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে ২৭ অক্টোবর ২০১৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়। এটি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পর থেকেই মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা ও গবেষণা সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

মেরিটাইম ভিশনের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশকে সোনার বাংলায় পরিণত করতে সমুদ্র সম্পদ যে অপরিসীম অবদান রাখবে তা অনুমান করতে পেরেছিলেন। তাই স্বাধীনতার পর উপকূলীয় সামুদ্রিক সম্পদ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা, জীব বৈচিত্র্য সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে ১৯৭৪ সালে জাতির পিতা সমুদ্র বিষয়ে নতুন আইন প্রণয়ন করেন (দ্য টেরিটোরিয়াল ওয়াটার অ্যান্ড মেরিটাইম জোন্স অ্যাক্ট, ১৯৭৪)। তারই সুযোগ্য উত্তরসূরী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে সমুদ্র বিজয়ের ফলে মেরিটাইম সেক্টরে অপার সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। সমুদ্র জরিপ, মৎস্য ও খনিজ সম্পদ আহরণ, পর্যটন এবং নৌ চলাচল ও সমুদ্র এলাকার নিরাপত্তার জন্য সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। এ কাজের জন্য দক্ষ জনবল, উন্নত প্রযুক্তি ও কারিগরি জ্ঞান দরকার। এই লক্ষ্য পূরণের জন মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ছিলো সরকার ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়োপযোগী সিদ্ধান্ত। মহৎ এ উদ্দেশ্য সফল করার জন্য বিশ্ববিদ্যালয়টি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত, উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ভিশন ২০৪১ এবং ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নেও এ বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি বিশ্বাস করি।

সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে ব্লু-ইকোনমিকে ত্বরান্বিত করা সম্ভব। এর মাধ্যমে জিডিপি বৃদ্ধির পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জন করাও সম্ভব হবে। এছাড়া বিপুল জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগও সৃষ্টি হবে ব্লু-ইকোনমির মাধ্যমে। সমুদ্র সম্পদের অনুসন্ধান, সুষ্ঠু ব্যবহার ও দক্ষ জনবল গড়ে তুলতে এ বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের সীমিত পরিসরে বর্তমানে ০৫ টি স্নাতক (সম্মান), ১০ টি স্নাতকোত্তর প্রোগ্রাম চলমান রয়েছে এবং ধারাবাহিকভাবে আরও নতুন প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ের সাথে দেশি বিদেশি স্বীকৃত ২২টি মেরিটাইম বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে, আরও কয়েকটি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া এ বিশ্ববিদ্যালয়ে দেশি বিদেশি বিশেষজ্ঞগণ ক্লাস নিচ্ছেন, প্রশিক্ষণ দিচ্ছেন। এতে করে শিক্ষার গুণগত মান বৃদ্ধি পাচ্ছে। অত্র বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রায় ২০০ শিক্ষার্থী অধীত জ্ঞানকে কর্মক্ষেত্রে প্রয়োগ করে সফলতার পরিচয় দিচ্ছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম জেলার বন্দর থানাধীন কালুরঘাট এলাকার চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া মৌজায় সরকার কর্তৃক বরাদ্ধকৃত একশত ছয় একর জমিতে প্রতিষ্ঠিত হবে। স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরের পর বিশ্ববিদ্যালয়টি মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষা ও গবেষণার একটি সমৃদ্ধ পীঠস্থান হবে বলে আমি আশা করি।

বিশ্ববিদ্যালয় নবম বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। আমি এর সাথে জড়িত উপদেষ্টা পরিষদ, সম্পাদনা পরিষদ এবং বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠানকে তথ্য-উপাত্ত প্রদান করে সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সফলতা ও মঙ্গল কামনা করছি।

মহান আল্লাহ আমাদের উপর সহায় হউন।
জয় বাংলা। বাংলাদেশ চিরজীবী হোক।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি চিরজীবী হোক।

**রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা**, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি
ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



# রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## সম্পাদকীয়

বাংলাদেশের মেরিটাইম ভিশনের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে 'টেরিটোরিয়াল ওয়াটারস অ্যান্ড মেরিটাইম জোনস অ্যাক্ট' প্রবর্তনের মাধ্যমে ভবিষ্যৎ মেরিটাইম বাংলাদেশের ভিত রচনা করে গেছেন। তাঁর সেই স্বপ্নকে বাস্তবে রূপদানের লক্ষ্যে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৩ সালে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)" প্রতিষ্ঠা করে। দেশের মেরিটাইম উচ্চশিক্ষাকে সময়োপযোগী ও বাস্তবতার নিরিখে উন্নত করার নতুন ক্ষেত্র অনুসন্ধান এবং সমুদ্রশিক্ষায় শিক্ষিত, দক্ষ ও অভিজ্ঞ পেশাদার জনবল তৈরি এবং এসকল বিষয়ে সুদূরপ্রসারী পরিকল্পনা ও কৌশল গ্রহণ বিশ্ববিদ্যালয়ের অন্যতম লক্ষ্য। পরিবর্তিত সময়ের সাথে তাল মিলিয়ে বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ এশিয়াসহ সর্বোপরি বিশ্বব্যাপী মেরিটাইম সংশ্লিষ্ট একটি অনন্য আন্তর্জাতিক মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে বলে আমি আশাবাদী।

ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসে আমরা এখনও সীমিত পরিসরে একাডেমিক ও প্রশাসনিক কার্য সম্পাদন করছি। বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১০টি বিভাগে স্নাতকোত্তর ও ৫টি বিভাগে স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু রয়েছে। শিক্ষার্থীদের সর্বোচ্চ মানের শিক্ষা প্রদানের নিমিত্তে দেশের মেরিটাইম সংশ্লিষ্ট বিশেষজ্ঞ শিক্ষকদের অভাব রয়েছে বিধায় আমরা অন্যান্য বিশ্ববিদ্যালয় এমনকি বহির্বিশ্বের বিভিন্ন মেরিটাইম বিশেষজ্ঞ শিক্ষক দ্বারাও বিভিন্ন কোর্স পরিচালনা করছি। দেশের বাইরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষক-শিক্ষার্থী বিনিময় ও গবেষণা সহায়তা সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। স্থায়ী ক্যাম্পাসে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হলে আমাদের কার্যক্রম আরো বেগবান ও ব্যাপ্তি বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস। মেরিটাইম ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সঙ্গে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে।

বার্ষিক প্রতিবেদনে একটি প্রতিষ্ঠানের বাৎসরিক কার্যক্রমের সার্বিক চিত্র প্রতিফলিত হয়। বিএসএমআরএমইউ'র ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। বিশ্ববিদ্যালয়ের চলমান সকল অনুষদ, বিভাগ, দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের একাডেমিক, প্রশাসনিক এবং গবেষণা সংক্রান্ত কার্যক্রম, সামগ্রিক অর্জন, উদ্ভাবন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত তথ্যাদি প্রতিবেদনটিতে সুশৃঙ্খলভাবে সন্নিবেশিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অনুসরণের মাধ্যমে আগামী দিনগুলোতে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে বলে আমি আশাবাদী।

প্রতিবেদনটি প্রনয়নে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় ও উপদেষ্টা পরিষদের সম্মানিত সকল সদস্যকে তাদের পৃষ্ঠপোষকতা, পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের জন্য, সম্পাদনা পরিষদের সকল সদস্যকে তাদের কার্যক্রমের জন্য এবং সংশ্লিষ্ট সকলকে তথ্য-উপাত্ত দিয়ে প্রতিবেদনটি তৈরি করতে সহায়তা করার জন্য জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমি বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সফলতা ও মঙ্গল কামনা করছি।
জয় বাংলা।

**কমডোর শেখ ফিরোজ আহমেদ**, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন

রেজিস্ট্রার

সভাপতি, সম্পাদনা পরিষদ

৯ম বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, বিএসএমআরএমইউ

# বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরগণ ও সময়কাল



**রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন,** বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)
**০২ ফেব্রুয়ারি ২০১৪ - ০১ ফেব্রুয়ারি ২০১৮**



**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল,** এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)
**০১ ফেব্রুয়ারি ২০১৮ - ৩০ জানুয়ারি ২০২৩**



**রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা**, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি
**৩১ জানুয়ারি ২০২৩ - বর্তমান**

# সূচিপত্র

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ ........ ৯

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি........ ১৫

অনুষদ ও বিভাগসমূহ........ ১৭

অনুষদ সমূহের কার্যক্রম........ ১৯

মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ ........ ১৯

শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ........ ২৩

আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ........ ২৭

ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ ........ ৩৩

মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ........ ৩৬

জেনারেল স্টাডিজ অনুষদ........ ৪০

ভাইস-চ্যান্সেলরের সচিবালয় ........ ৪১

ট্রেজারার দপ্তর........ ৪৬

রেজিস্ট্রার দপ্তর........ ৪৮

পোস্ট গ্রাজুয়েট রিসার্চ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি ট্রান্সফার সেন্টার ........ ৬৮

পাবলিক রিলেশন অ্যান্ড ইনফরমেশন দপ্তর........ ৭০

বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সেমিনার ........ ৭১

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর........ ৭৪

পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট)........ ৭৭

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল........ ৮০

ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ (আইএনটিসিই) ........ ৮৫

বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ ........ ৮৭

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর........ ৮৮

প্রকৌশল শাখা........ ৮৯

আইসিটি সেন্টার........ ৯০

মেডিকেল সেন্টার........ ৯২

স্টুডেন্ট কাউন্সিলিং অ্যান্ড গাইডেন্স বিভাগ ........ ৯৪

শারীরিক শিক্ষা কেন্দ্র ....................................................................................................................................৯৫

প্রক্টর দপ্তর ..................................................................................................................................................৯৬

বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী হল ...........................................................................................................................৯৬

ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ...................................................................................৯৭

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্প ......................................................................................................১০০

স্টার্টআপ ব্লু (Startup BLUE) ইনকিউবেটর .......................................................................................................১০২

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব.............................................................................................................................১০৫

বিভিন্ন অধিভুক্ত প্রতিষ্ঠান.................................................................................................................................১১৩

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম....................................................................................................... ১১৩

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম.........................................................................................................১১৫

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল .......................................................................................................১১৯

বাংলাদেশ মেরিন একাডেম, রংপুর............................................................................................................১২১

বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট......................................................................................................... ১২২

বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা .........................................................................................................১২৩

ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি,গাজীপুর.............................................................................................১২৪

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ হলো সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি, অনুষদ, পাঠ্যক্রম কমিটি, বাছাই বোর্ড, শৃঙ্খলা কমিটি, বোর্ড অব এডভান্সড স্টাডিজ অ্যান্ড রিসার্চ এবং সংবিধি মোতাবেক গঠিত অন্যান্য কর্তৃপক্ষ।

## সিনেট

বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসেবে নীতিমালা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতার অধিকারী সিনেট। বিশ্ববিদ্যালয়ের সিনেট সিন্ডিকেট কর্তৃক প্রস্তাবিত সংবিধি অনুমোদন, সংশোধন ও বাতিলকরণ, সিন্ডিকেট কর্তৃক পেশকৃত প্রস্তাব, বার্ষিক হিসাব ও বার্ষিক সম্ভাব্য ব্যয়ের প্রস্তাব বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ এবং আইন বা সংবিধি দ্বারা অর্পিত অন্যান্য ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করে থাকে। বিশ্ববিদ্যালয়ে বৎসরে অন্যূন ০১ (এক) বার সিনেটের বার্ষিক সভা অনুষ্ঠিত হয়, তবে সিনেট চেয়ারম্যান শিক্ষাবর্ষের যেকোন সময় সিনেটের বিশেষ সভা আহ্বান করতে পারেন।

বিশ্ববিদ্যালয়ের সিনেট-এর বর্তমান সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| নাম ও পদবি | |
|---|---|
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | চেয়ারম্যান |
| রিয়ার এডমিরাল মোঃ খুরশেদ আলম, এনডিসি, পিএসসি (অবঃ)<br>সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| রিয়ার এডমিরাল মোঃ মোজাম্মেল হক, ওএসপি, এনইউপি, এনডিসি, পিএসসি<br>সহকারী নৌবাহিনী প্রধান (পার্সোনেল), বাংলাদেশ নৌবাহিনী | সদস্য |
| রিয়ার এডমিরাল আশরাফুল হক চৌধুরী, এনবিপি, বিসিজিএম, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি<br>মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | সদস্য |
| প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর<br>সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব মুঃ ফজলুর রহমান<br>অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ আব্দুল কাইয়ুম<br>অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ জাকিরুল ইসলাম, (ই), এনডিসি, পিএসসি, বিএন<br>ডিন, এফজিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন<br>ডিন, এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোহাম্মদ মাকসুদ আলম, (ই), বিএসপি, এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, বিএন,<br>মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ মামুনূর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ডিন, এফএমজিপি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ জিয়াউল হক, (ট্যাজ), ওএসপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি (অবঃ), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন শাহ্ মোহাম্মদ মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ হযরত আলী | সদস্য |

| | |
|---|---|
| পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | |
| জনাব মোঃ আবু আব্দুল্লাহ<br>যুগ্ম-সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মুন্সী মোঃ মনিরুজ্জামান<br>যুগ্মসচিব (চবক ও বাস্তবক), নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| ক্যাপ্টেন আহমেদ রুহুল্লাহ, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| ইঞ্জিনিয়ার মাহমুদুল নবী<br>চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন এর বাংলাদেশ শাখা | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## সিন্ডিকেট

বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী সিন্ডিকেট বিশ্ববিদ্যালয়ের নির্বাহী সংস্থা। বিশ্ববিদ্যালয়ের কার্যাবলী, সংস্থাসমূহ এবং সম্পত্তির উপর সাধারণ ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধানের ক্ষমতা, বাজেট ও বার্ষিক ব্যয় অনুমোদন, আইন, সংবিধি, বিশ্ববিদ্যালয়ের বিধি ও প্রবিধি প্রণয়ন ও তা যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তার প্রতি লক্ষ্য রাখাসহ সার্বিক প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনার অনুমোদন ও দিকনির্দেশনা প্রদান করে থাকে সিন্ডিকেট। প্রতি ০৩ (তিন) মাসে সিন্ডিকেটের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হয় তবে সিন্ডিকেট এর সভাপতি ও ভাইস-চ্যান্সেলর মহোদয় যখনই উপযুক্ত মনে করবেন তখনই সিন্ডিকেটের বিশেষ সভা আহবান করতে পারেন।

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর বর্তমান সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| নাম ও পদবি | |
|---|---|
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর<br>সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব দেলোয়ারা বেগম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ আব্দুল কাইয়ুম<br>অতিরিক্ত সচিব (মৎস্য অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, এফএসএ, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ জিয়াউল হক, (ট্যাজ), ওএসপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর মোহাম্মদ জয়নাল আবেদীন, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, পার্সোনেল শাখা, নৌ-বাহিনী সদর দপ্তর | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অব:)<br>অধ্যাপক, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোহাম্মদ খায়রুল ইসলাম<br>কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. মীর তারেক আলী<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |

| | |
|---|---|
| প্রফেসর ড. গৌতম কুমার সাহা<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| জনাব নাঈমা বেগম<br>যুগ্মসচিব (অনুবিভাগ-২), প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব ড. মোহাম্মদ মহিউদ্দীন<br>যুগ্ম সচিব (ড্রাফটিং)<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী<br>যুগ্মসচিব (অপারেশন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| জনাব আজম জে চৌধুরী<br>সভাপতি, বাংলাদেশ ওশ্যান-গোয়িং শিপওনার্স অ্যাসোসিয়েশন | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| কমান্ডার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, (এনডি), পিএসসি, বিএন<br>জোনাল কমান্ডার, ঢাকা জোন, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | সদস্য |
| ক্যাপ্টেন আহমেদ রুহুল্লাহ, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| ইঞ্জিনিয়ার মাহমুদুন নবী<br>চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## একাডেমিক কাউন্সিল

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিষয়ক প্রধান সংস্থা। বিশ্ববিদ্যালয় আইন, সংবিধি ও বিধির বিধান সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ, একাডেমিক বর্ষসূচী ও তদ্‌সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন, শিক্ষা প্রশিক্ষণ ও পরীক্ষার মান নির্ধারণ ও সংরক্ষণ, শিক্ষাক্রম (Curriculum) ও পাঠ্যক্রম (Syllabus) এবং শিক্ষাদান, গবেষণা প্রভৃতির জন্য প্রবিধান প্রণয়ন এবং এ সকল বিষয়ের উপর একাডেমিক কাউন্সিলের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান ক্ষমতা রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর বর্তমান সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| নাম ও পদবি | |
|---|---|
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রিশন, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ জাকিরুল ইসলাম, (ই), এনডিসি, পিএসসি, বিএন<br>ডিন, এফজিএস ও পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন<br>ডিন, এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ মামুনূর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ডিন, এফএমজিপি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, (অব:) বিএন<br>ডিন,  ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ)<br>পরিচালক, আইবিবিবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন শাহ্ মোহাম্মদ মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. আফতাব আলম খান<br>বিভাগীয় প্রধান, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ সাদিকুল বারী<br>বিভাগীয় প্রধান, অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. রাশেদ-উন-নবী<br>ফিশারিজ বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. মোঃ মইনুল ইসলাম<br>পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ক্যাপ্টেন কাজী আলী ইমাম<br>বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএম্বইউ | সদস্য |
| প্রফেসর ড, এম ফয়েজ উদ্দিন<br>বিভাগীয় প্রধান, মেরিটাইম ল অ্যান্ড পলিসি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মরিয়ম বেগম<br>বিভাগীয় প্রধান, ইংরেজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মুহাম্মদ নাজির হোসেন<br>বিভাগীয় প্রধান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, (অবঃ), বিএন<br>পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| ক্যাপ্টেন মোঃ শফিকুল ইসলাম সরকার, (জি), পিএসসি, বিএন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর | সদস্য |
| ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| ক্যাপ্টেন মোঃ তৌফিকুল ইসলাম<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা | সদস্য |
| ক্যাপ্টেন ইবনে কায়সার তৈমুর<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট | সদস্য |
| ক্যাপ্টেন জাকি আহাদ<br>কমান্ড্যান্ট, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর | সদস্য |
| কমান্ডার মোহাম্মদ আবুল হাসান, (এইচ-১), পিএসসি, বিএন<br>বিভাগীয় প্রধান, মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার সাইফুল আহমাদ, (ই), পিসিজিএমএস, বিএন<br>সহযোগী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ ও প্রক্টর, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার এম নাজমুল হক মল্লিক, (জি), বিএন (অবঃ)<br>গ্রন্থাগারিক, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মোহাম্মদ তানজিল হাসান<br>সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মারিয়া জামান<br>সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান,<br>মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকয়াকালচার বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মোঃ আবুল হোসেন<br>সহকারী অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| সুনন্দা মজুমদার<br>সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন | সদস্য-সচিব |

| | |
|---|---|
| রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | |

## অর্থ কমিটি

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি বিশ্ববিদ্যালয়ের সকল আয়-ব্যয়ের তত্ত্বাবধান করে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বাজেট, অর্থ ও তহবিল, সম্পদ ও হিসাব নিকাশ সংক্রান্ত যাবতীয় বিষয়ে সিন্ডিকেটকে পরামর্শ প্রদান করে থাকে ।

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির বর্তমান সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি<br>উপাচার্য, বিএসএমআরএমইউ | সভাপতি |
| জনাব দেলোয়ারা বেগম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন (এফএসএ), বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া<br>পরিচালক, জেনারেল সার্ভিসেস, এস্টেট অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইউজিসি | সদস্য |
| কর্নেল মোঃ শাহিন কাদির, এসইউপি, পিএসসি<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব ড. মারিয়া জামান<br>সহকারী অধ্যাপক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব এমরানুল হক<br>প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন সাঈদ মাহমুদ হাসান, (এস), এনইউপি, পিএসসি, বিএন<br>পরিচালক, অর্থ ও হিসাব, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি বিশ্ববিদ্যালয়ের প্রধান পরিকল্পনা সংস্থা। বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন কর্মসূচী মূল্যায়ন করে থাকে।

বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি এর বর্তমান সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, এফএসএ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব নাঈমা বেগম<br>যুগ্মসচিব (অনুবিভাগ-২), প্রতিরক্ষা মন্ত্রণালয়<br>গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ | সদস্য |
| জনাব মোঃ জসিম উদ্দিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা), পরিকল্পনা ইউনিট<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br>এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ | সদস্য |

| | |
|---|---|
| জনাব মোহাম্মদ ফেরদৌস হাসান খান<br>তত্ত্বাবধায়ক স্থপতি, স্থাপত্য অধিদপ্তর<br>স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| কর্নেল মোঃ শাহিন কাদির, এসইউপি, পিএসসি<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার মোঃ আবু সাঈদ, (সি), পিসিজিএমএস, বিএন<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৩ সালে এই বিশ্ববিদ্যালয়ের গোড়াপত্তন করেন। এরই ধারাবাহিকতায় মহান জাতীয় সংসদ কর্তৃক 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ' স্থাপনের লক্ষ্যে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে। ২৭ অক্টোবর ২০১৩ আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে। প্রাথমিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশ নৌবাহিনীর সহায়তায় ০২ ফেব্রুয়ারি ২০১৪ বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকায় অস্থায়ী অফিস স্থাপন করে। পরবর্তীকালে ০১ মার্চ ২০১৪ ঢাকাস্থ মিরপুর ডিওএইচএস-এ লিয়াজোঁ অফিস এবং তৎপরবর্তীকালে ০১ আগস্ট ২০১৫ শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস ১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ তে স্থাপন করা হয়। এতদব্যতীত, মিরপুর সাড়ে এগারোতে পদ্মা ভবনে অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ করা হয় এবং মিরপুর ডিওএইচএস এ ৩টি ভাড়াকৃত ভবনে ২টি ছাত্র হল ও ০১টি ছাত্রী হল স্থাপিত হয়েছে। সরকারি সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম জেলার বন্দর ও চাদগাঁও থানার হামিদচর কালুরঘাট এলাকায় চর রাঙামাটিয়া ও বাকলিয়া মৌজায় ১০৬.৬৬ একর জমিতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থাপন প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং উদ্দেশ্য (Goals)

### রূপকল্প (Vision)

মেরিটাইম বিষয়ক আন্তর্জাতিক মানের আধুনিক জ্ঞান চর্চা, কর্মদক্ষ অনুষদ এবং উচ্চতর শিক্ষা ও গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে মেরিটাইম বিষয়ক Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠিত করা।

### অভিলক্ষ্য (Mission)

গুণগত মানসম্মত মেরিটাইম বিষয়ক দক্ষ জনশক্তি তৈরি, বিশ্বমানের মেরিটাইম বিষয়ক উচ্চতর শিক্ষা ও গবেষণা নিশ্চিত করা, আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে মেরিটাইম বিষয়ে জাতীয় অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখা।

### উদ্দেশ্য (Goals)

- মেরিটাইম সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠান সমূহের সঙ্গে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের টেকসই উন্নয়ন অর্জন।
- জাতীয় চাহিদা ও প্রয়োজন অনুযায়ী শিক্ষাগত সেবা ও সুযোগ-সুবিধার অবিরত উন্নতি সাধন।
- দেশের মেরিটাইম শাখার অগ্রগতির জন্য জ্ঞান বিতরণ, গবেষণা এবং উন্নয়নমূলক কাজে সব ধরনের মেরিটাইম পেশাজীবীদের একটি সার্বজনীন ক্ষেত্র বা এক প্লাটফর্মে নিয়ে আসা।
- মেরিটাইম সেক্টরে আসন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে নতুন মাত্রা সংযোজন করতে গবেষণা পরিচালনা ও সচেতনতা বৃদ্ধি করা।
- শিক্ষা-সংক্রান্ত কার্যক্রম, প্রজেক্ট ডিজাইনের উন্নয়ন এবং একাডেমিক মানদণ্ডের সম্প্রসারণ ও উন্নতি সাধনের লক্ষ্যে প্রাক্তন শিক্ষার্থী ও পেশাজীবীদের অংশগ্রহণ দ্রুততরকরণ।
- শিক্ষার্থীদের মেরিটাইম সায়েন্স ও টেকনোলজি সম্পর্কে জ্ঞান দান এবং মেরিটাইম প্রফেশনে অবদান বৃদ্ধি করতে গবেষণায় সহায়তা করা।
- দেশের মেরিটাইম সার্ভিস এবং ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের টেকসই উন্নয়নের জন্য বিভিন্ন মেরিটাইম এডুকেশনাল প্রোগ্রাম এবং গবেষণা কর্ম পরিচালনা করা।
- মেরিটাইম ব্যবস্থাপনা, আইন, নিরাপত্তা, কৌশলের বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের শিক্ষাদান এবং স্ব-স্ব ক্ষেত্রে গবেষণা পরিচালনা।
- শিক্ষার্থীরা যেন জাতিকে সেবা দিতে নিজেকে মেরিটাইম সেক্টরে ভবিষ্যত পরিকল্পনাকারী, নীতি নির্ধারক, অধিনায়ক হিসেবে প্রস্তুত করতে পারে এবং মেরিটাইম সেক্টরে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থায় বিশেষত আন্তর্জাতিক মেরিটাইম সংস্থায় সমন্বয়ক হতে পারে সেজন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা।

# বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মস্পাদন চুক্তি (APA) ২০২২-২০২৩ সার সংক্ষেপ

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' বা APA প্রবর্তন করে। এরই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয় নিয়মিত ভাবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' সম্পাদন করে আসছে।

বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২২-২০২৩ এ কর্মসম্পাদন সূচকের মূল্যায়নের জন্য নিম্নলিখিত কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য রয়েছে:

**কৌশলগত উদ্দেশ্য**

- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা ব্যবস্থাপনায় গুণগত মান নিশ্চিতকরণ।
- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা গবেষণাকে বিশ্বমানে উন্নীতকরণ।
- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষার অধিকতর সম্প্রসারণ।

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য**

- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**সাফল্য ও অর্জন**

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চ শিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চার সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিশেষায়িত এ বিশ্ববিদ্যালয়ে ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসে ১০ টি বিভাগে স্নাতকোত্তর ও ৫টি বিভাগে স্নাতক (সম্মান) কোর্স চালু করা হয়েছে। অস্থায়ী ২টি ছাত্র হলে ১৪৫ জন এবং ১টি ছাত্রী হলে ৬৭ জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ০৭টি একাডেমির শিক্ষা কার্যক্রম ৩ বছর মেয়াদী স্নাতক (পাশ) কোর্স হতে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্স এ উন্নীতকরণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণ কাজের অংশ হিসেবে ভূমি উন্নয়ন কার্যক্রম সম্পন্নকরণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য ১০টি ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষক ও কর্মকর্তা, কর্মচারীদের জন্য ভবিষ্যৎ তহবিল, কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা ব্যবস্থা চালু করা হয়েছে। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ৩টি ফাউন্ডেশন ট্রেনিং কোর্স অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি ও আর্কাইভ সেন্টার অটোমেশনে করা হয়েছে এবং রিমোর্ট এক্সেস সুবিধা চালু করা হয়েছে। লাইব্রেরিতে "বঙ্গবন্ধু কর্ণার" ও পদ্মা ভবনে "মুক্তিযুদ্ধ কর্ণার" স্থাপন করা হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ে ডি-নথি ব্যবস্থা চালু করা হয়েছে। UN Decade of Ocean Science (2021-2030) সম্পর্কে দেশে প্রথম সেমিনার আয়োজনের মাধ্যমে জনসচেতনতা তৈরী করা হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রক্রিয়াধীন রয়েছে। বিগত ২৪ জুন ২০২৩ তারিখ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আয়োজনে হোটেল রিজেন্সি, ঢাকা অনুষ্ঠিত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

# অনুষদ ও বিভাগসমূহ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী অনুষদ এবং অধীনস্ত বিভাগসমূহ নিম্নরূপ:

- **মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ**
  - মেরিটাইম ল’ অ্যান্ড পলিসি বিভাগ
  - মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ
  - মেরিটাইম সেফ্‌টি অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ

- **শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ**
  - নটিক্যাল সায়েন্স বিভাগ
  - পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ
  - ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিসটিকস্‌ ম্যানেজমেন্ট বিভাগ

- **আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ**
  - ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ
  - মাইনিং বিভাগ
  - মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ
  - মেরিন বায়োলজি বিভাগ
  - জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ
  - এনভায়রনমেন্টাল স্টাডিজ বিভাগ

- **ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ**
  - ওশান ইঞ্জিনিয়ারিং বিভাগ
  - নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ
  - মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ
  - হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ
  - ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ
  - টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ
  - কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাকাট্রনিক্স বিভাগ

- **মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ**
  - ম্যানেজমেন্ট বিভাগ
  - একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ
  - ফিন্যান্স বিভাগ
  - ইকোনমিকস বিভাগ
  - মার্কেটিং বিভাগ
  - মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ

- **জেনারেল স্টাডিস অনুষদ**
  - ইংরেজি বিভাগ
  - গণিত বিভাগ
  - পদার্থ বিজ্ঞান বিভাগ
  - রসায়ন বিভাগ
  - বায়োকেমিস্ট্রি বিভাগ

- সোশাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপলজি বিভাগ
- ম্যাটেরিয়াল সায়েন্স বিভাগ
- ইন্টারন্যাশনাল রিলেশনস বিভাগ
- ইতিহাস বিভাগ
- ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগ

▪ **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেটিক্স অনুষদ**
- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি বিভাগ
- সফটওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং বিভাগ
- ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি বিভাগ

▪ **ইনস্টিটিউট সমূহ**
- ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ
- ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
- ইনস্টিটিউট অব রিনিউয়েবল এনার্জি অ্যান্ড মেরিন রিসোর্সেস
- ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

# অনুষদ সমূহের কার্যক্রম

## মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এ প্রথম একাডেমিক প্রোগ্রাম হিসেবে ২০১৫ সালে মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের যাত্রা শুরু হয়। মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের অন্তর্ভূক্ত নিম্নবর্ণিত ০৩ বিভাগ রয়েছে:

- মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ
- মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস বিভাগ
- মেরিটাইম সেফটি অ্যান্ড সিকিউরিটি বিভাগ

এই অনুষদ প্রাথমিক ভাবে মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের অন্তর্ভুক্ত এলএলএম ইন মেরিটাইম ল' প্রোগ্রাম শুরু করলেও বর্তমানে এই অনুষদে ০৩ টি বিভাগের মধ্যে ০২টি বিভাগ চলমান রয়েছে। মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের অধীনে ০১টি স্নাতকোত্তর প্রোগ্রাম এলএলএম ইন মেরিটাইম ল' এবং ০১ টি স্নাতক (সম্মান) প্রোগ্রাম এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' চলমান রয়েছে। এছাড়াও মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস বিভাগের অধীনে ০১ টি স্নাতকোত্তর প্রোগ্রাম মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস চলমান রয়েছে। চলমান প্রোগ্রামসমূহের পাশাপাশি এই অনুষদ বিভিন্ন ধরনের সার্টিফিকেট কোর্সও পরিচালনা করে থাকে যার তালিকা নিম্নরুপ:

- Law of Marine Insurance & Maritime Claims
- Humanitarian Law
- Dangerous Goods Handling & Transportation

**অনুষদের ডিন:** কমডোর এম মামুনুর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন

**কর্মকর্তা:** মাহমুদা মালেক, সহকারী রেজিস্ট্রার

**কর্মচারীর সংখ্যা:** ০৩ (তিন) জন।

## মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ

এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের অধীনে মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের যাত্রা শুরু হয়। বিভাগটি সর্বদা শিক্ষাদানের এবং শেখার জন্য একটি চমৎকার পরিবেশ সরবরাহ করতে প্রতিশ্রতি বদ্ধ। বৈশ্বিক মানের পাঠ্যক্রম অনুসরণ করে যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের দ্বারা পাঠদান কার্যক্রম পরিচালনা করা হয়। বর্তমানে বিভাগের অধীনে এলএলএম ইন মেরিটাইম ল' একটি বিশেষায়িত স্নাতকোত্তর প্রোগ্রাম এবং এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' একটি বিশেষায়িত স্নাতক প্রোগ্রাম পরিচালিত হচ্ছে। এছাড়াও মেরিটাইম ক্ষেত্রে বিভিন্ন সমসাময়িক শাখায় সার্টিফিকেট কোর্স পরিচালনা করছে।

**বিভাগের চেয়ারম্যান:** অধ্যাপক ড. মোঃ ফয়েজ উদ্দিন

**শিক্ষকমন্ডলী (কর্মরত):**

- লেঃ কমান্ডার শবনম পারভীন স্বপ্না, (ইডিএন), পিএসসি, বিএন, সহকারী অধ্যাপক
- ড. মোঃ মঞ্জুর হাসান, সহকারী অধ্যাপক
- জেনিফার নেছা পপি, প্রভাষক
- আবু জাফর তৌফিক আহমেদ আহাদ, প্রভাষক
- তানভীর আহমেদ, প্রভাষক
- মোঃ ইকরা, প্রভাষক
- সাইয়্যিদ জাকারিয়া বকস ইমরান, প্রভাষক

**শিক্ষকমন্ডলী (শিক্ষা ছুটিতে বিদেশে অবস্থানরত):**

- জনাব মানছুরা আক্তার, সহকারী অধ্যাপক
- জনাব মোঃ ছাইয়েদুল ইসলাম, সহকারী অধ্যাপক

**শিক্ষার্থীদের পরিসংখ্যান**

| বিভাগ | প্রোগাম | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|
| মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ | এলএলএম মেরিটাইম ল'- ৬ষ্ঠ ব্যাচ | ১২ | ০৮ | ০৪ |
| | এলএলএম মেরিটাইম ল'- ৭ম ব্যাচ | ১১ | ০৭ | ০৪ |
| | এলএলএম মেরিটাইম ল'- ৮ম ব্যাচ | ০৭ | ০০ | ০৭ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ১ম ব্যাচ | ৩৬ | ২০ | ১৬ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ২য় ব্যাচ | ৩৬ | ২৬ | ১০ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ৩য় ব্যাচ | ৪০ | ২৩ | ১৭ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ৪র্থ ব্যাচ | ৩৯ | ২৪ | ১৫ |

## মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস বিভাগ

মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস বিভাগ মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের অধীনে যাত্রা শুরু করেছে। বিভাগটি সর্বদা শিক্ষাদানের এবং শেখার জন্য একটি চমৎকার পরিবেশ সরবরাহ করতে প্রতিশ্রুতি বদ্ধ। বৈশ্বিক মানের পাঠ্যক্রম অনুসরণ করে যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের দ্বারা পাঠদান কার্যক্রম পরিচালনা করা হয়। বর্তমানে বিভাগের অধীনে মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস শীর্ষক একটি স্নাতকোত্তর প্রোগ্রাম চলমান রয়েছে। এ বিভাগের শিক্ষার্থীরা বিভিন্ন বাণিজ্যিক শিপিং কোম্পানী, জাতীয় ও আন্তর্জাতিক মেরিটাইম প্রতিষ্ঠান, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসাবে ক্যারিয়ার গড়ে তোলার অনন্য সুযোগ পাবেন।

**বিভাগের চেয়ারম্যান:** কমান্ডার মোহাম্মদ আবুল হাসান, (এইচ-১), পিএসসি, বিএন

**শিক্ষকমন্ডলী (কর্মরত):** রুবায়েত সাইমুম, প্রভাষক

**শিক্ষার্থীদের পরিসংখ্যান**

| বিভাগ | প্রোগাম | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|
| মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস বিভাগ | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস - ২য় ব্যাচ | ০৩ | ০৩ | ০০ |
| | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিস - ৩য় ব্যাচ | ০১ | ০১ | ০০ |

## অনুষদের উল্লেখযোগ্য কার্যক্রম

### "Anti-Money Laundering and Legal Framework in Bangladesh" শীর্ষক Lecture Session আয়োজন

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভন্যার্ন্স অ্যান্ড পলিসি এর অন্তর্ভুক্ত এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ১ম এবং ২য় ব্যাচের শিক্ষার্থীদের জন্য ১৫ জুন ২০২৩ তারিখে "Anti-Money Laundering and Legal Framework in Bangladesh" শীর্ষক Lecture Session আয়োজন করা হয় । উক্ত Lecture Session-এ গেষ্ট স্পীকার হিসেবে মোঃ মাহবুবুল আলম বিপিঃ ৮০০৮১২১৬২৭, পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিয়ন, ফরিদপুর প্রবন্ধ উপস্থাপন করেন।



*"Anti-Money Laundering and Legal Framework in Bangladesh" শীর্ষক প্রশিক্ষণে উপস্থিত প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী"*

## "Maritime Regulation & Enforcement'' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী -এর আয়োজন

এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ১ম এবং ২য় ব্যাচের শিক্ষার্থীদের জন্য ০৮ মে ২০২৩ হতে ১১ মে ২০২৩ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিন ব্যাপি "Maritime Regulation & Enforcement'' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়। অস্ট্রেলিয়ার 'University of Wollongong' হতে আগত Professor Stuart Kaye, Director Ancorse উক্ত প্রশিক্ষণ কর্মসূচীর রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে মেরিটাইম ল' অ্যান্ডপলিসি বিভাগের এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ১ম এবং ২য় ব্যাচের সকল শিক্ষার্থী, অনুষদের সকল শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে মাননীয় উপাচার্য মহোদয়, ট্রেজারার, রেজিস্ট্রার, সকল অনুষদের ডিন সহ অন্যান্য নির্বাচিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*"Maritime Regulation & Enforcement" শীর্ষক প্রশিক্ষণে উপস্থিত উপাচার্য মহোদয়, প্রশিক্ষক ও শিক্ষকবৃন্দ*

## মুট কোর্ট আয়োজন - ২০২২

বিশ্ববিদ্যালয়ের চলমান এলএলএম ইন মেরিটাইম ল' প্রোগ্রামের পাঠ্যক্রমের অংশ হিসেবে ২২ অক্টোবর ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামের শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে DEV-508: Law Clinic & Moot Court -2 কোর্সের অধীনে "মুট কোর্ট" পরিচালনা করা হয়। বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডমিরাল্টি বেঞ্চের মাননীয় বিচারপতি এএফএম আব্দুর রহমান উক্ত মুট কোর্ট পরিচালনা করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়, ডিন মহোদয় সহ সংশ্লিষ্ট রিসোর্স পারসনগণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ, শিক্ষার্থী এবং কর্মকর্তাগণ উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের ভবিষ্যত পেশাগত দক্ষতা উন্নয়নে এই মুট কোর্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে অংশগ্রহণকারীগণ আশাবাদ ব্যক্ত করেন।

## LL.B (Honors) in Maritime Law প্রোগ্রামের ৩য় ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষা সফর

এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ৩য় ব্যাচের শিক্ষার্থী এবং শিক্ষকগণ কারিকুলামের অংশ হিসেবে ১৫ - ১৯ জানুয়ারি ২০২৩ তারিখে যথাক্রমে পায়রা বন্দর, পটুয়াখালী, মোংলা বন্দর, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বিআইডব্লিউটিএ, বরিশাল মেরিন একাডেমি, সুন্দরবনসহ মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে পরিদর্শন করেন। সরেজমিনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীগণ Law of the Sea, Marchant Shipping Ordinace, Ports Acts, Maritime Insurance, Labour Law সম্পর্কে সম্যক ব্যবহারিক জ্ঞান লাভ করে।




*"শিক্ষাসফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ"*

**অভ্যন্তরীন কন্টেইনার টার্মিনাল, পানগাঁও এবং জাজিরা ইঞ্জিনিয়ারিং ওয়াকর্স লিমিটেড, নারায়নগঞ্জ পরিদর্শন**

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর এলএলএম ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ৬ষ্ঠ ও ৭ম ব্যাচ এবং মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্ট্যাডিজ প্রোগ্রামের ৩য় ব্যাচের শিক্ষার্থীগণ কারিকুলামের অংশ হিসেবে ২৬ - ২৭ অক্টোবর ২০২২ তারিখ অভ্যন্তরীন কন্টেইনার টার্মিনাল, পানগাঁও এবং ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়াকর্স লিমিটেড, নারায়নগঞ্জ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীগণ কন্টেইনার টার্মিনাল এবং ইঞ্জিনিয়ারিং ওয়াকর্স লিমিটেড এর যাবতীয় কার্যক্রম সম্পর্কে সম্যক ব্যবহারিক জ্ঞান লাভ করে।



*"ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়াকর্স লিমিটেড, নারায়ণগঞ্জ -এ পরিদর্শনের সময় শিক্ষার্থীদের একাংশ"*

## শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বন্দর ব্যবস্থাপনা, বন্দরের অপারেশনাল কার্যক্রম, মেরিটাইম ট্রান্সপোর্ট অ্যান্ড লজিস্টিকস্, কার্গো অপারেশন এবং ফ্লিট ম্যানেজমেন্ট, পোর্ট ও টার্মিনাল অপারেশন, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, শিপিং ফাইন্যান্স, মেরিটাইম ইকোনমিক্স, মেরিন ইন্স্যুরেন্স, সমুদ্র বিজ্ঞান ইত্যাদি বিষয়ে পঠন-পাঠনের জন্য ২০১৬ সালে 'ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন' এর যাত্রা শুরু হয়। উক্ত অনুষদের অধীনে মোট ৩টি বিভাগের মধ্যে 'পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট' ও 'মেরিটাইম সায়েন্স' নামক দুইটি বিভাগের একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষ হতে পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগের আওতায় 'মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট' শীর্ষক একটি মাস্টার্স প্রোগ্রাম ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষ হতে 'বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্' শীর্ষক একটি অনার্স প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এছাড়া মেরিটাইম সায়েন্স বিভাগের আওতায় 'মাস্টার ইন মেরিটাইম সায়েন্স' শীর্ষক একটি মাস্টার্স প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে।

**অনুষদের ডিন:** কমডোর মোহাম্মদ সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন

**কর্মকর্তার তালিকা:** মাহমুদা বেগম, সেকশন অফিসার, এফএসএ

**কর্মচারীর সংখ্যা: ০৫ (পাঁচ) জন।**

## পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ

পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগের অধীনে বর্তমানে বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ (স্নাতক) প্রোগ্রামের চারটি (১ম, ২য়, ৩য় ও ৪র্থ) ব্যাচ, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট প্রোগ্রামের দুইটি (৭ম ও ৮ম) ব্যাচ এবং মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট (অনলাইন মাস্টার্স প্রোগ্রাম) এর ১ম ব্যাচ এর শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক প্রোগ্রামের ৫ম ব্যাচে ইতোমধ্যে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে। অচিরেই নিয়মিত শিক্ষা কার্যক্রম আরম্ভ হবে বলে আশা করা যাচ্ছে।

**বিভাগের চেয়ারম্যান:** অধ্যাপক ক্যাপ্টেন কাজী আলী ইমাম

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- কমান্ডার সেরনিয়াবাত এহসান মহিউদ্দিন, সহযোগী অধ্যাপক
- হালিমা বেগম, সহযোগী অধ্যাপক
- সুনন্দা মজুমদার, সহকারী অধ্যাপক
- মোঃ মোস্তফা আজিজ শাহীন, প্রভাষক
- সহিদা আক্তার, প্রভাষক

**শিক্ষকমণ্ডলী (শিক্ষা ছুটিতে বিদেশে অবস্থানরত):**

- খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক
- মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, সহকারী অধ্যাপক

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ | ১ম ব্যাচ (২০১৮-১৯) | ৩৪ | ২৪ | ১০ |
| | | ২য় ব্যাচ (২০১৮-১৯) | ২৯ | ১৮ | ১১ |
| | | ৩য় ব্যাচ (২০১৮-১৯) | ৩৭ | ২২ | ১৫ |
| | | ৪র্থ ব্যাচ (২০১৮-১৯) | ৩৮ | ২৯ | ০৯ |
| | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৭ম ব্যাচ (২০২১-২২) | ০৬ | ০৬ | ০০ |
| | | ৮ম ব্যাচ (২০২২-২৩) | ১০ | ১০ | ০০ |
| | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং | ১ম ব্যাচ (২০২২-২৩) | ৪৮ | ৪৭ | ০১ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ম্যানেজমেন্ট (অনলাইন মাস্টার প্রোগ্রাম) | | | | |

## মেরিটাইম সায়েন্স বিভাগ

মেরিটাইম সায়েন্স বিভাগের অধীনে বর্তমানে মাস্টার ইন মেরিটাইম সায়েন্স প্রোগ্রামের একটি (৪র্থ) ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। ৫ম ব্যাচে অচিরেই শিক্ষার্থী ভর্তি কার্যক্রম আরম্ভ হবে বলে আশা করা যাচ্ছে। অত্র বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ মেরিন একাডেমি (চট্টগ্রাম, রংপুর, পাবনা, বরিশাল, সিলেট), মেরিন ফিশারিজ একাডেমি, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর- এর কার্যক্রম মেরিটাইম সায়েন্স বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে।

**বিভাগের চেয়ারম্যান:** কমডোর মোহাম্মদ সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- মোঃ আরিফ মাহমুদ, সহকারী অধ্যাপক
- নাজমুস সাকিব, প্রভাষক

শিক্ষকমণ্ডলী **(শিক্ষা ছুটিতে বিদেশে অবস্থানরত):**

- দেওয়ান মাজহারুল ইসলাম, সহকারী অধ্যাপক

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| মেরিটাইম সায়েন্স | মাস্টার ইন মেরিটাইম সায়েন্স | ৪র্থ ব্যাচ (২০১৮-১৯) | ০৬ | ০৬ | ০০ |

## অনুষদের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

**একাডেমিক কার্যক্রম**

সম্প্রতি ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এর অধীন 'ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিকস্' বিভাগ চালুর উদ্দেশে প্রাথমিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আশা করা যাচ্ছে ২০২৫ সাল হতে উক্ত বিভাগের অধীনে একাডেমিক কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে। এছাড়া ইতোমধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে বাংলাদেশ নেভাল একাডেমিও অধিভুক্তির প্রক্রিয়া চলমান রয়েছে। কারিকুলাম প্রণয়নসহ অন্যান্য কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। আশা করা যাচ্ছে খুব শীঘ্রই শিক্ষা কার্যক্রম আরম্ভ করা সম্ভব হবে।

**সেমিনার/সমঝোতা স্মারক**

১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিএসএমআরএমইউ ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ড্রাস্ট্রিজ, বাংলাদেশ ওশান গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, আকিজ শিপিং লাইনস্, ইস্ট কোস্ট গ্রুপ এর সাথে শিক্ষার্থীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।

**শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম তত্ত্বাবধান**

ডিন ও বিভাগীয় প্রধান কর্তৃক অনুষদের অধীনে পরিচালিত বিভিন্ন প্রোগ্রামসমূহের পাঠদান ও শিক্ষা কার্যক্রম নিয়মিত তদারকি ও তত্ত্বাবধান করা হয়ে থাকে। এছাড়া শিক্ষার্থীদের কাউন্সিলিং ও বিভিন্ন সময়ে মত বিনিময় সভা আয়োজন করা হয়ে থাকে।

**জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/সম্মেলন/কর্মশালায় অংশগ্রহণ**

| | |
|---|---|
| অংশগ্রহণকারী | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও মাস্টার ইন মেরিটাইম সায়েন্স বিভাগের শিক্ষার্থীগণ |
| সেমিনার/সম্মেলন/কর্মশালার শিরোনাম, তারিখ ও স্থান | Multi Stake Holder Co-Creation Session |

| | |
|---|---|
| আয়োজনে | পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ |
| তারিখ ও স্থান | ১৫ সেপ্টেম্বর ২০২২, বিএসএমআরএমইউ অডিটোরিয়াম |

| | |
|---|---|
| অংশগ্রহণকারী | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স বিভাগের শিক্ষার্থীগণ |
| সেমিনার/সম্মেলন/কর্মশালার শিরোনাম, তারিখ ও স্থান | Corruption Challenges in the Maritime Sector of Bangladesh and Way Ahead” |
| আয়োজনে | পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ |
| তারিখ ও স্থান | ১৮ ডিসেম্বর ২০২২, বিএসএমআরএমইউ অডিটোরিয়াম |

| | |
|---|---|
| অংশগ্রহণকারী | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স বিভাগের শিক্ষার্থীগণ |
| সেমিনার/সম্মেলন/কর্মশালার শিরোনাম | Analysis of Marine Accidents Investigation of Bangladesh |
| আয়োজনে সংস্থা | মেরিটাইম সায়েন্স বিভাগ |
| তারিখ ও স্থান | ২৪ আগস্ট ২০২২, বিএসএমআরএমইউ অডিটোরিয়াম |

| | |
|---|---|
| অংশগ্রহণকারী | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স বিভাগের শিক্ষার্থীগণ |
| সেমিনার/সম্মেলন/কর্মশালার শিরোনাম | Designing Pitch Deck & The Art of Pitching |
| আয়োজনে সংস্থা | মেরিটাইম সায়েন্স বিভাগ |
| তারিখ ও স্থান | ২৪ জানুয়ারী ২০২৩, বিএসএমআরএমইউ অডিটোরিয়াম |

**অভ্যন্তরীণ শিক্ষা সফর - অনার্স প্রোগ্রাম**

মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান সম্পর্কে সম্যক ধারণা অর্জনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ প্রোগ্রামের ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯) এর ৩৪ জন শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দের সমন্বয়ে ০৬ থেকে ১০ নভেম্বর ২০২২ তারিখে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফর ক্যাপ্টেন কাজী আলী ইমাম, বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট এর নেতৃত্বে শ্রেণি শিক্ষকবৃন্দের তত্ত্বাবধানে সম্পন্ন হয়। শিক্ষা সফরে সফরকারী দল পতেঙ্গা কনটেইনার টার্মিনাল, সামিট অ্যালায়েন্স পোর্ট লিমিটেড, বাংলাদেশ শিপিং  এজেন্ট'স এসোসিয়েশন, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ মেরিটাইম প্রতিষ্ঠান পরিদর্শন করে।

এছাড়া বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ প্রোগ্রামের ২য় ব্যাচের শিক্ষাথীগণ ১৮ থেকে ২০ জুন ২০২৩ তারিখে পায়রা বন্দর, কুয়াকাটা, পটুয়াখালী এবং ১৩ থেকে ১৬ জুন ৩য় ও ৪র্থ ব্যাচের শিক্ষার্থীগণ শিক্ষা সফরে চট্টগ্রাম, কক্সবাজারস্থ বিভিন্ন মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শন করে।

শিক্ষাসফরে শিক্ষার্থীবৃন্দ দেশের সামগ্রিক অর্থনীতিতে মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সার্বিক অবদান সম্পর্কে জ্ঞান লাভ করে।





*অভ্যন্তরীন শিক্ষা সফর (IST) ২০২২- এ অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

## আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

মিয়ানমার এবং ভারতের সাথে সমুদ্রসীমা নির্ধারণের মাধ্যমে বাংলাদেশ ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার আয়তনের এক বিশাল জলরাশি অর্জন করে। ফলশ্রুতিতে সমুদ্র সম্পদকে কাজে লাগিয়ে দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে  সমুদ্র বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণায় সমৃদ্ধি এবং উৎকর্ষ আনয়নে সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সুনীল অর্থনীতির গুরুত্ব নিশ্চিত করতে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে জানুয়ারি ২০১৭ থেকে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ যাত্রা শুরু করে। উক্ত অনুষদের অধীন ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি  বিভাগে বর্তমানে স্নাতক (সম্মান) পর্যায়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ হতে B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রাম, ২০২১-২২ হতে মাস্টার্স ইন ওশানোগ্রাফি প্রোগ্রাম, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগে ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রাম এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগে ২০১৮-১৯ শিক্ষাবর্ষ হতে Masters in Marine Biotechnology প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এছাড়া ভবিষ্যতে এ অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগসমূহ খোলার পরিকল্পনা রয়েছে।

- মাইনিং বিভাগ
- মেরিন বায়োলজি বিভাগ
- এনভায়রনমেন্টাল স্টাডিজ বিভাগ
- ল্যান্ড এডমিনিস্ট্রেশন, ওয়েট ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগ

**ডিন:** ক্যাপ্টেন এস এম মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন

**কর্মকর্তা:** মাহ্‌দী হাসান, সেকশন অফিসার, ডিন অফিস, এফইওএস।

**কর্মচারী:** ০২ (দুই) জন।

## ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ

২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম আন্ডারগ্রাজুয়েট ভর্তি পরীক্ষা পরিচালনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগে B.Sc (Hons) in Oceanography প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি করা হয়। বিভাগের কার্যক্রম শুরু হওয়ার পর ২০১৬-১৭ হতে ২০২১-২২ শিক্ষাবর্ষ পর্যন্ত মোট ৬টি ব্যাচের শিক্ষার্থীরা নিয়মিতভাবে শিক্ষা গ্রহণ করছে ও ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ, ১ম সেমিস্টারের ভর্তি কার্যক্রম চলমান রয়েছে যাদের ক্লাস আগস্ট ২০২৩ হতে শুরু হবে। ২০১৬-১৭ ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম ও ২য় ব্যাচের শিক্ষার্থীরা ইতোমধ্যে তাদের অনার্স প্রোগ্রাম সম্পন্ন করে M.Sc. in Oceanography প্রোগ্রামে নিয়মিত শিক্ষার্থী হিসেবে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হয়ে শিক্ষা কার্যক্রমে চলমান রেখেছে।

**বিভাগের চেয়ারম্যান:** ক্যাপ্টেন এস এম মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- লেঃ কমান্ডার কামরুল আহ্‌সান, (এইচ ২), বিএন, সহকারী অধ্যাপক।
- ড. এস. এম মোস্তাফিজুর রহমান, সহকারী অধ্যাপক।
- তাসপিয়া হামিদ, প্রভাষক।
- মোঃ আল আমিন, প্রভাষক।
- মহিমা সুলতানা মিমি, প্রভাষক।
- মোহাম্মদ সাইফুর রহমান, প্রভাষক।

**শিক্ষকমন্ডলী (শিক্ষাছুটিতে বিদেশে অবস্থানরত):**

- মোসাঃ ইসরাত জাহান মিলি, সহকারী অধ্যাপক।
- মারুফা ইসহাক, প্রভাষক।
- মোঃ মাসুদ-উল-আলম, প্রভাষক।

**কর্মচারীর সংখ্যা:** ০২ (দুই) জন।

**বিভাগের শিক্ষার্থী পরিসংখ্যান**

| বিভাগের নাম | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি | ৩য়, ২০১৮-১৯ | ৪০ | ১০ | ৩০ |
| | | ৪র্থ, ২০১৯-২০ | ২৯ | ১৫ | ১৪ |
| | | ৫ম, ২০২০-২১ | ৩১ | ২১ | ১০ |
| | | ৬ষ্ঠ, ২০২১-২২ | ৩০ | ২৬ | ০৪ |
| | মাস্টার্স ইন ওশানোগ্রাফি ১ম ব্যাচ | ১ম, ২০২১-২২ | ১৫ | ১২ | ০৩ |
| | | ২য়, ২০২২-২৩ | ১৫ | ০৭ | ০৮ |
| **বিভাগের মোট শিক্ষার্থী** | | | **১৬০** | **৯১** | **৬৯** |

## মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ

২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগে B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি করার মাধ্যমে শিক্ষাকার্যক্রম শুরু হয়েছে। উক্ত বিভাগের কার্যক্রম শুরু হওয়ার পর ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত মোট ৩টি ব্যাচের শিক্ষার্থীরা নিয়মিত ভাবে শিক্ষা গ্রহণ করছে। ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ, ১ম সেমিস্টারের ভর্তির কার্যক্রম চলমান রয়েছে যাদের ক্লাস আগস্ট ২০২৩ হতে শুরু হবে।

**বিভাগের চেয়ারম্যান:** ড. মারিয়া জামান, সহকারী অধ্যাপক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ।

**শিক্ষকমন্ডলী (কর্মরত):**

- জান্নাতুল নাঈমা, প্রভাষক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ।
- তাশরিফ মাহমুদ মিনহাজ, প্রভাষক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ।

**কর্মচারীর সংখ্যা:** ০২ (দুই) জন।

**বিভাগের শিক্ষার্থী পরিসংখ্যানঃ**

| বিভাগের নাম | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| মেরিন ফিশারিজ অ্যান্ড এ্যাকুয়াকালচার বিভাগ | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ | ১ম, ২০১৯-২০ | ৩১ | ২১ | ১০ |
| | | ২য়, ২০২০-২১ | ৩৬ | ২১ | ১৫ |
| | | ৩য়, ২০২১-২২ | ৩৬ | ২০ | ১৬ |
| **বিভাগের মোট শিক্ষার্থী** | | | **১০৩** | **৬২** | **৪১** |

## জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ

জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে Masters in Marine Biotechnology প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে শিক্ষা কার্যক্রম শুরু করা হয়েছে। উক্ত বিভাগের কার্যক্রম শুরু হওয়ার পর ২০১৯-২০ হতে ২০২২-২৩ পর্যন্ত মোট ৫টি ব্যাচের শিক্ষার্থীরা নিয়মিতভাবে শিক্ষা গ্রহণ করছে। ইতোমধ্যে ১ম, ২য় ও ৩য় ব্যাচে ভর্তিকৃত শিক্ষার্থীরা তাদের কোর্স সম্পন্ন করে কর্মজীবন শুরু করেছে এবং স্ব-স্ব ক্ষেত্রে সফলতার স্বাক্ষর রাখছে। উল্লেখ্য যে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষ হতে অত্র বিভাগে স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদন গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

**বিভাগের চেয়ারম্যান:** অধ্যাপক ড. মুহাম্মদ নাজির হোসেন

**শিক্ষকমন্ডলী (কর্মরত):**

- ড. মাহফুজা খাতুন, সহকারী অধ্যাপক

- ড. নাজিয়া রিফাত জামান, সহকারী অধ্যাপক

**শিক্ষকমন্ডলী (শিক্ষাছুটিতে বিদেশে অবস্থানরত):**

- ড. মোঃ মোরশেদুল আলম, সহকারী অধ্যাপক

**কর্মচারীর সংখ্যা: ০৩ (তিন) জন।**

**বিভাগের শিক্ষার্থী পরিসংখ্যানঃ**

| বিভাগের | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ৪র্থ, ২০২১-২২ | ০৮ | ০২ | ০৬ |
| | | ৫ম, ২০২২-২৩ | ০৩ | ০২ | ০১ |
| | | **বিভাগের মোট শিক্ষার্থী** | **১১** | **০৪** | **০৭** |

## অনুষদের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

**ওয়ার্ল্ড ওশান ডে উপলক্ষ্যে সেমিনার আয়োজন**

০৮ জুন ২০২৩ তারিখে প্রতিবছরের ন্যায় এবছরেও ওয়ার্ল্ড ওশান ডে উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কর্তৃক এক সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি ডিপার্টমেন্টের প্রধান প্রফেসর ড. আফতাব আলম খান ও মেরিন ফিশারিজ অ্যান্ড একুয়াকালচার ডিপার্টমেন্টের লেকচারার তাসরিফ মোহাম্মদ মিনহাজ তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে প্রবন্ধ এর উপর উন্মুক্ত আলোচনা করা হয়। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত থেকে সক্রিয় অংশগ্রহন করেন। এবছর ওয়ার্ল্ড ওশান ডে এর প্রতিপাদ্য হচ্ছে প্লানেট ওশান: টাইডস আর চেঞ্জিং।




*সেমিনারে বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা*

**ল্যাব যন্ত্রপাতি ক্রয়**

আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের ল্যাবসমূহ সমৃদ্ধ করার মাধ্যমে ব্যবহারিক শিক্ষা ও গবেষণার কার্যক্রম যুগোপযোগী করণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে ইতোমধ্যে জিওলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব ও মেরিন ফিশারিজ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। ল্যাবগুলোর গবেষণার সুযোগ বৃদ্ধির জন্য ২০২২-২৩ অর্থ বছরে বেশকিছু ল্যাব যন্ত্রপাতি ক্রয়, স্থাপন, সংযোজন করা হয়েছে। তন্মধ্যে উল্লেখ্যযোগ্য আইটেমসমূহ নিম্নরূপঃ

- বাইনোকুলার পোলারাইজিং মাইক্রোস্কোপ।
- ট্রিনোকুলার পোলারাইজিং মাইক্রোস্কোপ

- CTD RBRmaestro³ মাল্টি-চ্যানেল লগার।

**ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের শিক্ষার্থীদের ফিল্ডট্রিপ**

B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (২য় ব্যাচ) ৮ম সেমিস্টারের ৩৬ জন শিক্ষার্থী (২১ জন ছাত্র এবং ১৫ জন ছাত্রী) ২৭-৩০ নভেম্বর ২০২২ পর্যন্ত ০৪ দিনের জন্য মোংলা ও বাগেরহাট গমন করতঃ ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে জ্ঞান লাভ করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা Data Collection and Analysis Lab কোর্স এ Operation of CTD and Niskin water sampler, operation of Echosounder, Grab sampler for sediment collection, phytoplankton net and zooplankton net deploy and sample collection, multi-parameter for physicochemical parameters data collection বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ, স্যাম্পল সংগ্রহ, কোস্টাল বায়োডাইভারসিটি পর্যবেক্ষণ ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।




শিক্ষাসফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

BSc (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (৩য় ব্যাচ) ৬ষ্ঠ সেমিস্টারের ৪০ জন শিক্ষার্থী (২৯ জন ছাত্র এবং ১১ জন ছাত্রী) ০৮-১২ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ০৫ দিনের জন্য ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার ও সেন্টমার্টিন গমন করেন। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা জিওমরফোলজিক্যাল গঠন, গবেষণায় নমুনা সংগ্রহ, কোরাল রিফ জীববৈচিত্র্য পর্যবেক্ষণ, ছেড়া দ্বীপ বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ ও গবেষণায় নমুনা সংগ্রহ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।

BSc (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ৪র্থ ব্যাচ, ৪র্থ সেমিস্টারের ৩৫ জন শিক্ষার্থী (২০ জন ছাত্র এবং ১৫ জন ছাত্রী) ২৮ অক্টোবর ০২ নভেম্বর ২০২২ পর্যন্ত ০৬ দিনের জন্য ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার গমন করেন। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা Marine Planetology ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সমুদ্রবিজ্ঞান ইনস্টিটিউটে বায়োলজিক্যাল ওশানোগ্রাফি বিষয়ে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে। একইসাথে কক্সবাজার অবস্থানকালীন Sedimentology এর উপর ব্যবহারিক প্রশিক্ষণ এবং ফিল্ড ভিজিটের অংশ হিসেবে শিক্ষার্থীরা বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিটিউট (BORI), সৈকত খনিজ বালি আহরণ কেন্দ্র, কক্সবাজার, বাংলাদেশ সামুদ্রিক মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ফিশ এবং শ্রিম্প হ্যাচারি পরিদর্শন এবং কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র উপকূলবর্তী এলাকায় অবস্থিত বিভিন্ন Geological Formation সম্পর্কে জ্ঞান লাভ করে।




শিক্ষাসফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

BSc (Hons) in Oceanography প্রোগ্রামের ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ৫ম ব্যাচ, ২য় সেমিস্টারের ৩৩ জন শিক্ষার্থী (২১ জন ছাত্র এবং ১২ জন ছাত্রী) ০৫-১০ নভেম্বর ২০২২ পর্যন্ত ০৬ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে

চট্টগ্রাম গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা বিএন হাইড্রোগ্রাফিক স্কুলে লেভেলিং থিয়োডোলাইট, টোটাল স্টেশন, জিপিএস, ডিজিপিএস ইত্যাদি যন্ত্রপাতির উপর ব্যবহারিক প্রশিক্ষণ, হাইড্রোগ্রাফি সার্ভে যন্ত্রপাতির পরিচিতি ও অপারেশন এর উপর বিস্তারিত ধারণা গ্রহণ, মাল্টিবীম ইকোসাউন্ডার এবং সিংনেলবী ইকোসাউন্ডার এর উপর বানৌজা শৈবালযোগে দিনব্যাপী সমুদ্রে প্রশিক্ষণ, ডেটা প্রসেসিং এর উপর ব্যবহারিক ধারণা গ্রহণ, কর্বোগ্রাফি এবং প্রোডাকশন অব ইলেক্ট্রনিক চার্ট এর উপর ধারণা গ্রহণ, সেম্পল কালেকশন এর উপর প্রশিক্ষণ গ্রহণ করে। এছাড়াও চট্টগ্রামে অবস্থিত ফিশারিজ মিউজিয়াম, মেরিন ফিশারিজ একাডেমি এবং ফিশিং ট্রলার পরিদর্শন করে।




**<u>মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের শিক্ষার্থীদের ফিল্ডট্রিপ</u>**

B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রামের ২০১৯-২০ সেশনের (১ম ব্যাচ) ৪র্থ সেমিস্টারের ৩২ জন শিক্ষার্থী (২২ জন ছাত্র এবং ১০ জন ছাত্রী) ১১-১৫ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ০৫ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে সুন্দরবন গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা কোস্টাল বায়োডাইভারসিটি পর্যবেক্ষণের উপর ব্যবহারিক প্রশিক্ষণ, এছাড়াও দুবলার চর, পশুর নদী মোহনা, হিরণ পয়েন্ট এবং শিবসা নদী পরিদর্শন করে।




শিক্ষাসফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

BSc (Hons) in Marine Fisheries প্রোগ্রামের ২০২০-২১ সেশনের ২য় ব্যাচ, ২য় সেমিস্টারের ৩৬ জন শিক্ষার্থী (২১ জন ছাত্র এবং ১৫ জন ছাত্রী) ০৩-০৭ অক্টোবর ২০২২ পর্যন্ত ০৫ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে বরিশাল ও পটুয়াখালী গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা দূর্গাসাগর, ফিস ল্যান্ডিং সেন্টার, শাপলা বিল, পায়রা পোর্ট, ওয়ার্ল্ড ফিস রিসার্চ প্রজেক্ট কোরাল মাছের চাষ ও সবুজ শামুক চাষ পরিদর্শন করে এছাড়াও কুয়াকাটা বিচ, লাল কাকড়ার চর, ফিস মার্কেট, ফাতরার চর, সামুদ্রিক শৈবাল মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণি সংগ্রহ ও সামুদ্রিক বাস্তুতন্ত্রের পর্যবেক্ষণসহ এর উপর ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে।





শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

**<u>জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগের শিক্ষার্থীদের ফিল্ডট্রিপ</u>**

জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগের অধীন Masters in Marine Biotechnology প্রোগ্রামের ২০২১-২২ সেশনের ৪র্থ ব্যাচ, ৩য় সেমিস্টারের ০৮ জন শিক্ষার্থী (০৬ জন ছাত্র এবং ০২ ছাত্রী) ০২ থেকে ০৮ মার্চ ২০২৩ পর্যন্ত ০৭ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার ও সেন্টমার্টিন গমন করেন। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা জিওমরফোলজিক্যাল গঠন, গবেষণায় নমুনা সংগ্রহ, কোরাল রিফ জীববৈচিত্র্য পর্যবেক্ষণ, ছেড়া দ্বীপ বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ ও গবেষণায় নমুনা সংগ্রহ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।



## ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

সমুদ্রজয়ের অভাবনীয় সাফল্যের পর সমুদ্রসম্পদ আহরণের প্রয়োজনীয়তা অনুধাবন করে এ সুযোগকে কাজে লাগানোর নিমিত্তে শিক্ষার্থীদের উন্নত প্রযুক্তির সঙ্গে পরিচয় ঘটিয়ে দেশ ও জাতির কল্যাণে দক্ষ প্রকৌশলী ও গবেষক গড়ে তোলার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং টেকনোলজি অনুষদ ২০১৮ সালে যাত্রা শুরু করে।

**অনুষদের ডিন :** কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, বিএন, (অবঃ)।

**কর্মকর্তা :** মোহাম্মদ মেহেদী হাসান আকন্দ, সেকশন অফিসার।

**কর্মচারীর সংখ্যা: ০৩ জন।**

## নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ

২০১৮ সালের ০৭ জানুয়ারি নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগের অধীনে "বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং" প্রোগ্রামের ১ম ব্যাচের ৩০ জন শিক্ষার্থীদের বরণের মাধ্যমে শিক্ষা কার্যক্রম শুরু করা হয়। উল্লেখ্য, বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম ব্যাচের ২৭ জন শিক্ষার্থী সফলতার সাথে ইতোমধ্যে তাদের একাডেমিক কার্যক্রম সম্পন্ন করেছে। উক্ত ব্যাচ হতে ইতোমধ্যে প্রায় ২০ জন শিক্ষার্থী তাদের চাকরি জীবন শুরু করেছে। বর্তমানে "বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং" প্রোগ্রামের অধীনে স্নাতক পর্যায়ের ০৪ (চার) টি এবং স্নাতকোত্তর পর্যায়ে ০১ টি ব্যাচের শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করছে।

**বিভাগের চেয়ারম্যান :** ড. মোঃ সাদিকুল বারী, অধ্যাপক

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- কমডোর মোঃ মুনীর হাসান, (অবঃ) বিএন, ডিসটিংগুইসড এক্সপার্ট
- কমান্ডার সাইফুল আহমাদ, সহযোগী অধ্যাপক
- ড. এসএম রাশিদুল হাসান, সহকারী অধ্যাপক

**শিক্ষকমণ্ডলী (শিক্ষা ছুটিতে বিদেশে অবস্থানরত):**

- সাঈদী হাসান, সহকারী অধ্যাপক
- মেহরান ইসলাম, প্রভাষক

**কর্মচারীর সংখ্যা: ০৪ (চার) জন**

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ২য় ব্যাচ সেশন : ২০১৮ -১৯ | ৩৫ | ২৯ | ০৬ |
| | | ৩য় ব্যাচ সেশন : ২০১৯ -২০ | ৩০ | ২১ | ০৯ |
| | | ৪র্থ ব্যাচ সেশন : ২০২০ -২১ | ৩১ | ২২ | ০৯ |
| | | ৫ম ব্যাচ সেশন : ২০২১ -২২ | ৩৩ | ২৭ | ০৬ |
| | এমএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ১ম ব্যাচ সেশন : ২০২২ -২৩ | ১০ | ১০ | - |

# হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ

২০২১ সালে হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগের অধীনে "এমএসসি ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং" প্রোগ্রামের ১ম ব্যাচের ০৬ জন শিক্ষার্থীদের বরণের মাধ্যমে শিক্ষা কার্যক্রম শুরু করা হয়। উল্লেখ্য, উক্ত প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীরা ইতোমধ্যে সফলতার সাথে তাদের একাডেমিক কার্যক্রম সম্পন্ন করেছে এবং ২য় ও ৩য় ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।

**বিভাগের চেয়ারম্যান :** অধ্যাপক ড. মোঃ সাদিকুল বারী

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- ফারহানা আরজু, প্রভাষক।

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ | এমএসসি ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং | ২য় ব্যাচ সেশন : ২০২১ -২২ | ০৪ | ০৪ | - |
| | | ৩য় ব্যাচ সেশন : ২০২২ - ২৩ | ০৪ | ০২ | ০২ |

## অনুষদের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

### "Research Methodology" শীর্ষক ওয়ার্কশপ

১৬ জানুয়ারি ২০২৩ তারিখে ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি এর অধীন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম কর্তৃক শিক্ষার্থীদের বিভিন্ন গবেষণামূলক দিক নির্দেশনা ও রিপোর্ট রাইটিং সম্পর্কে ধারণা প্রদানসহ শিক্ষার্থীদের বিভিন্ন দেশি বিদেশি জার্নালে বিভিন্ন রিসার্চ পেপার প্রকাশ করার ব্যাপারে উদ্যমী হওয়ার জন্য "Research Methodology" শীর্ষক ওয়ার্কশপের আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কসপে অধ্যাপক ড. মামুন হাবিব, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, বিএন (অবঃ), ডিন, এফইটি Guest Speaker হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও সংশ্লিষ্ট অনুষদের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থীসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

### Career Talk

২২ জানুয়রি ২০২৩' তারিখে শিক্ষার্থীদের বিভিন্ন কর্মক্ষেত্র সম্পর্কে দিক নির্দেশনা ও বিভিন্ন শিপইয়ার্ড, অফশোর ইঞ্জিনিয়ারিং-এ ব্যবহৃত মডার্ণ টেকনোলজি ও কাজের পরিধি সম্পর্কে ধারণা প্রদান করার জন্য একটি Career Talk আয়োজন করা হয়। উক্ত Career Talk এ সানোয়ার হোসেন, চেয়ারম্যান, নেক্সট জেনারেশন ডিজিটেক, মোহাম্মদ তানভির আহমেদ, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ব্যবস্থাপনা পরিচালক এবং তারিক আবেদীন ভূইয়া, কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ গেস্ট স্পিকার হিসেবে লেকচার সেশন পরিচালনা করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী সহ গণ্যমান্য বিশেষজ্ঞ ও ব্যক্তিবর্গ সেমিনারে অংশগ্রহণ করেন।

### অভ্যন্তরীণ শিক্ষা সফর

২৩ জুলাই ২০২২ - ২৬ জুলাই ২০২২ তারিখ কমান্ডার সাইফুল আহমাদ, সহযোগী অধ্যাপক এর নেতৃত্বে নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম ব্যাচ এর শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাসহ ৩১ সদস্যের একটি দল পাঠ্যক্রমের অংশ হিসেবে শিক্ষা সফরে চট্টগ্রাম গমন করেন। উক্ত শিক্ষা সফরে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীগণ Operational Sea Training Guide (OSTG) & Nuclear Biological and Chemical Defence and Damage Control including Fire Fighting (NBCD) School, BN Ship for Practical Demonstration পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মতবিনিময় করেন।

COCR 2200: Co-Curricular কোর্সের অধীনে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ৩য় ব্যাচের ৩০ জন শিক্ষার্থীসহ, শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ১৭-২০ আগস্ট ২০২২ তারিখে বান্দরবানে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর

আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফরে কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, বিএন(অবঃ), ডিন, এফইটি মহোদয় নেতৃত্ব প্রদান করেন। উক্ত শিক্ষা সফরে সফরকারী দল বান্দরবনের বিভিন্ন এলাকায় হাইকিং করেন।

২১ জুন ২০২৩ তারিখ B.Sc in Naval Architecture and Offshore Engineering Programme (2nd Batch) -এর NAOE 4241 (Dredger and Dredging Technology) কোর্সের বিষয়ে বাস্তবমুখী জ্ঞানার্জন ও মেরিটাইম সেক্টরে দক্ষ ও পেশাদার হিসেবে তৈরি করার নিমিত্তে অপারেশনাল ড্রেজার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণার জন্য কমডোর মোঃ মুনীর হাসান বিএন, (অবঃ), ডিসটিংগুইসড এক্সপার্ট -এর নেতৃত্বে ড্রেজিং প্রজেক্ট সরেজমিনে পরিদর্শন করে।

**<u>ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট</u>**

০২ অক্টোবর ২০২২-২০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত B.Sc in Naval Architecture and Offshore Engineering প্রোগ্রামের শিক্ষার্থীদের মেরিটাইম সেক্টরে দক্ষ ও পেশাদার করে তৈরি করার নিমিত্তে ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড, নারায়ণগঞ্জ এবং কর্ণফুলী শিপ বিল্ডার্স লিমিটেড, নারায়ণগঞ্জ এ পাঠ্যক্রমের অংশ হিসেবে Industrial Attachment এর আয়োজন করা হয়।

**<u>কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের অভ্যন্তরীন শিক্ষা সফর</u>**

০৩ হতে ০৪ মার্চ ২০২৩ তারিখ কমান্ডার সাইফুল আহমাদ, সহযোগী অধ্যাপক এর নেতৃত্বে এমএসসি ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২য় ব্যাচ এর ০৪ জন শিক্ষার্থীর পাঠ্যক্রমের অংশ হিসেবে DEV 6204 (Fieldwork and Data Processing) কোর্সের আওতায় চট্টগ্রামস্থ বিভিন্ন হাইড্রোগ্রাফিক সার্ভে পয়েন্ট এবং কর্ণফুলি ক্যাপিটাল ড্রেজিং প্রকল্প পরিদর্শন করেন।

## মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ

সুনীল অর্থনীতির বিকাশ ও অবদানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়। অর্থনীতির এই অনবদ্য বিকাশ কমার্শিয়াল লজিস্টিক্স, সাপ্লাইচেইন ম্যানেজমেন্ট, পোর্ট ম্যানেজমেন্ট, শিপিং কোম্পানি ব্যবস্থাপনা, শিপ বিল্ডিং এবং শিপ রিসাইক্লিং, সমুদ্র কেন্দ্রিক পর্যটন অত্যন্ত যুগোপযোগী ও অর্থবহ মাধ্যম। উক্ত ক্ষেত্রে দক্ষ জনবল সরবরাহ, যুগোপযোগী গবেষণা সম্পাদন এবং ইন্ডাস্ট্রি ও একাডেমিয়া কোলাবরেশন এর মাধ্যমে জ্ঞানের বিকাশের লক্ষ্যে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ প্রতিষ্ঠিত হয়। চতুর্থ শিল্প বিপ্লব ও সুনীল অর্থনীতির সুস্পষ্ট বিকাশে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর অবদান অর্থবহ ও অনস্বীকার্য।

**অনুষদের ডিন:** কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন

**কর্মকর্তা:** মোঃ জায়েদুল কবির জাহিদ, সেকশন অফিসার, এফএমবিএস।

**কর্মচারী সংখ্যা:** ০৩ (তিন) জন।

### ব্যবস্থাপনা বিভাগ

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজের অধীনস্থ উল্লিখিত এ প্রোগ্রামের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বর্তমানে ৫ম ও ৬ষ্ঠ ব্যাচসহ মোট ২টি ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৫ম ব্যাচের ৩য় এবং ৬ষ্ঠ ব্যাচের ১ম সেমিস্টারের পাঠদান চলমান রয়েছে।

**বিভাগের চেয়ারম্যান:** কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- ওয়াহিদুল শেখ, সহকারী অধ্যাপক
- মোহাম্মদ মমতাজুল হক আজাদ, সহকারী অধ্যাপক
- আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক
- হাসিবুল ইসলাম, প্রভাষক

**শিক্ষার্থী পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগাম | ব্যাচ ও শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা বিভাগ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস | ৬ষ্ঠ ব্যাচ (শিক্ষাবর্ষঃ ২০২২-২০২৩) | ০৯ | ০৭ | ০২ |
| | | ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২) | ১০ | ০৭ | ০৩ |

### মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীনস্থ উল্লিখিত এ প্রোগ্রামের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বর্তমানে ৩য় ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৩য় ব্যাচের ৩য় সেমিস্টারের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।

**বিভাগের চেয়ারম্যান:** কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- মোঃ সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক
- নোরা ইসলাম, প্রভাষক

**শিক্ষার্থী পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগাম | ব্যাচ ও শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২) | ০৩ | ০৩ | ০০ |

## একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ

**শিক্ষকমণ্ডলী (কর্মরত):**

- এমরানুল হক, প্রভাষক
- শাহনাজ আক্তার, প্রভাষক

## অনুষদের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

**'The Art of CV & Cover Letter Writing' শীর্ষক ওয়ার্কশপ**

CV & Cover Letter বর্তমান প্রতিযোগিতামূলক চাকরির বাজারে শিক্ষার্থীদের যুগোপযোগী দক্ষতা প্রকাশ করার অন্যতম মাধ্যম। উক্ত বিষয়ে যথোপযুক্ত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকল্পে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ কর্তৃক ০৪ সেপ্টেম্বর ২০২২ অত্র বিশ্ববিদ্যালয়ের বিজনেস কমিউনিকেশনস কোর্স এর আওতাধীন একটি ওয়ার্কশপ আয়োজিত হয়। উক্ত ওয়ার্কশপে এমবিএ ইন মেরিটাইম বিজনেস প্রোগ্রামের ৪র্থ ও ৫ম ব্যাচ, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস প্রোগ্রামের ৩য় ব্যাচ এবং পিএমএল-২য় ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। ওয়ার্কশপটি মেরিটাইম কর্পোরেট এবং মেরিটাইম কমিউনিকেশন সম্পর্কিত জ্ঞানার্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়। উক্ত ওয়ার্কশপে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর ডিন কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হাসিবুল ইসলাম, প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ বর্ণিত ওয়ার্কশপ পরিচালনা করেন। ইয়াসিন সোহাগ, স্ট্রাটেজিক এইচ.আর পার্টনার কোকাকোলা বাংলাদেশ লিমিটেড প্রধান আলোচক হিসেবে বর্ণিত ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপন করেন। এফএমবিএস ও এফএসএ এর শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।




প্রবন্ধ উপস্থাপন করছেন প্রধান আলোচক

**অভ্যন্তরীণ শিক্ষা সফর - টাংগাইল**

Community-based Tourism এর সাথে পরিচিতির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ০৩ জুলাই ২০২২ ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ (এফএমবিএস) কর্তৃক আয়োজিত Internal Study Tour (IST) এ এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট প্রোগ্রামের ২য় ও ৩য় ব্যাচের ০৮ জন শিক্ষার্থীসহ শিক্ষক, কর্মকর্তাদের সমন্বয়ে সফরকারী একটি দল Ajiyer Community-based Tourism at Nalshodha, Pathrail, Tangail ভ্রমণ করেন। ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর ডিন কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন উক্ত শিক্ষা সফরের নেতৃত্ব প্রদান করেন। সফরকালীন সময়ে শিক্ষার্থীগণ বিভিন্ন গ্রাম, তাঁত শিল্প ইত্যাদি পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করেন। পাশাপাশি সফরকারী দল

ঐতিহাসিক আতিয়া মসজিদ পরিদর্শন করেন। Community-based Tourism - এ অংশগ্রহণ করায় শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পাবে এবং প্রতিষ্ঠানের অগ্রগতিতেও সুদূরপ্রসারী ভূমিকা রাখবে বলে আশা করা যায়।





*শিক্ষা সফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

**অভ্যন্তরীণ শিক্ষা সফর - মোংলা বন্দর, খুলনা**

মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে পরিচিতির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ০৯-১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সমন্বিত Internal Study Tour (IST) এ এমপিএসএম ও এলএলবি ৬ষ্ঠ, এমএমবি ৪র্থ, এমডিএসএস ও এমটিএইচএম ২য় ব্যাচের ৩৯ জন শিক্ষার্থীসহ শিক্ষক, কর্মকর্তাদের সমন্বয়ে সফরকারী একটি দল মোংলা বন্দর, খুলনা শিপইয়ার্ড লিঃ ভ্রমণ করেন। অনুষদের ডিন কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন উক্ত শিক্ষা সফরের নেতৃত্ব প্রদান করেন। সফরকালীন সময়ে শিক্ষার্থীগণ গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধ কমপ্লেক্স, মোংলা বন্দর ও খুলনা শিপইয়ার্ড লিঃ পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করেন। পাশাপাশি সফরকারী দল ষাট গম্বুজ মসজিদ এবং খান জাহান আলীর মাজার পরিদর্শন করেন। মোংলা বন্দর, খুলনা শিপইয়ার্ড লিঃ এবং ঐতিহাসিক স্থান পরিদর্শন শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।





শিক্ষা সফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

**অভ্যন্তরীণ শিক্ষা সফর - চট্টগ্রাম, কক্সবাজার ও সেন্টমার্টিন**

মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে পরিচিতির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ১১-১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সমন্বিত Internal Study Tour (IST) - এ এমপিএসএম ও এলএলএম- ৭ম, এমএমবি- ৫ম, এমএমএস ও এমডিএসএস-৪র্থ ও এমটিএইচএম-২য় ও ৩য় ব্যাচের ৫১ জন শিক্ষার্থীসহ শিক্ষক, কর্মকর্তাদের সমন্বয়ে সফরকারী একটি দল চট্টগ্রাম, কক্সবাজার ও সেন্টমার্টিন ভ্রমণ করেন। অত্র অনুষদের ডিন কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন উক্ত শিক্ষা সফরের নেতৃত্ব প্রদান করেন। সফরকালীন সময়ে শিক্ষার্থীগণ চট্টগ্রাম, কক্সবাজার এবং সেন্টমার্টিনে অবস্থিত বিভিন্ন মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও পর্যটন স্পট পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করেন। পাশাপাশি সফরকারী দল বিভিন্ন ঐতিহাসিক স্থান পরিদর্শন করেন। চট্টগ্রাম, কক্সবাজার এবং সেন্টমার্টিনে অবস্থিত বিভিন্ন মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং ঐতিহাসিক স্থান পরিদর্শন শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। এছাড়াও উক্ত শিক্ষাসফরে অংশগ্রহণকারী শিক্ষক/কর্মকর্তা এবং শিক্ষার্থীগণ সেন্টমার্টিন সৈকত পরিষ্কার/পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ করে সেন্টমার্টিনে আগত ভ্রমণকারীদের মাঝে সৈকত পরিষ্কার রাখার ব্যাপারে উদ্বুদ্ধ করেন।



*শিক্ষা সফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*



*পরিষ্কার/পরিছন্নতা কার্যক্রমে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

# জেনারেল স্টাডিজ অনুষদ

মেরিটাইম সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ জনবল তৈরির পাশাপাশি বাংলা, ইংরেজিসহ অনুষদও অন্যান্য বিভাগের দক্ষ নৈতিক ও মানবিক গুণসম্পন্ন শিক্ষার্থী তৈরির লক্ষ্যে জেনারেল স্টাডিজ অনুষদের কার্যক্রম ২০১৬ সাল থেকে শুরু হয়। এ অনুষদের বিভাগসমূহে নিজস্ব স্নাতক (সম্মান), স্নাতকোত্তর ও অন্যান্য উচ্চতর পর্যায়ে শিক্ষা কার্যক্রম শুরু না হলেও বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অনুষদের শিক্ষা কার্যক্রমের সহায়তা করছে। এ অনুষদের অধীনে ইংরেজি, বাংলা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত বিষয়ে মোট ১১ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে যারা আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের বিভিন্ন বিভাগে সংশ্লিষ্ট কোর্সসমূহে পাঠদান করছেন। ভবিষ্যতে উক্ত অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগগুলি খোলার পরিকল্পনা রয়েছেঃ

- ইংরেজি
- গণিত
- পদার্থ বিজ্ঞান
- রসায়ন
- বায়োকেমিস্ট্রি
- সোশাল সায়েন্স অ্যান্ড এ্যানথ্রোপলজি
- ম্যাটেরিয়াল সায়েন্স
- আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
- ইতিহাস

**অনুষদের ডিনঃ** কমডোর মোঃ জাকিরুল ইসলাম, (ই), এনডিসি, পিএসসি, বিএন

**শিক্ষকমন্ডলী (কর্মরত):**

- ড. মরিয়ম বেগম, অধ্যাপক, ইংরেজি বিভাগ
- ড. মোহাম্মদ তানজিল হাসান, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ
- ড. খন্দকার আতিকুর রহমান, সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ
- ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ
- ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ
- ফারহানা আক্তার, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ
- স্বর্ণা দত্ত, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
- মোঃ তুহিন হাসান, প্রভাষক, বাংলা বিভাগ
- সুমাইয়া বিনতে ইসলাম, প্রভাষক, গণিত বিভাগ

**শিক্ষকমন্ডলী (শিক্ষাছুটিতে বিদেশে অবস্থানরত):**

- রাজু আহম্মেদ, সহকারী অধ্যাপক, ইংরেজি
- নুসরাত জাহান, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা

**কর্মকর্তা:**

- মোঃ মাহফুজুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা

**কর্মচারীর সংখ্যা: ০৫ (পাঁচ) জন।**

## অনুষদের উল্লেখযোগ্য কার্যক্রম

**রসায়ন ও পদার্থ বিজ্ঞান ল্যাব প্রতিষ্ঠা**

জেনারেল স্টাডিজ অনুষদের ল্যাবসমূহ সমৃদ্ধ করার মাধ্যমে ব্যবহারিক শিক্ষা ও গবেষণার কার্যক্রম যুগোপযোগী করণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে ইতোমধ্যে রসায়ন ল্যাব ও পদার্থ বিজ্ঞান ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। ল্যাবগুলোর গবেষণার সুযোগ বৃদ্ধির জন্য ২০২২-২৩ অর্থ বছরে বেশকিছু ল্যাব যন্ত্রপাতি ক্রয়, স্থাপন, সংযোজন করা হয়েছে।

# ভাইস-চ্যান্সেলরের সচিবালয়

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চ শিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয় তৃতীয় ভাইস-চ্যান্সেলর হিসেবে রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি দায়িত্বরত আছেন। ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্বপালন করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজের প্রধান কর্মকর্তা। তিনি সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিলসহ গুরুত্বপূর্ণ কমিটি বা বোর্ডের সভায় সভাপতির দায়িত্ব পালন করেন।

**কর্মকর্তার তালিকা:**

- অধ্যাপক ড. আলতাফ হোসেন, একাডেমিক উপদেষ্টা
- লেঃ কমান্ডার ছাহাল মোর্শেদ, (এস), বিএন, পিএস কর্ড টু ভিসি
- গুলবুদ্দিন মোহাম্মদ বখতিয়ার, প্রটোকল অফিসার

**কর্মচারীর সংখ্যা:** ০৪ (চার) জন

## সচিবালয় -এর উল্লেখযোগ্য কার্যক্রম

**বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দায়িত্ব হস্তান্তর/গ্রহণ ও বিদায় অনুষ্ঠান**

৩১ জানুয়ারি ২০২৩ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের নবাগত ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, অরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি বিদায়ী ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) এর নিকট হতে দায়িত্বভার গ্রহণ করেন। এদিনই সাবেক ভিসি মহোদয়ের বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, অনুষদের ডিনবৃন্দ, সিনিয়র অধ্যাপকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



নবাগত ও বিদায়ী ভাইস-চ্যান্সেলর মহোদয়গণ




বিদায়ী ভাইস-চ্যান্সেলর মহোদয় কে নবাগত ভাইস-চ্যান্সেলর মহোদয় মানপত্র প্রদান করছেন

**টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে ভাইস-চ্যান্সেলরের শ্রদ্ধা**



*টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে ভাইস-চ্যান্সেলরের শ্রদ্ধা*

১৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির (বিএসএমআরএমইউ) নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণের পর তিনি জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা জানান। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিনবৃন্দ, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদনের পর ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মমভাবে নিহত বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। পরবর্তীকালে প্রতিনিধিদল বঙ্গবন্ধু জাদুঘর, লাইব্রেরি ও প্রদর্শনী কেন্দ্র পরিদর্শন করেন।

**<u>মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে ভাইস চ্যান্সেলর মহোদয়ের সৌজন্য সাক্ষাৎ</u>**

১৬ মার্চ ২০২৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মোঃ আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)-এর ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি। এ সময় ভাইস চ্যান্সেলর অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মহামান্য রাষ্ট্রপতিকে শুভেচ্ছা জ্ঞাপন এবং স্মারক ক্রেস্ট উপহার প্রদান করেন। এছাড়াও তিনি অত্র বিশ্ববিদ্যালয়-এর শিক্ষা ও গবেষণার বিভিন্ন উন্নয়ন-অগ্রগতি এবং বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার ব্যাপারে মহামান্য রাষ্ট্রপতিকে অবহিত করেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এ সময় বিএসএমআরএমইউ- এর শিক্ষা কার্যক্রম সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে ও স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার ব্যাপারে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, দেশের সুনীল অর্থনীতির কথা বিবেচনায় রেখে এ বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যত সম্ভাবনা নিয়ে তিনি গভীর আশাবাদ ব্যক্ত করেন।



*মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে ভাইস চ্যান্সেলর মহোদয়ের সৌজন্য সাক্ষাৎ*

**<u>শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সচিব এর সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ</u>**

১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সচিব, জনাব সোলেমান খান এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় ভাইস চ্যান্সেলর অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সচিবকে শুভেচ্ছা জ্ঞাপন এবং স্মারক ক্রেস্ট উপহার প্রদান করেন। এছাড়াও অত্র বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা ব্যবস্থা ও গবেষণাসহ বিভিন্ন বিষয়ের উন্নয়ন ও অগ্রগতির ব্যাপারে আলোচনা করা হয়।



*শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সচিবের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ*

**বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর চেয়ারম্যানের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ**


০৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় ভাইস চ্যান্সেলর অত্র বিশ্ববিদ্যালয় এর পক্ষ থেকে চেয়ারম্যানকে শুভেচ্ছা জ্ঞাপন এবং স্মারক ক্রেস্ট উপহার প্রদান করেন। এ সৌজন্য সাক্ষাত কালে বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষা ব্যবস্থা আরো উন্নত ও বাস্তবমুখী করার ব্যাপারে আলোচনা করা হয়। এছাড়াও স্থায়ী ক্যাম্পাস নির্মাণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত করা হয়।



*বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর চেয়ারম্যানের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ*

**বাংলাদেশ নৌবাহিনী প্রধানের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ**

০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় ভাইস চ্যান্সেলর অত্র বিশ্ববিদ্যালয় এর পক্ষ থেকে নৌবাহিনী প্রধানকে শুভেচ্ছা জ্ঞাপন এবং স্মারক ক্রেস্ট উপহার প্রদান করেন। প্রতিষ্ঠার পর থেকেই বাংলাদেশ নৌবাহিনী বিশ্ববিদ্যালয়টিকে নানাভাবে সাহায্য সহযোগিতা করে আসছে এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে বলে নৌবাহিনী প্রধান আশাবাদ ব্যক্ত করেন।




*বাংলাদেশ নৌবাহিনী প্রধানের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ*

**নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ**

১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত অ্যান ভ্যান লিউয়েন এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি। সাক্ষাতে যৌথ গবেষণা, ছাত্রছাত্রীদের জন্য উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি, পাঠ্যক্রমের মানোন্নয়ন এবং অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচিতি আন্তর্জাতিক পরিমন্ডলে বৃদ্ধির ব্যাপারে আলোচনা করা হয়। এছাড়া ভবিষ্যতে মেরিটাইম সংশ্লিষ্ট নতুন শিক্ষাসহায়তা প্রকল্প গ্রহণের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত।



*নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ*

**নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ**

৩০ এপ্রিল ২০২৩ তারিখে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আতিকুল ইসলাম এর সঙ্গে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি সৌজন্য সাক্ষাৎ করেন। এছাড়াও উক্ত সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এর বিভিন্ন ল্যাব, লাইব্রেরি, ইউকিউবেশন সেন্টার প্রভৃতি পরিদর্শন করেন।



*নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ*

**বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর ভাইস চ্যান্সেলরের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ**

০৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর ভাইস চ্যান্সেলর মেজর জেনারেল মো মাহবুব-উল আলম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, পিএইচডি এর সঙ্গে অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি সৌজন্য সাক্ষাৎ করেন।




*বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর ভাইস চ্যান্সেলরের সঙ্গে ভাইস চ্যান্সেলরের সৌজন্য সাক্ষাৎ*

# ট্রেজারার দপ্তর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার পর হতে বর্তমান সময় পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার দপ্তর প্রতিষ্ঠানের অর্থের সদ্ব্যবহার, আর্থিক শৃঙ্খলা রক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং অর্থ ব্যয়ের জবাবদিহিতা নিশ্চিতকরণসহ প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন ও সার্বিক উন্নয়নে বদ্ধ পরিকর। মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে সরকারের সকল আর্থিক বিধি-বিধান, প্রতিপালন করতঃ ট্রেজারার দপ্তর কার্য সম্পাদন করে থাকে। এ দপ্তর বিশ্ববিদ্যালয়ের পক্ষে সকল আয়/অর্থ গ্রহন করে থাকে এবং যাবতীয় পাওনাদি পরিশোধ করে থাকে। এছাড়া এ দপ্তর কর্তৃক বাৎসরিক বাজেট প্রনয়ণ,বাজেট সিন্ডিকেট ও সিনেটে উপস্থাপন, অনুমোদিত বাজেট বাস্তবায়ন, আয়-ব্যয়ের তদারকি, অর্থ কমিটির সভা আয়োজন, বাজেট সভা আয়োজন প্রভৃতি কার্য সম্পাদন করা হয়ে থাকে।

**দপ্তর প্রধান:** কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, ট্রেজারার

কর্মকর্তার তালিকা:

- ক্যাপ্টেন সাইদ মাহ্‌মুদ হাসান, (এস), এনইউপি, পিএসসি, বিএন, পরিচালক (অর্থ ও হিসাব)
- স্বপন কুমার বড়ুয়া, অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব)
- মোঃ শাহবুদ্দিন, উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
- সাজিয়া আফরিন, সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
- এম নুরুল ইসলাম, এসসিপিও (এস)
- জয়নুল আবেদীন, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা
- মোঃ মনিরুজ্জামান, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা
- মোঃ ফিরোজ কবির, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা (বাজেট শাখা)

**কর্মচারীর সংখ্যা:** ০৭ (সাত) জন

**বাজেট ব্যবস্থাপনা কমিটি**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, উপাচার্য, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার মোঃ আবু সাঈদ, (সি), পিসিজিএমএস, বিএন, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন), বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন সাইদ মাহমুদ হাসান, পরিচালক (অর্থ ও হিসাব), বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## উল্লেখযোগ্য কার্যক্রম

**অর্থ কমিটির সভা ও অন্যান্য কার্যক্রম**

২০২২-২৩ অর্থ বছরে এ দপ্তরে নিম্ন সভাসমূহ সম্পন্ন করা হয়েছে:

- অর্থ কমিটির ০৪টি সভা
- বাজেট পর্যালোচনা সভা
- বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভা

**অর্থ কমিটির সভা সমূহ**

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ০৪ টি সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভা সমূহে আর্থিক বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হয়। সভাসমূহের বিবরণ নিম্নরূপ:

| সভার বিবরণ | তারিখ |
|---|---|
| অর্থ কমিটির ৩১ তম সভা | ০৩ অক্টোবর ২০২২ |
| অর্থ কমিটির ৩২ তম সভা | ০২ জানুয়ারি ২০২৩ |

| | |
|---|---|
| অর্থ কমিটির ৩৩ তম সভা | ২৩ মার্চ ২০২৩ |
| অর্থ কমিটির ৩৪ তম সভা | ২০ জনু ২০২৩ |



*অর্থ কমিটির ৩৩তম সভার সদস্যবৃন্দ*



*অর্থ কমিটির ৩৪তম সভার সদস্যবৃন্দ*

**<u>বাজেট পর্যালোচনা সভা</u>** ১৮-১৯ ডিসেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০৪ জন কর্মকর্তা ও অত্র বিশ্ববিদ্যালয়ের হিসাব দপ্তরের কর্মকর্তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বাজেট পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মকর্তাগণ বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা করত বিভিন্ন সুপারিশ প্রদান করেন।

**<u>বাজেট ব্যবস্থাপনা ও অগ্রগতি সংক্রান্ত সভা</u>**

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত ০৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি, ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০২৩-২৪ অর্থবছরের মূল বাজেট এবং ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় কার্যের অগ্রগতি নিয়ে আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>বিশ্ববিদ্যালয়ের বাজেট</u>**

২০২২-২৩ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেট ছিল **৪৬ কোটি ৭৯ লক্ষ** টাকা। উক্ত মূল বাজেটের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে ৪৪ **কোটি ০৬ লক্ষ** টাকার সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের জন্য **৪৬ কোটি ৮৬ লক্ষ** টাকার মূল বাজেট অনুমোদন করা হয়।

# রেজিস্ট্রার দপ্তর

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক অন্যতম গুরুত্বপূর্ণ দপ্তর হল রেজিস্ট্রার দপ্তর। এই দপ্তর বেশকয়েকটি গুরুত্বপূর্ণ শাখার মাধ্যমে কার্য সম্পাদন করে থাকে। যেমন সংস্থাপন শাখা, কাউন্সিল সেকশন, প্রশাসন শাখা, একাডেমিক সেকশন, প্রকিউরমেন্ট সেকশন, স্টোর সেকশন, সিকিউরিটি সেকশন, যানবাহন শাখা, মেডিকেল সেন্টার এবং আইসিটি দপ্তরের কার্যক্রমেরও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে থাকে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সংবিধিবদ্ধ সভা যেমন সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিল সভার সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন, সকল গোপনীয় প্রতিবেদন, সকল রেকর্ডপত্র, দলিলপত্র, রেজিস্টার্ড গ্রাজুয়েটদের রেজিস্টার, সকল সম্পত্তির তত্ত্বাবধান, চিঠিপত্র আদান-প্রদান, অর্থ সংক্রান্ত ব্যতীত সকল চুক্তি স্বাক্ষর, নিয়োগ কার্যক্রম, পদোন্নতি, সার্ভিস বুক, ডিনদের সহিত তাদের পরিকল্পনা, প্রোগ্রাম ও সিডিউল সম্পর্কে যোগাযোগসহ বহুমুখী একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সম্পাদন করে থাকেন। এছাড়াও মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিভিন্ন কার্যক্রম সম্পাদন করে থাকে রেজিস্ট্রার দপ্তর।

**দপ্তর প্রধান:** কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার

## কাউন্সিল সেকশন

বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী রেজিস্ট্রার দপ্তরের অধীনে কাউন্সিল সেকশন কাজ করে থাকে। বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ সভাসমূহের মধ্যে সিনেট, সিন্ডিকেট এবং একাডেমিক কাউন্সিলের সভাসমূহ ফলপ্রসূভাবে আয়োজনের জন্য কাউন্সিল সেকশন দায়িত্বপ্রাপ্ত। বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে অত্র দপ্তরের তত্ত্বাবধানে এ যাবৎ ০৮টি সিনেট সভা, ৩৮টি সিন্ডিকেট এবং ৩৯টি একাডেমিক কাউন্সিল সভা সফলভাবে আয়োজন করা হয়েছে।

**শাখা প্রধানের নাম:** কমান্ডার মোহাম্মদ জহিরুল ইসলাম, (সি), এনপিপি, বিসিজিএম, বিসিজিএমএস, বিএন
উপ রেজিস্ট্রার, কাউন্সিল

**কর্মকর্তা:** মোঃ মাইনুর রহমান, সহকারী রেজিস্ট্রার

**কর্মচারীর সংখ্যা:** ২ জন

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের কাউন্সিল শাখা বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ সভাসমূহ যেমন সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিল আয়োজন করে থাকে। বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী প্রতি বৎসর সিনেটের অন্যূন ১টি, সিন্ডিকেট-এর ৪টি (প্রতি তিন মাস অন্তর ন্যূনতম ১টি সভা) এবং একাডেমিক কাউন্সিল সভা (প্রতি তিন মাস অন্তর ন্যূনতম ১টি সভা) আয়োজনের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থবছরে অনুষ্ঠিত সিনেট- এর ১টি, সিন্ডিকেট- এর ৪টি ও একাডেমিক কাউন্সিল- এর ৪টি সভা অনুষ্ঠিত হয় যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

**<u>সিনেট-এর ৮ম সভা</u>**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ৮ম সিনেট সভা ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ), মহোদয় উক্ত সভায় সিনেট এর চেয়ারম্যান হিসেবে উপস্থিত ছিলেন। সভায় মাননীয় উপাচার্য ও চেয়ারম্যান মহোদয় কর্তৃক বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের অগ্রগতি উল্লেখ পূর্বক সিনেট ভাষণ, ট্রেজারার মহোদয় কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২২-২০২৩ অর্থ বছরের মূল বাজেট উপস্থাপন, বিশ্ববিদ্যালয়ের ৮ম বার্ষিক প্রতিবেদন (জুলাই-২০২১- জুন ২০২২) অনুমোদন এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা (২০২১-২০২২) অর্থ বছরের সংশোধিত ও ২০২২-২০২৩ অর্থ বছরের মূল বাজেট প্রস্তাবিত) অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।






৮ম সিনেট সভায় উপস্থিত সম্মানিত সিনেট চেয়ারম্যান ও সদস্যবৃন্দ

## সিন্ডিকেটের সভা সমূহ

### সিন্ডিকেট-এর ৩১তম সভা

২১ জুলাই ২০২২ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ৩১তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২২-২৩ অর্থ বছরের মূল বাজেট, বার্ষিক ক্রয় পরিকল্পনা, জনবল (শিক্ষক) নিয়োগ, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের পদোন্নতি, আপগ্রেডেশন (পদোন্নয়ন), স্থায়ীকরণ, শিক্ষকদের শিক্ষা ছুটি, বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট-কে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তকরণ, খণ্ডকালীন শিক্ষক নিয়োগ, আবাসিক হলের ছাত্র-ছাত্রীদের সিট ভাড়া কমানো এবং BSMRMU এর সাথে National Maritime Foundation (NMF), India এবং Gujrat National Law University (GNLU) সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত বিষয়াদি অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ৩২তম সভা

০৩ নভেম্বর ২০২২ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ৩২তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন নিয়োগ, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, Academic Quality Assurance and Evaluation Department (AQAED) দপ্তরকে Institutional Quality Assurance Cell (IQAC) এ রূপান্তর, অস্থায়ী ক্যাম্পাস বর্ধিতকরণ, খণ্ডকালীন শিক্ষক নিয়োগসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ৩৩তম সভা

১২ জানুয়ারি ২০২৩ তারিখে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ৩৩তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন পদের জন্য জনবল (পূর্ণকালীন/চুক্তিভিত্তিক) নিয়োগ, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, শিক্ষকের পূর্ণ বেতনে শিক্ষা ছুটি, খণ্ডকালীন শিক্ষক নিয়োগ, BSc in Civil, Water & River Engineering Programme-এর কারিকুলাম, আইবিবিবিএস এর অধীনে ০৪টি নতুন শর্ট কোর্স কারিকুলাম অন্তর্ভুক্তকরণ ও পরিচালনা, আইবিবিবিএস পরিচালন নীতিমালা অনুমোদন, বঙ্গবন্ধু চেয়ার প্রতিষ্ঠার নীতিমালা এবং আর্থিক সংশ্লেষ অনুমোদন, BSMRMU ও CSIR-National Institute of Oceanography, Goa, India, Ankara University, National Center for the Sea and Maritime Law (Dehukam), The Centre De Ciencias Do Mar Do Algarve (CCMAR), Portugal এর সাথে খসড়া MoU অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ৩৪তম সভা

১৭ এপ্রিল ২০২৩ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ৩৪তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় চুক্তিভিত্তিক নিয়োগ, শিক্ষক ও কর্মকর্তার পূর্ণ বেতনে শিক্ষাছুটি, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, খণ্ডকালীন শিক্ষক নিয়োগ, বিভিন্ন প্রোগ্রামের কারিকুলাম অনুমোদন, চূড়ান্ত ফলাফল ঘটনাত্তোর অনুমোদন, ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ (আইবিবিবিএস) পরিচালনা নীতিমালা অনুসারে সিন্ডিকেট হতে বোর্ড অব গভর্নরস্ এর সদস্য মনোনয়ন, স্টুডেন্ট ফিস কালেকশন, একাউন্টের সঞ্চিত অর্থ FDR এ বিনিয়োগসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।





সিন্ডিকেট সভায় সশরীরে ও অনলাইনে অংশগ্রহণকৃত সম্মানিত সদস্যবৃন্দ

## একাডেমিক কাউন্সিলের সভা সমূহ

### একাডেমিক কাউন্সিল-এর ৩৬তম সভা

২৮ সেপ্টেম্বর ২০২২ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৬তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ে বিশেষ অনলাইন মাস্টার্স প্রোগ্রাম (Online Learning) এর নাম পরিবর্তন, বিভিন্ন বিভাগের থিসিস টপিক ও সুপাভাইজার অনুমোদন, বিভিন্ন প্রোগ্রামের Program Self Assessment Committee (PSAC) সমূহ গঠন, একাডেমিক ক্যালেন্ডার, পরীক্ষা কমিটি ও চূড়ান্ত ফলাফল অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ৩৭তম সভা

২০ ডিসেম্বর ২০২২ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৭তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সভায় ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ (আইবিবিবিএস) পরিচালন নীতিমালা ২০২১ অনুমোদন, BSc in Civil, Water & River Engineering Programme-এর কারিকুলাম, বিভিন্ন বিভাগের পাঠক্রম কমিটি অনুমোদন, BSMRMU ও CSIR-National Institute Of Oceanography, Goa, India; Ankara University, National Center For The Sea And Maritime Law (Dehukam); The Centro De Ciéncias Do Mar Do Algarve (Ccmar), Portugal এর সাথে MoU স্বাক্ষরের জন্য খসড়া MoU অনুমোদন, Goa University এবং BSMRMU এর MoU ভূতাপেক্ষ অনুমোদন, পরীক্ষা কমিটি অনুমোদন এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফলাফল অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ৩৮তম সভা

০৯ মার্চ ২০২৩ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৮তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় MSc in Naval Architecture and Offshore Engineering কারিকুলাম অনুমোদন, BSc in Civil, Water & River Engineering Programme-এর নাম পুনঃনির্ধারণ এবং হালনাগাদ কারিকুলাম অনুমোদন, নেদারল্যান্ডের নাফিক প্রকল্পের অধীনে প্রস্তুতকৃত কোর্স ডিগ্রি প্লাস প্লাস এর অন্তর্ভুক্তকরণ, একাডেমিক ক্যালেন্ডার, পাঠক্রম কমিটি অনুমোদন, পরীক্ষা কমিটি অনুমোদন, বিভিন্ন ব্যাচের চূড়ান্ত ফলাফল অনুমোদনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ৩৯তম সভা

০৮ জুন ২০২৩ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৯তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় BSc in Naval Architecture and Offshore Engineering প্রোগ্রামের কারিকুলাম সংশোধন, বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ ডিগ্রীর নাম বিএসসি (অনার্স) ইন ফিশারিজ এ পরিবর্তন, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের অভিন্ন পাঠ্যক্রম ও ডিগ্রি প্রদান, পাঠ্যক্রম কমিটি অনুমোদন, অধিভুক্ত প্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয়ের ই-লাইব্রেরি ব্যবহার, স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামসমূরহ ফি স্ট্রাকচার পুন:নির্ধারণ, Thesis Evaluation and Oral Examination Board অনুমোদন, বিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল সভায় ট্রেজারার, বিএসএমআরএমইউ-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ, বিভিন্ন পরীক্ষা কমিটি গঠন, বিভিন্ন পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘটনাত্তোর অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।




একাডেমিক কাউন্সিল সভায় সশরীরে ও অনলাইনে অংশগ্রহণকৃত সম্মানিত সদস্যবৃন্দ

## প্রশাসন শাখা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর প্রশাসন শাখা রেজিস্ট্রার দপ্তরের একটি অন্যতম গুরুত্বপূর্ণ শাখা। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠালগ্ন হতেই প্রশাসন শাখা বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব যেমন- সকল জাতীয় দিবস যথাযথ মর্যাদায় উৎযাপনের কর্মসূচি আয়োজন, দেশে ও বিদেশের বিভিন্ন সংস্থায় পত্র আদান প্রদান, বহিঃ সংস্থা হতে আগত সকল চিঠি পত্রাদি বিতরণ দায়িত্ব বণ্টন ও যথাযথ কার্য গ্রহণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের গমনাদেশ জারীকরণ, সকল অফিস আদেশ তৈরিকরণ, বিদেশ গমনকারী সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জিও আদেশ তৈরির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ, দৈনিকভিত্তিক কর্মচারীদের হাজিরা রেজিস্ট্রার সংরক্ষণ ও তাদের বেতন ভাতা প্রদানের জন্য তথ্য প্রদান ছাড়াও ডিফেন্স সেল এবং এডমিন উইং এর সকল কার্যক্রম পরিচালনা করে থাকে।

**শাখা প্রধান:** কমান্ডার মোহাম্মদ রেজাউল করিম জাকারিয়া, (সি), পিএসসি, বিএন, অতিরিক্ত রেজিস্ট্রার (জেনারেল)

**কর্মকর্তার তালিকা:**

- লে: এম এম জাহাঙ্গীর, এসডি, (এস), বিএন (অবঃ), উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
- মোঃ মাইনুর রহমান, সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
- বিলাস দে, এসসিপিও (রেগ), সেকশন অফিসার (প্রশাসন)

**কর্মচারীর সংখ্যা:** ১০ জন

## প্রশাসন শাখা কর্তৃক আয়োজিত অনুষ্ঠানাদি

### জাতীয় শোক দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল ঢাকার ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের পর মহান নেতার প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিনিধিদল কিছুটা সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ে জাতির পিতার জীবনীর উপর প্রামান্যচিত্র ও পুস্তক প্রদর্শনীর পাশাপাশি শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্র প্রদর্শনী, প্রবন্ধ পাঠ এবং কবিতা আবৃত্তির আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ মশিউর রহমান। অনুষ্ঠান শেষে প্রবন্ধ পাঠ, কবিতা আবৃত্তি, কুইজ প্রতিযোগিতা ও চিত্র প্রদর্শনীর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এছাড়াও জাতির পিতাসহ তাঁর পরিবারের সকল শহিদের রুহের মাগফিরাত কামনা ও দেশ, জাতি এবং বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।





*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভায় বক্তব্যরত স্মারক বক্তা*

**ই-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসাবে বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কাজ অধিকতর স্বচ্ছতা ও দ্রুততার সাথে নিষ্পন্নের লক্ষ্যে দুই ধাপে ০১ অক্টোবর ২০২২ হতে ০৩ অক্টোবর ২০২২ (১ম ব্যাচ) এবং ১১ অক্টোবর ২০২২ হতে ১২ অক্টোবর ২০২২ (২য় ব্যাচ) ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. দিল আফরোজা বেগম অনলাইনে এবং বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন ও কমিশনের সচিব ড. ফেরদৌস জামান সশরীরে উপস্থিত ছিলেন। এছাড়াও অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।





*ই-নথি বিষয়ক প্রশিক্ষণ*

**শেখ রাসেল দিবস-২০২২' উদ্‌যাপন**

১৮ অক্টোবর ২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর আয়োজনে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস উদ্‌যাপিত হয়েছে। দিনের শুরুতে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়ে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। দিবসটি উদ্‌যাপনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে গাছের চারা রোপন করা হয়। এছাড়াও, অডিটরিয়ামে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) এবং বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গ্লোবাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. আনিসুজ্জামান। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে শেখ রাসেলের জীবনীর উপর আলোচনাসহ বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।




*অনুষ্ঠানে বক্তব্যরত স্মারক সভা*



*মাননীয় উপাচার্য কর্তৃক শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ*

**<u>শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম (সেশন ২০২১-২০২২)।</u>**

বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ সেশনে স্নাতক পর্যায়ে নতুন ভর্তিকৃত বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ৬ষ্ঠ ব্যাচ, বিএসসি ইন মেরিন ফিশারিজ ৩য় ব্যাচ, বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং (এনএওই) ৫ম ব্যাচ, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক এবং এলএলবি ইন মেরিটাইম ল' ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২৭ অক্টোবর ২০২২ তারিখে শহিদ মোয়াজ্জম হল, মিরপুর ১৪ এ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে নতুন ভর্তিকৃত শিক্ষার্থী ছাড়াও স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সের রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।




*অনুষ্ঠানে বক্তব্যরত ভাইস-চ্যান্সের মহোদয়*



*ভাইস-চ্যান্সের মহোদয়ের সাথে শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের ফটোসেশন*

**<u>শহিদ বুদ্ধিজীবী দিবস পালন</u>**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর একটি প্রতিনিধিদল শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ঢাকার রায়ের বাজার বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণের পর সকল বুদ্ধিজীবীর প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিনিধিদল কিছুটা সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। দিবসটি উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও অডিটরিয়ামে আলোচনা সভার আয়োজন করা হয়। এছাড়াও, শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে চিত্র প্রদর্শনী ও পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়। সবশেষে, ১৯৭১-এ শহিদ সকল বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।





*রেজিস্ট্রার মহোদয়ের নেতৃত্বে রায়ের বাজার বধ্যভূমি পরিদর্শন ও পুষ্পস্তবক অর্পণ*

*বিশ্ববিদ্যালয়ের "স্টুডেন্টস প্লাটফর্ম" নামক স্বেচ্ছাসেবী সংগঠন কর্তৃক স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি*

**মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃক এ যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন করা হয়। দিনের কর্মসূচি আরম্ভ হয় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। এ উপলক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে (ক্যাফেটেরিয়া ও ক্লাসরুমে অডিটরিয়ামের প্রচারিত অনুষ্ঠান সরাসরি প্রদর্শন) এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত ডকুমেন্টরি প্রদর্শন, শিক্ষক/কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব কর্তৃক বিজয় দিবসের উপর ভিত্তি করে ৩০ মিনিটের এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং অনুষ্ঠান শেষে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। বর্ণিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রধান অতিথি সকল প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।




উদ্‌যাপন অনুষ্ঠানে বক্তব্যরত ভাইস-চ্যান্সেলর মহোদয়




বিজয় দিবসের উপর কর্মকর্তা কর্তৃক প্রবন্ধ পাঠ

**শীতবস্ত্র বিতরণ -২০২৩**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃক জনকল্যাণ ও সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে অসহায় ও এতিমদের মাঝে প্রতি বছরের ন্যায় ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে শীতবস্ত্র বিতরণ করা হয়। শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার মহোদয়ের সাথে পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট), ০২ জন শিক্ষক, অতিরিক্ত রেজিস্ট্রার (জেনারেল), উপ-রেজিস্ট্রার (প্রশাসন), উপ-পরিচালক (পাবলিক রিলেশন) এবং জুনিয়র নিরাপত্তা কর্মকর্তা উপস্থিত ছিলেন।





রেজিস্ট্রার মহোদয় ও অন্যান্য কর্মকর্তা কর্তৃক শীতবস্ত্র বিতরণ

**মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২৩ উদ্‌যাপন**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন করা হয়। দিনের শুরুতে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল কেন্দ্রীয় শহিদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর বিশ্ববিদ্যালয়ে ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উপর প্রবন্ধ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের

ভাইস-চ্যান্সেলর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি প্রবন্ধ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন। সবশেষে, ভাষা শহিদদের রুহের মাগফিরাত কামনা, বাংলা ভাষার সার্বজনীন ব্যবহার এবং দেশ ও বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।



*ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে কেন্দ্রীয় শহিদ মিনারে প্রভাত ফেরীতে পুষ্পস্তবক অর্পণ*




*অনুষ্ঠানে বক্তব্যরত মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়*

**ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সঙ্গে শিক্ষার্থীদের মতবিনিময় সভা আয়োজন**

০২ মার্চ ২০২৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনীর শহিদ মোয়াজ্জেম হলে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে বিভিন্ন বিভাগ ও ব্যাচের স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। উক্ত সভায় শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্ন ও জিজ্ঞাসা উপস্থাপনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর, রেজিস্ট্রার ও ডিন'স কমিটির সভাপতি তাদের মতামত ও উত্তর উপস্থাপন করেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।




*বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় সকল শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করছেন*




*মতবিনিময় সভায় বক্তব্যরত ভাইস-চ্যান্সেলর মহোদয়*

**ঐতিহাসিক ৭ই মার্চ উদ্‌যাপন**

বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অনেক গভীর। এ প্রেক্ষিতে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে আলোচক হিসেবে ক্যাপ্টেন কাজী আলী ইমাম, এক্সপার্ট (পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ) "৭ই মার্চের ভাষণের প্রেক্ষাপট ও তাৎপর্য" এবং অধ্যাপক ড. মরিয়ম বেগম "বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ এবং ওয়ার্ল্ডস ডকুমেন্টরি হেরিটেজ এর অংশ হিসেবে UNESCO এর স্বীকৃতি" বিষয়ে আলোচনা করেন। বর্ণিত অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।





৭ই মার্চের অনুষ্ঠানে বক্তব্যরত ভাইস-চ্যান্সেলর মহোদয়

*অনুষ্ঠানে উপবিষ্ট মাননীয় উপাচার্য মহোদয় ও শিক্ষক, কর্মকর্তাবৃন্দ*

**<u>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন</u>**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি-এর আয়োজনে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। দিনের কর্মসূচি আরম্ভ হয় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। পরবর্তীতে জাতির পিতার জীবনীর উপর আলোচনার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে আলোচক হিসেবে ড. খন্দকার আতিকুর রহমান, সহযোগী অধ্যাপক (ইংরেজি) 'বাঙ্গালীর মুক্তি সংগ্রামের মহা নায়ক বঙ্গবন্ধু' এবং ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক (রসায়ন) 'শিশুদের জন্য বঙ্গবন্ধু' বিষয়ে অলোচনা করেন। সবশেষে, দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।





*অনুষ্ঠানে বক্তব্যরত মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়*

*অনুষ্ঠানে উপবিষ্ট মাননীয় উপাচার্য মহোদয় ও শিক্ষক, কর্মকর্তাবৃন্দ*

**<u>গণহত্যা দিবস-২০২৩ উদ্‌যাপন</u>**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এ যথাযোগ্য মর্যাদায় "গণহত্যা দিবস-২০২৩" পালন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে একটি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গণহত্যা দিবসের উপর নির্মিত চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ভিডিও ক্লিপ প্রদর্শন করা হয়। এছাড়াও গণহত্যা দিবসের উপর ড. আফতাব আলম খান, অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ আলোচনা করেন। বর্ণিত অনুষ্ঠানে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।






অনুষ্ঠানে বক্তব্যরত আলোচক *অনুষ্ঠানে উপবিষ্ট মাননীয় উপাচার্য মহোদয় ও শিক্ষক, কর্মকর্তাবৃন্দ*

**স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্‌যাপন এবং ইফতার আয়োজন**

২৬ মার্চ ২০২৩ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় "স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩" উদ্‌যাপন উপলক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের মেল কমনরুমে চিত্রাঙ্কন, ফটোগ্রাফি, Concept আর্ট প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়াও, আয়োজিত অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ, শিক্ষক/কর্মকর্তা ও শিক্ষার্থীদের অংশগ্রহণে কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগিতা এবং একই দিনে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহ এর কল্যাণ কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। বর্ণিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সের রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, অরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



*অনুষ্ঠানে বক্তব্যরত ভাইস-চ্যান্সেরর মহোদয়*



*বিশ্ববিদ্যালয়ে আয়োজিত ইফতার মাহফিলে দোয়া ও মোনাজাত*

**১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ০৭ ও ০৮ এপ্রিল প্রতিদিন দুটি শিফটে অনুষ্ঠিত হয়। এ বছর ০৪ টি অনুষদের অধীনে ০৫ টি প্রোগামে মোট ২০০ সিটের বিপরীতে ১৭,৯৪৫ জন আবেদন করেছে। ভর্তি পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রংপুর বিভাগে মোট ০৬ টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে।



*ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ*

**অগ্নি নির্বাপক ব্যবহারিক প্রশিক্ষণ আয়োজন**

২৬ এপ্রিল ২০২৩ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ায় অগ্নি নির্বাপণ সম্পর্কিত ব্যবহারিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত ব্যবহারিক প্রশিক্ষণে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন।




*বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ায় অগ্নি নির্বাপণের উপর আয়োজিত ব্যবহারিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ*

**বাংলা নববর্ষ-১৪৩০ উদ্‌যাপন**

১৪ এপ্রিল ২০২৩ তারিখে "১লা বৈশাখ, বাংলা নববর্ষ-১৪৩০" উদ্‌যাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে কালচারাল ক্লাবের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বর্ণিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জাতীয় সংগীত ও এসো হে বৈশাখ গান পরিবেশন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।




*বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে কালচারাল ক্লাবের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের স্থিরচিত্র*

**মাস্টার্স শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন**

০৩ মে ২০২৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে মাস্টার্সের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। মোট ০৯ টি প্রোগ্রামে মাস্টার্সে শিক্ষার্থী ভর্তি হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে শিক্ষার্থীদের বিশেষায়িত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হওয়ায় গভীর আনন্দ ও উচ্ছ্বাসের সাথে স্বাগত জানিয়ে বরণ করে নেয়া হয়। এরপর শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা, নিরাপত্তা ও পরিবেশসহ বিভিন্ন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়।





*স্নাতকোত্তর শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্যরত প্রধান অতিথি*

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদ্‌যাপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে ২৩ মে ২০২৩ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে আলোচক হিসেবে ড. মিস মাহফুজা খাতুন, সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তির উপর আলোকপাত করেন। বর্ণিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার মহোদয় কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।




অনুষ্ঠানে বক্তব্যরত আলোচক




অনুষ্ঠানে বক্তব্যরত ট্রেজারার মহোদয়

## শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সমাবেশ আয়োজন

২৭ মে ২০২৩ তারিখে বানৌজা শেখ মুজিব ঘাঁটির মাল্টিপারপাস শেড এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের সমন্বয়ে সমাবেশ এবং বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন ইনডোর গেমস ও বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাবের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বর্ণিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, অরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।





*বাৎসরিক সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান*

## জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উদ্‌যাপন

২৫ মে ২০২৩ তারিখে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৪ তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে আলোচক হিসেবে মোঃ তুহিন হাসান, প্রভাষক (বাংলা), জাতীয় কবি কাজী নজরুল ইসলামের উপর আলোচনা করেন। এছাড়াও, শিক্ষার্থীদের অংশগ্রহণে 'নজরুল সাহিত্যে অসাম্প্রদায়িক চেতনা' ও 'প্রেম ও দ্রোহের কবি নজরুল' বিষয়ের উপর রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব কর্তৃক কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বর্ণিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে সংগীত পরিবেশনরত শিক্ষার্থীবৃন্দ



অনুষ্ঠানে বক্তব্যরত ভাইস-চ্যান্সেলর মহোদয়

**শুদ্ধাচার পুরস্কার প্রদান**

সরকারী কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী নির্বাচিত কর্মচারীদের প্রতি বছর শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়ে থাকে। এর অধীনে ২২ জুন ২০২৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির নির্বাচিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীদেরকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা নির্বাচিতদের মাঝে পুরস্কার বিতরণ করেন। গ্রেড-২ হতে গ্রেড-৯ এর মধ্য হতে নাজনীন নাহার (উপ-রেজিস্ট্রার-ক্রয়) ও মোঃ আল আমিন (প্রভাষক), গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এর মধ্য হতে জয়নুল আবেদিন, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ এর মধ্য হতে রাসেল আহমেদ, অফিস সহায়ক-কে পুরস্কার প্রদান করা হয়।



*শুদ্ধাচার পুরস্কার বিজয়ীদের সাথে মাননীয় ভাইস-চ্যান্সেলর ও অতিথিবৃন্দ*

**শিক্ষার্থীদের মাঝে ভাইস-চ্যান্সেলর স্কলারশীপ ও বিএসএমআরএমইউ স্কলারশীপ বিতরণ**

২২ জুন ২০২৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে মেধাবী শিক্ষার্থীদের মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায় থেকে মোট ৮৯ জনকে ভাইস-চ্যান্সেলর স্কলারশীপ ও ৪৭ জনকে বিএসএমআরএমইউ স্কলারশীপ প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা শিক্ষার্থীদের মাঝে স্কলারশীপের চেক হস্তান্তর করেন।




*মাননীয় ভাইস-চ্যান্সেলর কর্তৃক শিক্ষার্থীদের মাঝে স্কলারশীপের চেক প্রদান।*

## সংস্থাপন সেকশন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার প্রারম্ভ থেকেই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কর্মচাঞ্চল্য বজায় রাখতে রেজিস্ট্রার-এর অধীনে সংস্থাপন শাখা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অত্র দপ্তর বিশ্ববিদ্যালয়ে বেসামরিক জনবল নিয়োগ, পদোন্নতি ও আপগ্রেডেশনের ব্যবস্থা গ্রহণ করে এবং এ সংক্রান্ত বিভিন্ন নীতিমালা প্রণয়নসহ বিভিন্ন বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের পদায়ন, বদলী ও দায়িত্ব বন্টন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে। বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলকে বিভিন্ন ধরনের ছুটি প্রদান, ছুটির পরিসংখ্যান সংরক্ষণ ও পেনশন সংক্রান্ত কার্য সম্পাদন করে। বিশ্ববিদ্যালয়ে কর্মরত জনবলের দক্ষতা উন্নয়নের অংশ হিসেবে ট্রেনিং, সেমিনার ও ওয়ার্কশপ-এ প্রতিনিধি মনোনয়নসহ অন্যান্য প্রশাসনিক কর্মকান্ড সম্পাদন করে থাকে।

**দপ্তর প্রধান:** কমান্ডার মোহাম্মদ রেজাউল করিম জাকারিয়া, (সি), পিএসসি, বিএন, অতিরিক্ত রেজিস্ট্রার (সংস্থাপন)

**কর্মকর্তাগণের তালিকা:**

- মুহাম্মদ নুরুল আমিন, সহকারী রেজিস্ট্রার (সংস্থাপন)
- মো: আরিফুর রহমান খন্দকার, সেকশন অফিসার (সংস্থাপন)

**কর্মচারীর সংখ্যা:** ০৫ জন

**বিশ্ববিদ্যালয়ের জনবল:**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১২(২) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি (পি নং ৫৯৩)-কে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে ৩১ জানুয়ারি ২০২৩ হতে ৩১ জানুয়ারি ২০২৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ৪ বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে ১২ জন শিক্ষক (পূর্ণকালীন), ০২ জন শিক্ষক (চুক্তিভিত্তিক), ০৩ জন কর্মকর্তা (পূর্ণকালীন) ও ০৪ জন কর্মচারী (পূর্ণকালীন) সহ মোট ২১ জন জনবল নিয়োগ প্রদান করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ে কর্মরত ০৭ জন কর্মকর্তা এবং ০১ কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়।

বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ নৌবাহিনীর ২৫ জন, বাংলাদেশ সেনাবাহিনীর ০২ জন ও বাংলাদেশ বিমান বাহিনীর ০২ জন কর্মকর্তা প্রেষণে নিযুক্ত রয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শিক্ষকবৃন্দ উচ্চ শিক্ষার জন্য বর্তমানে শিক্ষা ছুটিতে রয়েছেন:

| ক্রমিক নং | নাম ও পদবী | শিক্ষাছুটির ধরণ ও মেয়াদকাল | ইউনিভার্সিটি ও দেশের নাম |
|---|---|---|---|
| ১. | খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ | পিএইচডি<br>০৪ বছর | Australian Maritime College, University of Tasmania, Australia |
| ২. | মানছুরা আক্তার, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ | পিএইচডি<br>০৪ বছর | Institute of Water Education (IHE) Delft, Netherlands |
| ৩. | মোহাম্মদ ছাইয়েদুল ইসলাম, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ | পিএইচডি<br>০৪ বছর | University of Newcastle (UON), Newcastle Law School, Australia |
| ৪. | ড. মোঃ মোরশেদুল আলম, সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ | পোস্ট ডক্টোরাল ফেলোশিপ<br>০১ বছর ০৮ মাস ২৩ দিন | Tokyo Biochemical Research Foundation (TBRF) fellowship, Tohoku University, Japan |
| ৫. | মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ | পিএইচডি<br>০৪ বছর | Australian Maritime College, University of Tasmania, Australia |
| ৬. | মো: সাইদী হাসান, সহকারী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ | পিএইচডি<br>০৪ বছর | Institute of Water Education (IHE) Delft, University of Amsterdam, Netherlands |
| ৭. | রাজু আহম্মেদ, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ | পিএইচডি<br>০৫ বছর | University of Houston, Texas, USA |
| ৮. | নুসরাত জাহান, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ | পিএইচডি<br>০৪ বছর ১০ মাস | Virginia Polytechnic Institute and State University, Blacksburg, USA |
| ৯. | দেওয়ান মাজহারুল ইসলাম, সহকারী অধ্যাপক, মেরিটাইম সায়েন্স বিভাগ | পিএইচডি<br>০৩ বছর | Universiti Malaysia Terengganu, Malaysia |
| ১০. | মোসা: ইসরাত জাহান মিলি, সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | পিএইচডি<br>০৫ বছর | University of Massachusetts, Dartmouth, USA |
| ১১. | মারুফা ইসহাক, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | পিএইচডি<br>০৪ বছর | Old Dominion University (ODU), USA |
| ১২. | মেহরান ইসলাম, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ | পিএইচডি<br>০৪ বছর ১০ মাস | Virginia Polytechnic Institute and State University, Blacksburg, USA |
| ১৩. | মোঃ মাসুদ-উল-আলম, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | পিএইচডি<br>০৪ বছর ১০ মাস | University of Georgia, Athens, USA |

বিশ্ববিদ্যালয়ের অর্গানোগ্রামটি ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। বিশ্ববিদ্যালয়ে অনুমোদিত অর্গানোগ্রামের বিপরীতে বর্তমানে নিয়োজিত জনবলের পরিসংখ্যান নিম্নরূপ:

**সামরিক বাহিনীর কর্মকর্তাবৃন্দের পরিসংখ্যান:**

| ক্রমিক নং | পদবি | সংখ্যা |
|---|---|---|
| ১. | রিয়ার এডমিরাল | ০১ |
| ২. | কমডোর | ০৭ |
| ৩. | ক্যাপ্টেন | ০৫ |
| ৪. | কর্নেল | ০১ |
| ৫. | গ্রুপ ক্যাপ্টেন | ০১ |
| ৬. | কমান্ডার | ০৭ |
| ৭. | লে: কর্নেল | ০১ |
| ৮. | উইং কমান্ডার | ০১ |

| | | |
|---|---|---|
| ৯. | লে: কমান্ডার/ই: লে: কমান্ডার | ০৫ |
| | **(ক) মোট** | **২৯** |

**বাংলাদেশ নৌবাহিনীর সদস্যগণের পরিসংখ্যান:**

| ক্রমিক নং | পদবি | সংখ্যা |
|---|---|---|
| ১. | জেসিও’স এবং পিও | ১৭ |
| ২. | লিডিং এবং নিম্নমান | ৪৭ |
| ৩. | এমটিডি | ০৪ |
| | **(খ) মোট** | **৬৮** |

**শিক্ষকবৃন্দের পরিসংখ্যান:**

| ক্রমিক নং | পদবি | সংখ্যা |
|---|---|---|
| ১. | অধ্যাপক | ০১ |
| ২. | সহযোগী অধ্যাপক | ০২ |
| ৩. | সহকারী অধ্যাপক | ২৩ |
| ৪. | প্রভাষক | ২৫ |
| ৫. | চুক্তিভিত্তিক শিক্ষক (অধ্যাপক/ডিসটিংগুইশড এক্সপার্ট/এক্সপার্ট/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক/Full Time Adjunct Faculty) | ১৪ |
| | **(গ) মোট** | **৬৫** |

**কর্মকর্তাবৃন্দের পরিসংখ্যান:**

| ক্রমিক নং | পদবি | সংখ্যা |
|---|---|---|
| ১. | অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব)/অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (৪র্থ গ্রেড) | ০২ |
| ২. | উপ-রেজিস্ট্রার (ক্রয়)/উপ-পরিচালক (অর্থ ও হিসাব) (৫ম গ্রেড) | ০২ |
| ৩. | সহকারী রেজিস্ট্রার/সহকারী পরিচালক/ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/ সহকারী পরিদর্শক/ কম্পিউটার প্রোগ্রামার/প্রোগ্রামার/নির্বাহী প্রকৌশলী (সিভিল)/ সহকারী গ্রন্থাগারিক/ এ্যাসিস্টেন্ট চীফ মেডিক্যাল অফিসার (৬ষ্ঠ গ্রেড) | ১৪ |
| ৪. | সেকশন অফিসার/প্রটোকল অফিসার/রিসার্চ অফিসার/ সহকারী প্রোগ্রামার/ এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল/অটো)/ কাউন্সিলিং অফিসার (৯ম গ্রেড) | ১৩ |
| ৫. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/ উপ-সহকারী প্রকৌশলী/ সহকারী এস্টেট অফিসার/প্রশাসনিক কর্মকর্তা/জুনিয়র নিরাপত্তা কর্মকর্তা (১০ম গ্রেড) | ১০ |
| ৬. | চুক্তিভিত্তিক কর্মকর্তা (অতিরিক্ত রেজিস্ট্রার, ক্রয়/উপ-রেজিস্ট্রার, সিকিউরিটি অ্যান্ড আইডি কার্ড সেকশন) | ০২ |
| | **(ঘ) মোট** | **৪৩** |

**কর্মচারীবৃন্দ, স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প ও দৈনিক ভিত্তিক কর্মচারীর পরিসংখ্যান:**

| ক্রমিক নং | পদবি | সংখ্যা |
|---|---|---|
| ১. | ১১ থেকে ১৬তম গ্রেড | ৮৬ |
| ২. | ১৭ থেকে ২০তম গ্রেড | ৩৮ |
| ৩. | স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প | ১৫ |
| ৪. | দৈনিক ভিত্তিক কর্মচারী | ২৩ |
| | **(ঙ) মোট** | **১৬৩** |
| | **{(ক)+(খ)+(গ)+(ঘ)+(ঙ)} সর্বমোট** | **৩৬৮** |

সরকারের ভিশন ২০৪১ ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর/বিভাগের কার্যক্রমের গতিবৃদ্ধি ও সেবা প্রদানে স্বচ্ছতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রয়োজন। ফলে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে ১৮ জন শিক্ষক/কর্মকর্তা ও ১৮ জন কর্মচারীকে অভ্যন্তরীণ ফাউন্ডেশন ট্রেনিং কোর্স

এবং ৭ জন শিক্ষক ও ৭ জন কর্মকর্তাকে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), বাংলাদেশ নৌবাহিনী, শিল্প মন্ত্রণালয়, Green University of Bangladesh ও Institute of Water Modelling (IWM)-এ প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়।

**বহিঃস্থ সংস্থায় ট্রেনিং প্রোগ্রামের সারসংক্ষেপ নিম্নরূপ:**

| ট্রেনিং এর নাম ও সময় | তারিখ | অংশগ্রহণকারীর সংখ্যা | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| শিল্পোন্নয়নে পেটেন্টের গুরুত্ব এবং চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়; প্রেক্ষাপট: স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণ” শীর্ষক সেমিনার | ০৮ আগস্ট ২০২২ | ০২ জন শিক্ষক | শিল্প মন্ত্রণালয় |
| Indian Ocean Naval Symposium (IONS) ‘Humanitarian Assistance and Disaster Relief’ (HADR) Workshop | ২৩-২৫ আগস্ট ২০২২ | ০৩ জন শিক্ষক | বাংলাদেশ নৌবাহিনী |
| Teaching for Active Learning (TAL Batch 8) | ১০-১২ নভেম্বর ২০২২ | ০২ জন শিক্ষক | Green University of Bangladesh |
| Understanding the Sea Level Rise Dynamics of Bangladesh along the Coast. | ১৬ নভেম্বর ২০২২ | ০২ জন শিক্ষক | Institute of Water Modelling (IWM) |
| Data analytics and Data driven decision making in Office | ২৭ নভেম্বর ২০২২-২৭ জানুয়ারি ২০২৩ | ০২ জন কর্মকর্তা | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট |
| Digital Office Solutions With Google Tools বিষয়ক প্রশিক্ষণ | ৩১ জুলাই ২০২২-১১ আগস্ট ২০২২ | ০২ জন কর্মকর্তা | |
| Digital Office Solutions With Google Tools বিষয়ক প্রশিক্ষণ | ১৮-২৯ সেপ্টেম্বর ২০২২ | ০১ জন কর্মকর্তা | |
| Digital Transformation in Government Offices | ২১ আগস্ট - ১ সেপ্টেম্বর ২০২২ | ০১ জন কর্মকর্তা | |
| পেনশন ও আর্থিক ব্যবস্থাপনা | ২৩ ও ২৪ অক্টোবর ২০২২ | ০১ জন কর্মকর্তা | |

## অ্যাডমিশন শাখা

বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশীপ শাখা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অ্যাডমিশন, রেজিস্ট্রেশন এবং মেধাবী ও গরীব শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করে থাকে। এছাড়াও রেজিস্ট্রার দপ্তরের সকল একাডেমিক কার্যক্রম অত্র শাখা হতে সম্পাদিত হয়।

**শাখ প্রধান:** কমান্ডার মোঃ আবু সাঈদ (সি), পিসিজিএমএস, বিএন, অতিরিক্ত রেজিস্ট্রার

**কর্মকর্তা :** মোহাম্মাদ ইখতিয়ারুল হক, সহকারী রেজিস্ট্রার, অ্যাডমিশন

**কর্মচারীর সংখ্যা:** ০১

**উল্লেখযোগ্য কার্যক্রম**

- বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিশন এর কার্যক্রম সম্পাদন করা হয়।
- একাডেমিক অ্যান্ড স্কলারশিপ এর কার্যক্রম সম্পাদন করা হয়।
- বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন এর কাযক্রর্ম সম্পাদন করা হয়।
- অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করা হয়।

## ক্রয় শাখা

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শুরু থেকেই ক্রয় শাখা বিশ্ববিদ্যালয়ের সকল ক্রয় সংক্রান্ত কার্য সম্পাদন করে আসছে। ক্রয় শাখা বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর/শাখা/ইনস্টিটিউট হতে প্রাপ্ত চাহিদার ভিত্তিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস ২০০৮ অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পাদনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে থাকে। এছাড়া জরুরিভত্তিতে বিভিন্ন দপ্তর কর্তৃক চাহিত আইটেমসমূহ তাৎক্ষণিকভাবে নগদ ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় এবং সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংযোজন এবং বিয়োজন করা হয়ে থাকে।

**শাখা প্রধান:** কমান্ডার মোঃ নাজমুল হক মল্লিক, (জি), বিএন (অবঃ), অতিঃ রেজিস্ট্রার (ক্রয়)

**কর্মকর্তার তালিকা:**

- নাজনীন নাহার, উপ-রেজিস্ট্রার (ক্রয়)
- আলী আসগর (এসসিপিও), সহকারী ক্রয় কর্মকর্তা

**কর্মচারীর সংখ্যা:** ৫ (পাঁচ)

**উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ**

২০২২-২৩ অর্থ বৎসরে টাকা ৯,৩৩,৭৫,৫৩৩.০০ (টাকা নয় কোটি তেত্রিশ লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত তেত্রিশ মাত্র) এর বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদিত হয়। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ব্যয় সংকোচন সংক্রান্ত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক এবং বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর কর্তৃক জরুরিভিত্তিতে চাহিত বিভিন্ন আইটেম সংযোজন-বিয়োজন করত সংশোধিত ক্রয় পরিকল্পনা হয় টাকা ৬,৮১,৩১,৩৯৯.০০ (টাকা ছয় কোটি একাশি লক্ষ একত্রিশ হাজার তিনশত নিরানব্বই মাত্র)। উক্ত ক্রয় পরিকল্পনা মোতাবেক ২০২২-২৩ অর্থ বছরে ১টি মিনিবাস, ০৮টি ল্যাপটপ কম্পিউটার, ২টি প্রিন্টার, নেটওয়ার্ক একসেসরিজ, আইসিটি আইটেমস্, ৫টি ল্যাবের জন্য ২৭টি ল্যাবরেটরি ইন্সট্রুমেন্টসহ অন্যান্য আইটেম ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এছাড়া ২০২২-২৩ অর্থবৎসরে ই-জিপি এর মাধ্যমে প্রথম দরপত্র আহ্বানের প্রক্রিয়া শুরু করা হয়েছে।

## যানবাহন শাখা

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের যানবাহন শাখা বিশ্ববিদ্যালয়ের সকল যানবাহন সমূহের ব্যবহার, নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ করে থাকে। বিশ্ববিদ্যালয়ের যানবাহন ব্যবহার ও নিয়ন্ত্রণ নীতিমালা অনুযায়ী প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের যানবাহন বরাদ্দ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের দৈনন্দিন অফিস/ বিশ্ববিদ্যালয়ে গমনাগমনে রুটিন মোতাবেক যানবাহন প্রদান, দাপ্তরিক কাজে সকল দপ্তরের চাহিদার প্রেক্ষিতে যানবাহনের সহায়তা প্রদান করা হয়ে থাকে। যানবাহন শাখা সার্বিকভাবে যানবাহন সহায়তার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের গাতিশীলতা অব্যাহত রাখছে।

**শাখা প্রধান:** কমান্ডার মুহাম্মদ ফরহাদ হোসেন, (ই), বিএন, অতিরিক্ত রেজিস্ট্রার (যানবাহন)

**কর্মকর্তার তালিকা:**

- মোঃ আব্দুল খালেক, এসসিপিও (এক্স), সেকশন অফিসার
- মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)

**কর্মচারীর সংখ্যা:** ৩০ জন।

**যানবাহন শাখায় বিদ্যমান গাড়ির বিবরণ**

| ক্রঃ নং | গাড়ির ধরন | সংখ্যা |
|---|---|---|
| ১. | জীপ | ০৩ টি |
| ২. | কার | ০৯ টি |
| ৩. | বাস | ০৪ টি |
| ৪. | ডমনিবাস | ০৪ টি |
| ৫. | মাইক্রোবাস | ০৫ টি |
| ৬. | পিকআপ | ০৩ টি |
| ৭. | অ্যাম্বুলেন্স | ০১ টি |
| ৮. | মটরসাইকেল | ০২ টি |
| | **মোট** | **৩১ টি** |

যানবাহন শাখা প্রতি বছর বিভিন্ন অনুষদের শিক্ষার্থীদের একাডেমিক কারিকুলামের অংশ হিসেবে শিক্ষা সফর, দর্শনীয় স্থান পরিদর্শনসহ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে যানবাহন সহায়তা প্রদান করে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২২-২০২৩ অর্থবছরে (জুলাই ২০২২ - জুন ২০২৩) উল্লেখযোগ্য কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদান করা হলো:

**প্রশিক্ষণ**

ড্রাইভারদের গাড়ি চালনায় দক্ষতা বৃদ্ধি, শৃঙ্খলা ও আচার-ব্যবহার উন্নীতকরণ, গাড়ির লগ-বই সঠিকভাবে লিপিবদ্ধ করণ, গাড়ি পরিস্কার-পরিচ্ছন্নতা রাখার লক্ষ্যে **০১ আগস্ট ২০২২ তারিখ হতে ২১ আগস্ট ২০২২ তারিখ** পর্যন্ত সপ্তাহে ০১ দিন করে মোট চার দিনের ০১ টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে উল্লেখিত তারিখে নিম্নে বর্ণিত প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করেন:

| ক্রঃ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষক | তারিখ | ফলাফল |
|---|---|---|---|---|
| ১ | ২৪ জন ড্রাইভার, ০১ জন এমটি ফিটার, ০২ জন এমটি ক্লিনার মোট: ২৭ জন | ক্যা-প্টন এ -ক এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন | ০১-০৮-২০২২ | প্রশিক্ষণ শেষে ড্রাইভারদের মধ্যে গাড়ি চালনায় দায়িত্বশীলতা, আচার-ব্যবহার ও শৃঙ্খলা, গাড়ি চালনার ক্ষেত্রে যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হয়। |
| ২ | | উইং কমান্ডার শামীম আহ-মদ, পিএসসি | ০৭-০৮-২০২২ | |
| ৩ | | কমান্ডার মোঃ আবু সাঈদ, পিসিজিএমএস, বিএন | ১৪-০৮-২০২২ | |
| ৪ | | লেঃ কমান্ডার মোঃ শরীফুল ইসলাম, (শিক্ষা), বিএন | ২১-০৮-২০২২ | |

**শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের যানবাহন সুবিধা**

শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য দৈনন্দিন অফিস/ বিশ্ববিদ্যালয়ে গমনাগমনে ০৯ টি রুট যানবাহন বিদ্যমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে জ্বালানি বাজেটে স্বল্পতা সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান ০৯ টি রুটে যানবাহন প্রদান অব্যাহত রাখা হয়েছিল। ২০২২-২০২৩ অর্থবছরে শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের জন্য ০১ টি ৩০ সিটের মিনিবাস ক্রয় করা হয়েছে।

**শিক্ষার্থীদের শিক্ষা সফর ও দর্শনীয় স্থান পরিদর্শন**

অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কারিকুলামরে অংশ হিসেবে বিএসসি (অনার্স) ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ০২ টি, বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফী প্রোগ্রামের ০৬ টি, বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ প্রোগ্রামের ০২ টি, বিবিএ ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস প্রোগ্রামের ০৪ টি, স্নাতকোত্তর প্রোগ্রামের ০৪ টি ফিল্ড ট্রিপ/ শিক্ষা সফর করার লক্ষ্যে প্রয়োজনীয় যানবাহন প্রদান করেছে। এছাড়া, অত্র বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইনস্টিটিউট/ একাডেমিসমূহ পরিদর্শন, শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের বুনিয়াদি প্রশিক্ষণ, শিক্ষার্থীদের অরিয়েন্টেশন অনুষ্ঠান, অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক সেমিনারসহ জাতীয় ও আন্তর্জাতিক সরকারি দিবসসমূহে আয়োজিত অনুষ্ঠানে যানবাহন শাখা যানবাহন সহায়তা প্রদানের মাধ্যমে সকল কার্যক্রম সফলভাবে সম্পন্নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

# সিকিউরিটি অ্যান্ড আইডি কার্ড শাখা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই সিকিউরিটি অ্যান্ড আইডি কার্ড শাখা বিশ্ববিদ্যালয়ের দুইটি ক্যাম্পাস ও তিনটি হলের সার্বিক নিরাপত্তা বিধানে নিরলস কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ে এবং বিশ্ববিদ্যালয়ের বাইরে আয়োজিত সকল অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা বিধানের সিকিউরিটি অ্যান্ড আইডি কার্ড শাখা কাজ করে থাকে। বিশ্ববিদ্যালয়ের সকল আইডি কার্ড এই শাখা থেকে প্রস্তুত করা হয় এবং সকল শিক্ষক, কর্মকর্তা, কমচারী ও শিক্ষার্থীদের বায়োমেট্রিক এটেনডেন্স এ শাখায় সংরক্ষিত থাকে।

**দপ্তর/শাখা প্রধান:** মোঃ আবু সাঈদ, কমান্ডার বিএন, অতিরিক্ত রেজিস্ট্রার

**কর্মকর্তার তালিকা:**

- এম এম জাহাঙ্গীর, উপ- রেজিস্ট্রার
- এম রবিউল হক, সিকিউরিটি অফিসার
- সুজয় সাহা, সিকিউরিটি সুপারভাইজার
- মোঃ আবু রাশেদ, জুনিয়র সিকিউরিটি অফিসার

**কর্মচারীর সংখ্যা:** ২৬ (ছাব্বিশ) জন।

## উল্লেখযোগ্য কার্যক্রম:

- সার্বক্ষণিক সিসি টিভি মনিটরিং করণ।
- নতুন যোগদানকৃত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের আইডি কার্ড তৈরী ও ইস্যুকরণ।
- জেসিও'স পিওস'দের নৈশ পরিদর্শনের অফিস আদেশ তৈরী করণ।
- বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা প্রহরীদের কর্তব্য বন্টন এবং তা পর্যবেক্ষণ করণ।
- আনসার পিসি/এপিসি ও আনসার প্রহরীদের কর্তব্য পর্যবেক্ষণ করণ।
- আনসার পিসি/এপিসি কর্তৃক সার্বক্ষণিক পালাক্রমে সকল পোষ্ট পরিদর্শনের ব্যাপারে নিশ্চিত করণ।
- শৃঙ্খলা, নিরাপত্তা ও তাদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে নিরাপত্তা প্রহরীদের নিয়মিত ব্রিফিং প্রদান।
- নিয়মিত অগ্নিনির্বাপক ব্রিফিং এবং মহড়া প্রদান।

# পোস্ট গ্রাজুয়েট রিসার্চ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি ট্রান্সফার সেন্টার

গবেষণা ও প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় এবং মানদণ্ডের সহায়ক হিসেবে কাজ করে। এ ব্যাপারে বাংলাদেশ বিশ্ববিদ্যলয় মঞ্জুরী কমিশন এবং অত্র বিশ্ববিদ্যালয়ের সিনেট গবেষণা ও মানসম্মত প্রকাশনার ব্যাপারে যথাযথ দিক নির্দেশনা ও গুরুত্বারোপ করেছে। শিক্ষকগণের চাকরি ক্ষেত্রে গবেষণা ও মানসম্মত প্রকাশনার গুরুত্ব অপরিসীম। একজন শিক্ষকের নিয়োগ হতে শুরু করে পদোন্নতিসহ সকল পর্যায়েই গবেষণা এবং প্রকাশনার বিষয়টি আমলে নেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের গবেষণা ও প্রকাশনার ব্যয় বরাদ্দ, বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট মিটিং-এ উপস্থাপনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত হয়। গবেষণা ও প্রকাশনা খাতে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেটের শতকরা ২ থেকে ৩ ভাগ হারে বরাদ্দের মাধ্যমে মোট গবেষণা খাতের অর্থ মঞ্জুর করা হয়। শিক্ষকগণ তাদের নিজ নিজ গবেষণা প্রকল্পসমূহ দাখিল করেন এবং সম্ভাব্য ব্যয় এবং হিসাব নিজ নিজ ডিন অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট রিসার্চ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি ট্রান্সফার সেন্টারে প্রেরণ করেন। বাছাইকৃত প্রকল্পসমূহ অনুমোদনের পর গবেষকগণকে চারটি সমান কিস্তিতে গবেষণা বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতে অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে তা ন্যায্যতা যাচাইপূর্বক বিশ্ববিদ্যলয় মঞ্জুরী কমিশন হতে ছাড় করা হয়ে থাকে।

**দপ্তর প্রধান:** অধ্যাপক ড. আলতাফ হোসেন, একাডেমিক উপদেষ্টা ও পরিচালক

**কর্মকর্তা:** উইং কমান্ডার শামীম আহম্মেদ, অতিরিক্ত পরিচালক

**কর্মচারীর সংখ্যা:** ০১ (এক) জন

**২০২২-২৩ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম**

| ক্রঃ | গবেষণার শিরোনাম | পরিচালকের নাম | সময়কাল |
|---|---|---|---|
| ০১. | Surface and Subsurface Geo-environmental Assessment of the Cox's Bazar Coastal belt of Bangladesh. | ড. আফতাব আলম খান<br>অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | ০১ বছর |
| ০২. | Numerical Investigation of the Decay of Solution to a Water Wave Model with Nonlocal Viscous Term. | ড. মোহাম্মদ তানজিল হাসান<br>সহযোগী অধ্যাপক (গণিত) | ০১ বছর |
| ০৩. | Environmental Impact Assessment and Ecotoxicology Studies of Andarmanik River: Future Economic Hub of Southern Region. | লেঃ কমান্ডার এম কামরুল আহসান<br>সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | ০১ বছর |
| ০৪. | Investigating the Accidents in Coastal and Inland Waterways of Bangladesh. | মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী<br>সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ০১ বছর |
| ০৫. | A Competitive Analysis of the Ship Recycling Industry Under the New Regulatory Framework of Hong Kong Convention. | ওয়াহিদুল শেখ<br>সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা | ০১ বছর |
| ০৬. | Sustainability Assessment of the Water Resources and Ecosystem of Offshore Islands (Monpura and Hatiya) of the Meghna Estuary: An Eco-Hydrological Approach. | তাসপিয়া হামিদ<br>প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | ০১ বছর |
| ০৭. | An international collaborative research project: Institutional Annual Research Initiative and QS University Ranking roadmap | ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা | ০১ বছর |
| ০৮. | Thesis Report Writing Technique A-Z | কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, বিএন (অবঃ), ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি | ০১ বছর |
| ০৯. | Gender in Maritime Sector: The Unsung Tales of Women Seafarers. | ড. মরিয়ম বেগম<br>অধ্যাপক, ইংরেজি বিভাগ | ০১ বছর |

| | | | |
|---|---|---|---|
| ১০. | Role and Contribution of Chittagong Port to the Economy of Bangladesh. | হালিমা বেগম, সহযোগী অধ্যাপক<br>পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ | ০১ বছর |
| ১১. | Blended Learning and Digital Divide: The Voice of BSMRMU and other Public University Students. | ড. খন্দকার আতিকুর রহমান<br>সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ | ০১ বছর |
| ১২. | Impact of Coastal Tourism on the Biota of South West Bangladesh. | ড. মারিয়া জামান, সহকারী অধ্যাপক<br>মেরিন ফিশারিজ অ্যান্ড এ্যাকুয়াকালচার বিভাগ | ০১ বছর |
| ১৩. | Sustainable use of Natural Resources of Tanguar Hoar: Can Community-based Tourism be a Solution? | মোহাম্মদ মমতাজুল হক আজাদ<br>সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ | ০১ বছর |
| ১৪. | Sustainability of a Sustainability Indicator System: An Empirical Study on an Indigenous Community-operated Sustainable Tourism Indicator System at Boga Lake, Bangladesh | মো: সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক<br>মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | ০১ বছর |
| ১৫. | Collaborative Multimodal Transport Network for Sustainable Maritime Logistics Operation in Bangladesh. | সুনন্দা মজুমদার, প্রভাষক<br>পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ | ০১ বছর |
| ১৬. | Groundwater Resource Assessment and Determination of its Sustainability in the South central Offshore Region of Bangladesh. | মো: আল আমিন<br>প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | ০১ বছর |
| ১৭. | An Investigation on Current Financial and Cost Accounting Practices of Shipbuilding Industry of Bangladesh. | এমরানুল হক<br>প্রভাষক<br>একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস | ০১ বছর |
| ১৮. | Climate Change impact of Maritime Region on Environmental Economics Envisaging Blue Carbon Sequestration: A Remote Sensing Approach | মো: আশিকুর রহমান<br>রিসার্চ অফিসার<br>আইবিবিবিএস | ০১ বছর |

# পাবলিক রিলেশন অ্যান্ড ইনফরমেশন দপ্তর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর প্রতিষ্ঠার শুরু থেকেই বিশ্ববিদ্যালয়ের সভা-সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, সৌজন্য সাক্ষাত, জাতীয় দিবস উদযাপনসহ বিভিন্ন উল্লেখযোগ্য অনুষ্ঠানের মিডিয়া কভারেজসহ সকল অনুষ্ঠানের ফটোগ্রাফি নিশ্চিতের জন্য পাবলিক রিলেশন অ্যান্ড ইনফরমেশন দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নিয়োগ, ভর্তি ও টেন্ডারসহ অন্যান্য সকল বিজ্ঞপ্তি এই দপ্তর হতে জাতীয় দৈনিক পত্রিকা ও টিভি চ্যানেলে প্রকাশ ও প্রচারের ব্যবস্থা করা হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ের প্রচারনা বৃদ্ধির জন্য পাবলিক রিলেশন অ্যান্ড ইনফরমেশন দপ্তর বদ্ধপরিকর।

**দপ্তর প্রধান:** কমান্ডার এম নাজমুল হক মল্লিক, (জি), বিএন (অব:), পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**কর্মকর্তা:** মো: সালমান সাদেকীন চয়ন, উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**কর্মচারীর সংখ্যা:** ০২ জন

# বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত সেমিনার

**"ইউএন ডিকেড অব ওশান সায়েন্স- ইম্পেরেটিভস ফর বাংলাদেশ"- শীর্ষক আন্তর্জাতিক সেমিনার আয়োজন**

১৭ নভেম্বর ২০২২ তারিখে ঢাকাস্থ কৃষিবিদ ইনস্টিটিউশনে "ইউএন ডিকেড অব ওশান সায়েন্স- ইম্পেরেটিভস ফর বাংলাদেশ"- শীর্ষক দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল এম খোরশেদ আলম (অবঃ)। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। প্রধান অতিথি তাঁর বক্তব্যে জাতিসংঘ ঘোষিত সমুদ্র বিজ্ঞান দশকের তাৎপর্য অনুধাবন করে দেশের সুনীল অর্থনীতির অপার সম্ভাবনা নিশ্চিতকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর ব্লু-ইকোনমি পলিসি বাস্তবায়নে মেরিটাইম গবেষণা ও শিক্ষার উপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি অন্যতম অগ্রণী ভুমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ অতিথি তাঁর প্রবন্ধে বাংলাদেশের টেকসই উন্নয়নের জন্য সমুদ্রবিজ্ঞানের বিবিধ ব্যবহার ও নতুন নতুন গবেষণার প্রতি গুরুত্বারোপ করেন। সেমিনার উপলক্ষে "এন ইলাস্ট্রেটিভ জার্নাল অন ওশান সায়েন্স" শীর্ষক একটি বিশেষ প্রকাশনার মোড়ক উন্মোচন করা হয়। এতে ভারত, পর্তুগাল, নেদারল্যান্ডস, ইংল্যান্ড এবং স্বাগতিক বাংলাদেশের মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে শিক্ষা মন্ত্রনালয় ও ইউজিসিসহ অন্যান্য বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তা, বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে আগত প্রতিনিধি, মেরিটাইম সংস্থা এবং মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা অংশগ্রহণ করেন। দিনব্যাপী এই সেমিনারে ০২ টি প্ল্যানারি সেশন ও ০৩ টি প্যারালাল টেকনিকাল সেশনের আয়োজন করা হয়। এছাড়াও, সেমিনারে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে পোস্টার প্রেজেন্টেশন প্রতিযোগিতার আয়োজন করা হয়।





*সেমিনারে প্রবন্ধ পাঠরত দেশি-বিদেশি মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ*

**ইন্টিগ্রেটেড ডেলটা গভর্ন্যান্স অ্যান্ড ওশান ম্যানেজমেন্ট ইন দ্যা বে অব বেঙ্গল- ওয়ে এহেড"-শীর্ষক আন্তর্জাতিক সেমিনার আয়োজন**

৩১ জুলাই ২০২২ তারিখে ঢাকাস্থ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে **"ইন্টিগ্রেটেড ডেলটা গভর্ন্যান্স অ্যান্ড ওশান ম্যানেজমেন্ট ইন দ্যা বে অব বেঙ্গল- ওয়ে এহেড"**-শীর্ষক দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ) কর্তৃক আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশে নিযুক্ত ভারতের মান্যবর হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী উপস্থিত ছিলেন। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল এম খোরশেদ আলম (অবঃ)। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বাংলাদেশের সুনীল অর্থনীতির অপার সম্ভাবনা বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রীর ডেলটা প্ল্যান বাস্তবায়নে মেরিটাইম গবেষণা ও শিক্ষার উপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বিশেষ ভুমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে ভারতের গুজরাট ন্যাশনাল ল' ইউনিভার্সিটি ও দিল্লির ন্যাশনাল মেরিটাইম ফাউন্ডেশন এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির মাঝে একাডেমিক সহায়তা সংক্রান্ত পৃথক দুটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন গুজরাট ন্যাশনাল ল ইউনিভার্সিটির পরিচালক প্রফেসর এস সান্থাকুমার, ন্যাশনাল মেরিটাইম ফাউন্ডেশনের ডিরেক্টর জেনারেল ভাইস এডমিরাল প্রদীপ চৌহান (অবঃ), বাংলাদেশ সেন্টার ফর অ্যাডভান্স স্টাডিজ-এর নির্বাহী পরিচালক ড. আতিক রহমান, বুয়েটের প্রফেসর ড. রেজাউর রহমান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির প্রফেসর ড. মোহাম্মদ নাজির হোসেন। সেমিনারে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসিসহ বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ, মেরিটাইম সংস্থা এবং মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ স্বশরীরে অংশগ্রহণ করেন।




*সেমিনারে বক্তব্যরত প্রধান অতিথি মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি*




*ভারতের গুজরাট ন্যাশনাল ল' ইউনিভার্সিটির সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর*

**<u>বাংলাদেশের মেরিটাইম খাতে দুর্নীতির চ্যালেঞ্জ ও করণীয়"-শীর্ষক সেমিনার আয়োজন</u>**

১৮ ডিসেম্বর ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয় "বাংলাদেশের মেরিটাইম খাতে দুর্নীতির চ্যালেঞ্জ ও করণীয়"-শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের কমিশনার (অনুসন্ধান) ড. মোঃ মোজাম্মেল হক খান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। সেমিনারটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি ও মেরিটাইম এন্টি করাপশন নেটওয়ার্ক বাংলাদেশ সমন্বিতভাবে আয়োজন করে। সেমিনারে উদ্বোধনী বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগের সভাপতি প্রফেসর ক্যাপ্টেন কাজী আলী ইমাম। সেমিনারে ডেনমার্ক, নাইজেরিয়া এবং স্বাগতিক বাংলাদেশের মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তা, বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে আগত প্রতিনিধি, মেরিটাইম সংস্থা এবং মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা অংশগ্রহণ করেন।




*সেমিনারে বক্তব্যরত প্রধান অতিথি*

**<u>দুর্নীতি প্রতিরোধকল্পে সেমিনার আয়োজন</u>**

০৫ মার্চ ২০২৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে শুদ্ধাচার চর্চার অংশ হিসেবে দুর্নীতি প্রতিরোধকল্পে একটি সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। সেমিনারে মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন যথাক্রমে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের পরিচালক (প্রশাসন) মোহাম্মদ রাজিবুল ইসলাম, দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক (প্রতিরোধ) মোঃ আক্তার হোসেন এবং বিশ্ববিদ্যালয়ের আইবিবিবিএস-এর পরিচালক কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন (অবঃ)। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




*সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করছেন দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক (প্রতিরোধ) মোঃ আক্তার হোসেন।*

# পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

অত্র বিশ্ববিদ্যালয়ের চলমান স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন পরীক্ষাসহ অধিভুক্ত প্রতিষ্ঠান সমূহের যাবতীয় পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন এবং যথাসময়ে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের মূল দায়িত্ব। তাছাড়া ছাত্র-ছাত্রীদের সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করাও অত্র দপ্তরের অন্যতম দায়িত্ব। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র দপ্তর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সচেষ্ট রয়েছে। এ প্রেক্ষিতে, ২০২২-২৩ শিক্ষাবর্ষে অত্র বিশ্ববিদ্যালয়ে এবং অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিস্তারিত বিবরণ নিম্নরুপ:

**দপ্তর প্রধান:** ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, (অবঃ), বিএন, পরীক্ষা নিয়ন্ত্রক

**কর্মকর্তাগণের তালিকা:**

- সুশীল বড়ুয়া, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
- লেঃ কমান্ডার মোঃ শরীফুল ইসলাম, (শিক্ষা), বিএন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
- ফারহানা রশীদ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
- আহাম্মদ করিম, প্রোগামার
- মোঃ সাকিবুল হাসান সজীব, সেকশন অফিসার
- সরফরাজ আলী হায়দার, সহকারী প্রোগামার

**কর্মচারীর সংখ্যা:** ০৬ জন

**২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রকাশিত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের সার-সংক্ষেপ-**

**স্নাতক পর্যায়ের বিভিন্ন প্রোগামের চুড়ান্ত ফলাফল-এর সার-সংক্ষেপ নিম্নরুপ:**

| ক্র নং | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ১. | বিএসসি (অনার্স) ইন্ ওশানোগ্রাফি ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) | ৩০ মার্চ ২০২৩ | ৩৬ | ৩৪ |
| ২. | বিএসসি-ইন্-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) | ২০ ফেব্রুয়ারি ২০২৩ | ২৭ | ২৭ |

**বিশ্ববিদ্যালয়ের স্পেশাল গ্রাজুয়েশন প্রোগ্রাম ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (বিওএমএস)-এর ১ম ও ২য় ব্যাচের চূড়ান্ত ফলাফল-এর সার-সংক্ষেপ নিম্নরুপ:**

<table>
<tr><th>ক্র নং</th><th>পরীক্ষার নাম</th><th>ফলাফল প্রকাশের তারিখ</th><th>পরীক্ষায় অবতীর্ণ</th><th>উত্তীর্ণ</th></tr>
<tr><td rowspan="2">১.</td><td rowspan="2">ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (বিওএমএস)-এর ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০)</td><td rowspan="4">০২ জানুয়ারি ২০২৩</td><td>০৫ (নটিক্যাল)</td><td>০৫</td></tr>
<tr><td>০৪ (ইঞ্জিনিয়ারিং)</td><td>০৪</td></tr>
<tr><td rowspan="2">২.</td><td rowspan="2">ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (বিওএমএস)-এর ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১)</td><td>০৬ (নটিক্যাল)</td><td>০৬</td></tr>
<tr><td>০৩ (ইঞ্জিনিয়ারিং)</td><td>০৩</td></tr>
</table>

**স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের চূড়ান্ত ফলাফল-এর সার-সংক্ষেপ নিম্নরূপ:**

| ক্র নং | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ❖ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল (১ম ধাপ) | ৩১ জুলাই ২০২২ | ০২ | ০২ |
| ❖ | মাস্টার্স-ইন-মেরিন বায়োটেকনোলজি ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল | ৩১ জুলাই ২০২২ | ০৫ | ০৫ |
| ❖ | এমবিএ-ইন-মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল (১ম ধাপ) | ০৬ সেপ্টেম্বর ২০২২ | ০২ | ০২ |
| ❖ | মাস্টার্স-ইন-মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্রাটেজিক স্টাডিস ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল | ০৬ সেপ্টেম্বর ২০২২ | ০৪ | ০৪ |
| ❖ | মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯)-এর চূড়ান্ত ফলাফল (২য় ধাপ) | ৩০ জানুয়ারি ২০২৩ | ০৮ | ০৮ |
| ❖ | এলএলএম-ইন্-মেরিটাইম ল’ ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষ:২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল | ৩০ জানুয়ারি ২০২৩ | ০৪ | ০৪ |
| ❖ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯)-এর চূড়ান্ত ফলাফল (১ম ধাপ) | ২৯ ডিসেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ❖ | মাস্টার্স-ইন-মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্রাটেজিক স্টাডিজ ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল (২য় ধাপ) | ৩০ জানুয়ারি ২০২৩ | ০১ | ০১ |
| ❖ | মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর চূড়ান্ত ফলাফল | ২৩ মার্চ ২০২৩ | ০৭ | ০৭ |
| ❖ | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ:২০২০-২১)-এর চূড়ান্ত ফলাফল | ১২ এপ্রিল ২০২৩ | ০৪ | ০৪ |
| ❖ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ:২০১৮-১৯)-এর চূড়ান্ত ফলাফল | ৩০ মে ২০২৩ | ০১ | ০১ |

**অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের ফলাফল**

**বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম- এর বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভিন্ন ব্যাচের চূড়ান্ত ফলাফল-এর সার-সংক্ষেপ নিম্নরূপ:**

| ক্র. নং | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ১. | বিএমএস (অনার্স) নটিক্যাল (৫২তম ব্যাচ; ২য় ধাপ) | ২৯ আগস্ট ২০২২ | ০১ | ০১ |
| ২. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৭ম ব্যাচ; ৩য় ধাপ) | ২৪ জুলাই ২০২২ | ০৯ | ০৯ |
| ৩. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৯ম ব্যাচ; ২য় ধাপ) | ১২ সেপ্টেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ৪. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৮ম ব্যাচ; ৩য় ধাপ) | ১২ সেপ্টেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ৫. | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৭ম ব্যাচ; ৪র্থ ধাপ) | ১২ সেপ্টেম্বর ২০২২ | ০১ | ০১ |
| | | | ০২ (ইঞ্জিনিয়ারিং) | ০২ |
| ৬. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৬ষ্ঠ ব্যাচ; ৪র্থ ধাপ) | ১২ সেপ্টেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ৭. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ২য় ব্যাচ; ১১তম ধাপ) | ১২ সেপ্টেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ৮. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (৫৩তম ব্যাচ; ১ম ধাপ) | ১২ সেপ্টেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ৯. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (৫২তম ব্যাচ; ৩য় ধাপ) | ৩০ অক্টোবর ২০২২ | ০১ | ০১ |
| ১০. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৮ম ব্যাচ; ৪র্থ ধাপ) | ২৪ নভেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ১১. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ১০ম ব্যাচ; ১ম ধাপ) | ২৪ নভেম্বর ২০২২ | ০৩ | ০৩ |
| ১২. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৯ম ব্যাচ; ৩য় ধাপ) | ২৭ ডিসেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ১৩. | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৩য় ব্যাচ; ৬ষ্ঠ ধাপ) | ২৯ ডিসেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ১৪. | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৭ম ধাপ) | ২৯ ডিসেম্বর ২০২২ | ০১ | ০১ |
| ১৫. | বিএমএস (পাশ কোর্স) নটিক্যাল (৪৭তম ব্যাচ; ৪র্থ ধাপ) | ২৯ ডিসেম্বর ২০২২ | ০১ | ০১ |

| ক্র. নং | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ১৬. | বিএমএস (পাশ কোর্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (৫০তম ব্যাচ; ৯ম ধাপ) | ২৯ ডিসেম্বর ২০২২ | ০১ (নটিক্যাল) | ০১ |
| | | | ০১ (ইঞ্জিনিয়ারিং) | ০১ |
| ১৭. | বিএমএস (পাশ কোর্স) নটিক্যাল (৫১তম ব্যাচ; ৫ম ধাপ) | ২৯ ডিসেম্বর ২০২২ | ০৩ (নটিক্যাল) | ০৩ |
| ১৮. | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৫ম ব্যাচ; ৬ষ্ঠ ধাপ) | ১৫ জানুয়ারি ২০২৩ | ০১ (নটিক্যাল) | ০১ |
| | | | ০১ (ইঞ্জিনিয়ারিং) | ০১ |
| ১৯. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৬ষ্ঠ ব্যাচ; ৫ম ধাপ) | ১৫ জানুয়ারি ২০২৩ | ০১ | ০১ |
| ২০. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৭ম ব্যাচ; ৫ম ধাপ) | ১৫ জানুয়ারি ২০২৩ | ০১ | ০১ |
| ২১. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (৫২তম ব্যাচ; ৪র্থ ধাপ) | ২২ জানুয়ারি ২০২৩ | ০১ | ০১ |
| ২২. | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ২য় ব্যাচ; ১২তম ধাপ) | ৩১ জানুয়ারি ২০২৩ | ০১ | ০১ |
| ২৩. | বিএমএস ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৫ম ব্যাচ; ৭ম ধাপ) | ৩১ জানুয়ারি ২০২৩ | ০১ | ০১ |
| ২৪. | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৭ম ব্যাচ; ৬ষ্ঠ ধাপ) | ১৫ ফেব্রুয়ারি ২০২৩ | ০১ | ০১ |

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম – এর **বিএসসি (অনার্স) বিভিন্ন ব্যাচের** চূড়ান্ত ফলাফল-এর সার-সংক্ষেপ **নিম্নরূপ:**

| পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|
| বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ (৩৯ তম ব্যাচ) | ৩১ আগস্ট ২০২২ | ১৪ | ১৪ |

**উন্নয়ন কর্মকাণ্ড**

ক্রমবিকাশের ধারাবাহিকতায় অত্র বিশ্ববিদ্যালয়ের কলেবর দিন দিন বৃদ্ধিহেতু অত্র দপ্তরের কর্মকাণ্ড ও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। আগামী ০১ (এক) বছরে অনুষ্ঠিতব্য পরীক্ষা সমূহ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে ইতোমধ্যে প্রয়োজনীয় উত্তরপত্রসহ অন্যান্য উপকরণ গুদামজাত করা হয়েছে। এতদ্ব্যতীত, BSMRMU Integrated Management System (BIMS)-সফটওয়্যারের সাহায্যে অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের ফলাফল প্রকাশ করা হচ্ছে।

# পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি আইন ২০১৩ এর ধারা ৫ (১) মোতাবেক অঙ্গীভূত ও অধিভুক্ত একাডেমি, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম সরেজমিনে তদারকীকরণ, নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, উন্নয়ন ইত্যাদি সংক্রান্ত বিষয়াদি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হবে। এক্ষেত্রে পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) এর কার্যালয় বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট হিসেবে ভূমিকা পালন করে থাকে। অধিভুক্ত কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট এর অধিভুক্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট সংবিধি-২০১৮ মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এর অনুমোদনক্রমে ২২ জানুয়ারি ২০১৯ তারিখে প্রণয়ন করা হয়েছে। বিএসএমআরএমইউ কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট অধিভুক্তি সংবিধি-২০১৮ অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত মেরিটাইম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তিকরণসহ একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে।

**দপ্তর প্রধান:** ক্যাপ্টেন এম তৌহিদ সাগর, (এস), পিএসসি, বিএন, পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট)

**কর্মকর্তার তালিকা:**

- নিয়াজ আব্দুল্লাহ, সহকারী পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট)
- মোঃ নুরুল কাদের, প্রশাসনিক কর্মকর্তা

**কর্মচারীর সংখ্যা :** ০২ জন।

## উল্লেখযোগ্য কার্যক্রম

**বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামে সভায় অংশগ্রহণ ও পরিদর্শন**

১৮ ডিসেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামে প্রশিক্ষণরত ৫৭ ব্যাচ ক্যাডেটদের নির্ধারিত সময়ের ০৬ (ছয়) মাস পূর্বে শিক্ষা সমাপনী পাসিং-আউট পূর্বক সমুদ্রগামী জাহাজে প্রেরণের বিষয়ে অনুষ্ঠিত সভায় অত্র দপ্তরের পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) অংশগ্রহণ করেন। তাছাড়াও ১৯ মার্চ ২০২৩ তারিখে ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি পরিদর্শন টিম বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করেন। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়নের লক্ষ্যে পরিদর্শন টিম কর্তৃক বিভিন্ন দিক নিদের্শনা প্রদান করা হয়। একাডেমির শিক্ষা কার্যক্রমের উন্নয়ন ও পরীক্ষা পর্যবেক্ষণের নিমিত্তে পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) দপ্তরের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সময়ে পরিদর্শন করেন।

**মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম সংশ্লিষ্ট সভায় অংশগ্রহণ ও পরিদর্শন**

২২ আগস্ট ২০২২ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ০৪ (চার) সদস্যের একটি প্রতিনিধি দল মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করেন। পরিদর্শন টিম কর্তৃক একাডেমির শিক্ষা কার্যক্রম, প্রশাসনিক ও একাডেমিক ভবন, লাইব্রেরি, ক্যাডেট ব্লক, বিভিন্ন গবেষণাগার, ফিস মিউজিয়াম, সুইমিং পুল, জিমনেশিয়ামসহ বিভিন্ন অবকাঠামো পরিদর্শন করা হয়। মেরিন ফিশারিজ একাডেমির ৪৩তম ব্যাচে মেরিন ফিশারিজ বিভাগে ক্যাডেট ভর্তির মৌখিক পরীক্ষায় অত্র দপ্তরের সহকারী পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। ২৮ নভেম্বর ২০২২ তারিখে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর গভর্নিং বডির ৩য় সভায় অত্র দপ্তরের পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) অংশগ্রহণ করেন। উল্লেখ্য, ২১ মার্চ ২০২৩ তারিখে ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে ০৪ (চার) সদস্যের একটি পরিদর্শন টিম মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করেন।

**বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট, রংপুর, পাবনা ও বরিশালকে অধিভুক্তকরণ**

বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট এর আবেদনের প্রেক্ষিতে সিন্ডিকেটের ৩১তম সভার সিদ্ধান্ত মোতাবেক ০৮ আগস্ট ২০২২ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির, অধীনে বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট, রংপুর, পাবনা ও বরিশালকে অধিভুক্ত করা হয়। বর্তমানে উল্লিখিত একাডেমিসমূহে নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগে স্নাতক সম্মান প্রোগ্রামে ০২টি ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।

**বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল পরিদর্শন এবং চীন সফর**

২২ নভেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর গভর্নিং বডির ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র দপ্তরের পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) অংশগ্রহণ করেন। ০৫ ও ০৬ মে ২০২৩ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল Weihai Vocational College, China এবং Weihai international Economic and Technical Cooperative Company Limited (WIETC) এর কর্তৃপক্ষের সাথে Bangladesh China Agreement on “Joint International

Maritime Education and Training cooperation”শীর্ষক সমঝোতা স্মারক সংক্রান্ত সভায় অত্র দপ্তরের পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) এবং সহকারী পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) অংশগ্রহণ করেন। বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর সাথে Weihai Vocational College, China এবং Weihai Xingya Shipping Co, Ltd এর মধ্যে সমঝোতা স্মারকের সম্ভাব্যতা এবং প্রতিষ্ঠানসমূহের গ্রহণযোগ্যতা, সক্ষমতা ও প্রশিক্ষণ সুবিধা প্রভৃতি বিষয়সমূহ সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে যাচাই-বাছাইয়ের লক্ষ্যে অত্র দপ্তরের সহকারী পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) ১৩ মে ২০২৩ হতে ১৮ মে ২০২৩ তারিখ পর্যন্ত বাংলাদেশ প্রতিনিধি দলের সঙ্গে চীন সফর করেন।

**ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর**

০৪ আগস্ট ২০২২ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ০৪ (চার) সদস্যের একটি প্রতিনিধি দল ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর পরিদর্শন করেন। এছাড়া ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে ০৭ (সাত) সদস্যের একটি পরিদর্শন টিম ১৯ জুন ২০২৩ তারিখে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর পরিদর্শন করেন। পরিদর্শন টিম কর্তৃক চার্ট/মেশিন ড্রয়িং রুম, ফিজিক্স ল্যাব, আইএমএ শিপইয়ার্ড ল্যাব, কম্পিউটার ল্যাব, সিম্যানশিপ ল্যাব, ট্যাংকার ইকুইপমেন্ট রুম, জিমনেশিয়াম, ডাইনিং হল, ওয়ার্কশপ, শিক্ষক রুম, ক্যাডেট অফিস, ক্যাডেটস রিক্রিয়েশন রুম, সিক বে, ক্যাডেট হোস্টেল, সেমিনার রুম, পিএলসি কন্ট্রোল রুম, একাডেমিক ও প্রশাসনিক ব্লক, অডিটরিয়াম, বঙ্গবন্ধু কর্ণার ও লাইব্রেরিসহ বিভিন্ন অবকাঠামো পরিদর্শন করা হয়। এছাড়াও ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমির অঙ্গপ্রতিষ্ঠান বাংলাদেশ মেরিটাইম ট্রেনিং ইনস্টিটিউট (BMTI), উত্তরা ঢাকায় ইঞ্জিন সিমুলেটর রুম, সেমিনার রুম, লাইব্রেরি, ECDDS-RADAR-Liquid Cargo Simulator Room, Full Mission Bridge Simulator Room, চার্ট/মেশিন ড্রয়িং রুম, ক্লাস রুম, GMDSS Simulator Room, এডমিন ব্লক পরিদর্শন করা হয়।

**বাংলাদেশ নেভাল একাডেমি, চট্টগ্রাম**

বাংলাদেশ নেভাল একাডেমি, চট্টগ্রামকে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তির জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির কলেজ অ্যাকাডেমি ও ইনস্টিটিউট অধিভুক্তি সংবিধি-২০১৮ মোতাবেক আবেদনপত্র ও যোগ্যতা যাচাই এবং পরিদর্শন সংক্রান্ত একটি টিম গঠন করা হয়। উক্ত পরিদর্শন টিম কর্তৃক ২৩ এবং ২৪ জানুয়ারি ২০২৩ তারিখে বাংলাদেশ নেভাল একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করা হয়। পরিদর্শন টিম কর্তৃক অগ্নি নির্বাপণ ব্যবস্থাপনা, খেলার মাঠ, লাইব্রেরি, সিক বে (মেডিকেল সেন্টার), সিমুলেটর, নিরাপত্তা লকার, ল্যাংগুয়েজ ল্যাব, ক্লাস রুম, বঙ্গবন্ধু কর্নার ও আবক্ষ মূর্তি, সিম্যানশিপ মডেল রুম, চার্ট ওয়ার্ক রুম, ইঞ্জিনিয়ারিং ড্রয়িং রুম, ওয়ার্কশপ, গানারি মডেল রুম, গান রুম (ক্যাডেট ব্লক), জিমনেশিয়াম, সুইমিংপুল, ডাইনিং, অডিটরিয়াম, প্যারেড গ্রাউন্ড ও মাস্তুলসহ বিভিন্ন অবকাঠামো পরিদর্শন করা হয়। বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তির লক্ষ্যে BBA in Logistics and Management ও B.Sc (Hons) in Maritime Science পাঠ্যক্রম কমিটি গঠন করা হয়েছে, যার কার্যক্রম চলমান। এছাড়া ০৪ এপ্রিল ২০২৩ তারিখে সহকারী নৌপ্রধান (পার্সোনেল) এর সভাপতিত্বে নৌ সদরস্থ কনফারেন্স রুম (জুপিটার) এ বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তি সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষে ডিন (এফইওএস) এর নেতৃত্বে ০৬ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দল অংশগ্রহণ করেন।

**অধিভুক্ত মেরিন একাডেমিসমূহে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সমন্বিত ক্যাডেট ভর্তি পরীক্ষা**

সরকারি ও অনুমোদিত বেসরকারি মেরিন একাডেমিসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ক্যাডেট ভর্তির লক্ষ্যে সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে অত্র দপ্তরের পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) এবং সহকারী পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) বিভিন্ন সময়ে নৌপরিবহণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণ করেন। ২৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে নৌপরিবহণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ২০২২-২৩ শিক্ষাবর্ষে মেরিন ক্যাডেট ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়া ০৬ অক্টোবর ২০২২ তারিখে শারীরিক ও চক্ষু পরীক্ষা এবং ১৪ ও ১৫ অক্টোবর ২০২২ তারিখে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) এবং সহকারী পরিদর্শক (একাডেমি/ইনস্টিটিউট) অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। উল্লেখ্য যে, ২০২২-২৩ শিক্ষাবর্ষে মেরিন একাডেমিসমূহে সর্বমোট ৬১০ জন ক্যাডেট ভর্তি হয়েছে।

**অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীর সংখ্যা**

বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে ০৬টি সরকারি এবং ০১টি বেসরকারি মেরিন একাডেমি অধিভুক্ত রয়েছে। উক্ত একাডেমিসমূহের অধ্যায়নরত শিক্ষার্থীর সংখ্যা নিম্নরূপ:

| ক্রমিক | একাডেমির নাম | নটিক্যাল | মেরিন ইঞ্জিনিয়ারিং | মেরিন ফিশারিজ | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | ২৫৮ (ছাত্রী-১৯) | ২৬৬ (ছাত্রী-২১) | - | ৫২৪ (ছাত্রী-৪০) |
| ২. | মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম | ৯৯ (ছাত্রী-০৪) | ৯৮ (ছাত্রী-০৯) | ৬৬ (ছাত্রী-০৭) | ২৬৩ (ছাত্রী-২০) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩. | বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর | ৫৮ | ৫৭ | - | ১১৫ |
| ৪. | বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা | ৬০ | ৫৬ | - | ১১৬ |
| ৫. | বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট | ৫৬ | ৫৫ | - | ১১১ |
| ৬. | বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল | ৫৭ | ৬০ | - | ১১৭ |
| ৭. | ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর | ৭৮ | ৮০ | - | ১৫৮ |
| সর্বমোট | | ৬৬৬ | ৬৭২ | ৬৬ | ১৪০৪ |

# ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে বদ্ধপরিকর। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেলটি প্রতিষ্ঠার শুরু থেকেকেই বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষার মান উন্নয়ন, শিক্ষকদের শিখন-শিক্ষণ এর পদ্ধতি ও দক্ষতা বৃদ্ধিতে কাজ করে আসছে। সেলটি বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্যবৃন্দের দক্ষতা বৃদ্ধিতে অভ্যন্তরীণ সেমিনার, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোয়ালিটি স্পেশালিস্টদের দ্বারা সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করে থাকে। এছাড়াও শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষা ব্যবস্থা প্রভৃতির উন্নয়নে এ সেল মূল্যায়ন কার্যক্রম শুরু করেছে।

**দপ্তর/শাখা প্রধান:** ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন, পরিচালক, আইকিউএসি
**কর্মকর্তা:** মোঃ ওসমান হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক, আইকিউএসি।
**কর্মচারীর সংখ্যা:** ০২ (দুই) জন।

## উল্লেখযোগ্য কার্যক্রম

### বিশ্ববিদ্যালয়ের ২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স:

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেলের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের "২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স" ০২ অক্টোবর ২০২২ থেকে ১৫ নভেম্বর ২০২২ পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত ট্রেনিং কোর্সে বিশ্ববিদ্যালয়ের ০৮ জন অনুষদ সদস্য ও ১০ জন কর্মকর্তাসহ মোট ১৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। কোর্সটিতে রিসোর্স পার্সন হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্মানিত সচিব, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, এমিরেটাস অধ্যাপক, অধ্যাপকবৃন্দ, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপ-সচিব, বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ অনুষদ সদস্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কোর্সটিতে অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য কয়েকটি পৃথক মডিউল এবং কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা অর্জনের লক্ষ্যে ট্রেনিং কোর্সের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীবৃন্দ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ নেভাল একাডেমি, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (BORI), বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুরসহ বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করেন।

১০ নভেম্বর ২০২২ তারিখে ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাননীয় চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. দিল আফরোজা বেগম ও বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সার্টিফিকেট বিতরণের পরে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি, মুক্তিযুদ্ধ কর্নার ও বিশেষায়িত ল্যাবসমূহ পরিদর্শন করেন।




*২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি, ভাইস-চ্যান্সেলর মহোদয় ও কোর্স পরিচালকের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ*



*২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী কর্তৃক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (সিপিএ) পরিদর্শন*



*বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বোরি) পরিদর্শনকালে ২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ*



*বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম পরিদর্শনকালে ২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ*

## বিশ্ববিদ্যালয়ের ১ম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (কর্মচারী):

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেলের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো “১ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স (কর্মচারী)” ০৪ জুন ২০২৩ থেকে ১৫ জুন ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত ট্রেনিং কোর্সে বিশ্ববিদ্যালয়ের ১১-১৩ গ্রেডভুক্ত মোট ১৮ জন কর্মচারী প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। কোর্সটিতে রিসোর্স পার্সন হিসেবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এমিরেটাস অধ্যাপক, অধ্যাপকবৃন্দ, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপ-সচিব, বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ অনুষদ সদস্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কোর্সটিতে কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধিসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীবৃন্দ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (BORI) পরিদর্শন করেন।




*১ম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (কর্মচারী) এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় ট্রেজারার, রেজিস্ট্রার ও কোর্স পরিচালকের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ*



*১ম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (কর্মচারী) এর সমাপনী অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ*

### অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার

বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ ও বিভাগের শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল ধারাবাহিকভাবে পাক্ষিক ভিত্তিতে অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজন করে আসছে। ইতোমধ্যে যার ৪টি ধাপ সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ৫ম ধাপের কার্যক্রম চলমান রয়েছে। জুলাই ২০২২-জুন ২০২৩ সময়ে মোট ১৩ (তের) টি অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজিত হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণী নিম্নে প্রদান করা হলো:

| ক্র. | তারিখ | প্রবন্ধের শিরোনাম | উপস্থাপক |
|---|---|---|---|
| ০১ | ০৪ জুলাই ২০২২ | Assessment of Groundwater Resources and its sustainability in the Saint Martin's Island, Bangladesh. | মোঃ আল আমিন, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ |
| ০২ | ১৮ জুলাই ২০২২ | Application of GIS and Multi-Criteria Techniques in Assessing Water Quality in Bangladesh. | নাঈমা রশিদ, প্রভাষক, ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ |
| ০৩ | ০১ আগস্ট ২০২২ | Market Capitalization and its Impact on the Firm Performance: Evidence from Bangladesh. | এমরানুল হক, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ |
| ০৪ | ২২ আগস্ট ২০২২ | The Prospects of Belt and Road Initiative in the Context of Bangladesh and the Bay of Bengal Region. | রুবাইয়াত সাইমুম, প্রভাষক, মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটিজিক স্টাডিজ বিভাগ |
| ০৫ | ০৬ সেপ্টেম্বর ২০২২ | Is Crisis Management Fund Rewarding For Companies Survival? A Perspective From Emerging Banking Industry. | শাহনাজ আক্তার, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ |
| ০৬ | ১৯ সেপ্টেম্বর ২০২২ | Analysis of one year data of seven years aged 5 KW rooftop photovoltaic in Dhaka. | ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ |
| ০৭ | ১৯ ডিসেম্বর ২০২২ | Viewing Marginalization through the Lens of English, Technology & Gender. | ড. খন্দকার আতিকুর রহমান, সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ |
| ০৮ | ১৬ জানুয়ারি ২০২৩ | Numerical investigation of the decay of solution to a water wave model with nonlocal viscous term | ড. মোহাম্মদ তানজিল হাসান, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ |
| ০৯ | ২৩ জানুয়ারি ২০২৩ | Numerical Investigation on the hydrodynamic performance of a variable length blade tide turbine | ফারহানা আরজু, প্রভাষক, হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| ১০ | ০৬ ফেব্রুয়ারি ২০২৩ | Hydro geochemical characterization of treated domestic waste water in Khulna city for possible use in managed aquifer recharge | তাসপিয়া হামিদ, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ |
| ১১ | ১৩ মার্চ ২০২৩ | Development of hair growth supplement using natural phytochemical | ড. মুহাম্মদ নাজির হোসেন, অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ |
| ১২ | ০৩ এপ্রিল ২০২৩ | The challenges and strategies to address the IMO Sulphur cap 2020: Perspective from Bangladeshi ship owners. | মোঃ আরিফ মাহমুদ, সহকারী অধ্যাপক, মেরিটাইম সায়েন্স বিভাগ |
| ১৩ | ০১ জুন ২০২৩ | Comparative Study on the Pollution Status of Seawater in Coastal & Continental Shelf Zones in the Northern Bay of Bengal. | ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ |




*অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনারে মোঃ আল আমিন, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ কর্তৃক প্রবন্ধ উপস্থাপন*




*অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনারে ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ কর্তৃক প্রবন্ধ উপস্থাপন*

## শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ

২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে "জাতীয় শুদ্ধাচার কৌশল" সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে মোছাঃ আছিয়া খাতুন, সচিব (পিআরএল), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপস্থিত ছিলেন। বর্ণিত প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ, রেজিস্ট্রার, পরিচালকবৃন্দ এবং নির্বাচিত শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন। অধিকন্তু, ১৪ জুন ২০২৩ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টার বাস্তবায়নের নিমিত্তে আইকিউএসি এর তত্ত্বাবধানে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত আরও একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বর্ণিত প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স অ্যান্ড পলিসি এর ডিন কমডোর মোঃ মামুনুর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন উপস্থিত থেকে তার মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন। প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।




*মোছাঃ আছিয়া খাতুন, সচিব (পিআরএল), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর প্রশিক্ষণ প্রদান, ২৯ ডিসেম্বর ২০২২*



কমডোর মোঃ মামুনুর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর প্রশিক্ষণ প্রদান, ১৪ জুন ২০২৩

## "**<u>Filling Up Procedure of Outcome-Based Education (OBE) Template as per University Grants Commission Guidelines</u>" শীর্ষক ওয়ার্কশপ:**

২৪ জানুয়ারি ২০২৩ তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেলের তত্ত্বাবধানে "Filling Up Procedure Of Outcome-Based Education (OBE) Template as per University Grants Commission Guidelines" শীর্ষক একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। উক্ত ওয়ার্কশপে রিসোর্স পারসন হিসেবে ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি, চট্টগ্রামের অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. শফিকুল হক এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইলেকট্রনিক্স বিভাগের বিভাগীয় প্রধান ড. আব্দুল কাদের মোহাম্মদ মাসুম উপস্থিত ছিলেন। উক্ত ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, রেজিস্ট্রার, একাডেমিক উপদেষ্টা, পরীক্ষা নিয়ন্ত্রক, সকল কারিকুলাম কমিটির সদস্যবৃন্দ, পরিচালক (আইকিউএসি), ইন্সপেক্টর অব একাডেমিক্স্‌সহ OBE Template প্রণয়ন কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।






**OUTCOME-BASED EDUCATION (OBE) TEMPLATE AS PER**
UNIVERSITY GRANTS COMMISSION GUIDELINES শীর্ষক ওয়ার্কশপে
রিসোর্স পরসন ড. আব্দুল কাদের মাসুম কর্তৃক ওয়ার্কশপ উপস্থাপন

OUTCOME-BASED EDUCATION (OBE) TEMPLATE AS PER
UNIVERSITY GRANTS COMMISSION GUIDELINES শীর্ষক ওয়ার্কশপে
রিসোর্স পারসনদের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ

ভবিষ্যতে ইউজিসির সাথে ইনস্টিটিউশনাল কোয়ালিটি সংক্রান্ত প্রজেক্ট ও স্থায়ী কার্যক্রমের সাথে একীভূতকরণ ছাড়াও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর সদস্যপদ এবং অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট অর্জনের লক্ষমাত্রা এই সেলের রয়েছে। এছাড়াও দেশি বিদেশি বিশেষজ্ঞ দ্বারা সেমিনার, প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত থাকবে। অধিকন্তু, নবনিযুক্ত অনুষদ সদস্য ও কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে ৩য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স এবং কর্মচারীদের দক্ষতা উন্নত করতে ২য় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (কর্মচারী), অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনারসহ নানাবিধ বিষয়ের উপর সেমিনার, প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

# ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ (আইএনটিসিই)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (BSMRMU) এর সূচনালগ্ন থেকে বিশ্ববিদ্যালয়টি আন্তর্জাতিক মানের মেরিটাইম বিশ্ববিদ্যালয়ে উন্নিতকরণের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠার শুরু থেকেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি ও মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন দেশি ও বিদেশি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সার্বিক সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধি করে বিভিন্ন সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। এর মাধ্যমে একাডেমিক ও প্রাতিষ্ঠানিক বিভিন্ন সহযোগিতার নতুন নতুন দিক উন্মোচিত হচ্ছে। আইএনটিসিই দপ্তর কর্তৃক বিভিন্ন বৈদেশিক বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান/ ইনস্টিটিউট এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরসহ শিক্ষক, গবেষক ও ছাত্র বিনিময় প্রোগ্রাম, বিভিন্ন ওয়ার্কশপ, কনফারেন্স ও সেমিনার আয়োজন, যৌথ গবেষণা প্রকল্পের উদ্যোগ গ্রহণ, শিক্ষা ও গবেষণামূলক কাজে পারস্পরিক সহায়তা প্রদানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে যাবতীয় কার্যক্রম চলমান রয়েছে।

**দপ্তর প্রধান:** কমান্ডার মোহাম্মদ আবুল হাসান (এইচ-১), পিএসসি, বিএন, পরিচালক, আইএনটিসিই

**কর্মকর্তার তালিকা:**

- রুবাইয়াত সাইমুম, প্রভাষক (মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্রাটিজিক অ্যান্ড স্টাডিজ), সহকারী পরিচালক, আইএনটিসিই।
- মোহাম্মদ মেহেদী হাসান, ইআরএ-৪, প্রশাসনিক কর্মকর্তা

## উল্লেখযোগ্য কার্যক্রম

### Gujarat National Law University (GNLU), India ও National Maritime Foundation (NMF), India এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর:



*Gujarat National Law University (GNLU), India এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর*




*National Maritime Foundation (NMF), India এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর*

৩১ জুলাই ২০২২ তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি আয়োজিত "Integrated Delta Governance and Ocean Management in the Bay of Bengal and way Ahead" শীর্ষক একটি আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অব.)। উক্ত সেমিনারে, দেশি-বিদেশি মেরিটাইম সংশ্লিষ্ট অতিথিগণ উপস্থিত ছিলেন।

সেমিনারে ভারতের Gujarat National Law University (GNLU) ও সমুদ্র গবেষণায় ভারতের অন্যতম শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান National Maritime Foundation (NMF) এর সাথে শিক্ষক, গবেষক ও ছাত্র বিনিময় প্রোগ্রাম, বিভিন্ন ওয়ার্কশপ, কনফারেন্স ও সেমিনার আয়োজন, যৌথ গবেষণা প্রকল্পের উদ্যোগ গ্রহণ, শিক্ষা ও গবেষণামূলক কাজে পারস্পরিক সহায়তা প্রদানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।

## **The Goa University, India এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরঃ**




*The Goa University, India এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর*

১৭ নভেম্বর ২০২২ তারিখে ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি আয়োজিত "UN Decade of Ocean Science- Imperatives for Bangladesh" শীর্ষক একটি আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট এর সচিব রিয়ার এডমিরাল মোঃ খোরশেদ আলম (অবঃ) ওশান সায়েন্স-গেটওয়ে টু সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)।

সেমিনারে ভারত, পর্তুগাল, নেদারল্যান্ডস, ইংল্যান্ড এবং স্বাগতিক বাংলাদেশের বেশ সংখ্যক মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদ তাদের গবেষণাপত্র উপস্থাপন করেন। এছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়, ইউজিসি, বেসামরিক ও সামরিক কর্মকর্তা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কূটনীতিক এবং মেরিটাইম সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে The Goa University, India এর সাথে শিক্ষক, গবেষক ও ছাত্র বিনিময় প্রোগ্রাম, বিভিন্ন ওয়ার্কশপ, কনফারেন্স ও সেমিনার আয়োজন, যৌথ গবেষণা প্রকল্পের উদ্যোগ গ্রহণ, শিক্ষা ও গবেষণামূলক কাজে পারস্পরিক সহায়তা প্রদানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।

মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে ০৩ (তিন) সদস্যের একটি দল নভেম্বর ২০২২ তারিখে নেদারল্যান্ডস ভ্রমণ করেন। উক্ত ভ্রমণের সময় Rotterdam University, Netherlands এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং ব্লু ইকোনমি, ডেল্টা গভর্নেন্স এবং পোর্ট ও শিপিং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা এবং বিভিন্ন বন্দর/মেরিটাইম সংস্থা পরিদর্শন করেন।

# বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ

যে কোনো বিশ্ববিদ্যালয়ের জন্য গ্রন্থাগার একটি গুরুত্বপূর্ণ অংশ। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণের শিক্ষা ও গবেষণার কার্যে প্রয়োজনীয় পাঠ্যসামগ্রী ও অন্যান্য তথ্য সঠিক সময়ে সরবরাহ করাই একটি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের অন্যতম প্রধান লক্ষ্য। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধি ও গবেষণার কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের যাত্রার শুরুতেই কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ এর কার্যক্রম চালু হয়। গ্রন্থাগারের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তির সংযোজন, ই-রিসোর্সের সংগ্রহ সমৃদ্ধকরণ, যে কোনো স্থান হতে যে কোনো সময়ে গ্রন্থাগারের ই-রিসোর্সসমূহ ব্যবহারের সুবিধা প্রদানসহ চাহিদা অনুযায়ী প্রতিনিয়ত নতুন নতুন পুস্তক সংগ্রহের কাজ চলমান রয়েছে। বর্তমানে গ্রন্থাগারের সংগ্রহে মোট ৭,১৭৬ টি প্রিন্টেড বই, ৩৮৮ টি প্রিন্টেড জার্নাল, প্রায় ৬,০০০ ই-বুক ও বিপুল সংখ্যক ই-জার্নাল রয়েছে। তাছাড়া চাহিদার সাথে সামঞ্জস্য রেখে নতুন পুস্তক ও ই-বুক ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে।

**দপ্তর প্রধান:** কমান্ডার মোঃ নাজমুল হক মল্লিক, বিএন (অবঃ), লাইব্রেরিয়ান।
**কর্মকর্তা:** এম জাহিদুল হাসান, সহকারী গ্রন্থাগারিক।
**কর্মচারীর সংখ্যা:** ০৪ (চার) জন।

## উল্লেখযোগ্য কার্যক্রম

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের অধীনে মোট ০৭টি অধিভুক্ত প্রতিষ্ঠান রয়েছে। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের গ্রন্থাগারে ই-রিসোর্সসমূহের সংগ্রহ পর্যাপ্ত পরিমাণে নেই বিধায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের নিজস্ব ই-রিসোর্স অধিভুক্ত প্রতিষ্ঠানগুলোকে ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং আশা করা যায় খুব শীঘ্রই অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ উক্ত ই-রিসোর্স ব্যবহারের সুবিধা ভোগ করতে সমর্থ হবে।

# পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই ভিসি মহোদয়ের নির্দেশনায় স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহণ, অস্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা, ডিপিপি প্রণয়ন ও অনুমোদন, অর্গানোগ্রাম প্রণয়ন ও অনুমোদন (TO&E) এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। উল্লেখ্য UNESCO কর্তৃক ঘোষিত "Decade of Ocean Science" (2021-2030) এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ" এর জন্য একটি সমুদ্র গবেষণা কেন্দ্র স্থাপনের এলাকা নির্বাচন ও মৌজা ম্যাপ তৈরি করা হয়েছে।

**দপ্তর প্রধান:** কমান্ডার মোঃ আবু সাঈদ, (সি), পিসিজিএমএস, বিএন, পরিচালক

**কর্মকর্তাগণের তালিকা:**

- কমান্ডার মোহাম্মদ জহিরুল ইসলাম, (সি), এনপিপি, বিসিজিএম, বিসিজিএমএস, বিএন, অতিরিক্ত পরিচালক
- লে: কমান্ডার এনামুল হক, (এস), বিএন, উপ পরিচালক
- মোঃ শহিদুল ইসলাম, সহকারী এস্টেট অফিসার

**কর্মচারীর সংখ্যা:** ০১ জন

## অস্থায়ী ক্যাম্পাসের পুনর্বিন্যাসের কাজ

**মেঘনা ভবন**

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে ১০তলা বিশিষ্ট মেঘনা ভবন ভাড়া গ্রহণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত ভবনে নিম্নলিখিত কার্যাবলি সম্পাদন করা হয়েছে:

- স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে নতুন ব্যাচের শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ স্বল্পতা সমন্বয়পূর্বক দুই শিফটে একাডেমিক এবং প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
- মেঘনা ভবনের ছাদে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক নামাজ ঘর স্থাপন করা হয়েছে।
- ফ্লোরওয়াইজ বিভিন্ন ফ্যাকাল্টির শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের আসন পুনর্বিন্যাস করা হয়েছে।
- করোনাকালীন শিক্ষা কার্যক্রম চলমান রাখার জন্য আধুনিক অনলাইন ক্লাসরুম স্থাপন করা হয়েছে।

**বর্ধিত অস্থায়ী ক্যাম্পাস (পদ্মা ভবন)**

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় মিরপুর সাড়ে এগারোতে অবস্থিত বর্ধিত ভবন পদ্মায় নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- অতিরিক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ক্লাসরুম পুনর্বিন্যাস এবং পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরসহ নতুন শিক্ষক ও কর্মকর্তাদের জন্য অফিস কক্ষের পুনর্বিন্যাস করা হয়েছে।
- ব্যাচ এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা ক্রমবর্ধমান হওয়ায় ক্লাসরুম পুনর্বিন্যাসকরতঃ দুই শিফটে ক্লাস, ল্যাব এবং অফিস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
- পদ্মা ভবনের শিক্ষকদের জন্য রুম সম্প্রসারণ করা হয়।

**<u>পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৯ম সভার সংক্ষিপ্ত বিবরণ</u>**

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৯ম সভা মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিসিএস মেরিটাইম ক্যাডার, Institute of Renewable Energy & Marine Resources চালু করণ, অধিভুক্ত একাডেমির সামগ্রিক উন্নয়ন ও মূল্যায়ন সাধন এবং নতুন একাডেমি অধিভুক্তিকরণ বিষয়ে জনবল ও অবকাঠামোগত উন্নয়ন নিশ্চিত করা, আরডিপিপি দ্রুত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ, বিশ্ববিদ্যালয়ের মূলনীতি বা ভিশন (Core Values) নির্ধারণ, বিশ্ববিদ্যালয়েল প্রতিষ্ঠাবার্ষিকী (বিশ্ববিদ্যালয় দিবস) উদ্‌যাপন করা সহ অন্যন্য বিষয়ে গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

# প্রকৌশল শাখা

বঙ্গবন্ধু শেখ রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (বিএসএমআরএমইউ) ০২ অক্টোবর ২০১৩-এ সংসদের ৪৭ নং আইন দ্বারা বাংলাদেশের প্রথম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিল। প্রতিষ্ঠার পর হতে অদ্যাবধি বিশ্ববিদ্যালয়ের সিভিল ও ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কার্যক্রম প্রকৌশল শাখার অধীনে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংস্কার ও পরিবর্ধনের কার্যক্রম অত্র শাখার অধীনে সম্পন্ন হয়।

**দপ্তর প্রধান:** কর্নেল মোঃ শাহিন কাদির, এসইউপি, পিএসসি

**কর্মকর্তার তালিকা:**

- মোঃ আব্দুল হালিম, নির্বাহী প্রকৌশলী (সিভিল)
- মোঃ দেলায়ার হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)
- মোঃ শাখাওয়াত হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল)

**কর্মচারীর সংখ্যা:** ০৭ (সাত) জন

## উল্লেখযোগ্য কার্যক্রম

**অস্থায়ী ক্যাম্পাস রেনোভেশন**

- বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস মেঘনা ভবনে অস্থায়ী নামাজের ঘর স্থাপন। প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস মেঘনা ভবনের ছাদে অস্থায়ী নামাজের ঘর (পুরুষ ও মহিলা) স্থাপন করা হয়েছে।
- বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস মেঘনা ভবনে শিক্ষকরুম স্থাপন। প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস মেঘনা ভবনের ৩য় ফ্লোরের পূর্বের নামাজের ঘরটিকে রেনোভেশন করে শিক্ষকদের জন্য অফিস কক্ষ স্থাপন করা হয়েছে।
- বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পদ্মা ভবনে শিক্ষকরুম সম্প্রাসরণ। প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পদ্মা ভবনের ৪র্থ ফ্লোরের ৪০১ নং শিক্ষক রুমটি সম্প্রসারণ করা হয়েছে।

# আইসিটি সেন্টার

শিক্ষাক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে শিক্ষিত জনগোষ্ঠির জীবনমানে ইতিবাচক পরিবর্তন করা সম্ভব। এ লক্ষ্যে বর্তমান সরকার আইসিটি সেক্টরকে অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করেছে। নতুন প্রজন্মকে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষার পাশাপাশি তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ করে গড়ে তুলে ডিজিটাল বাংলাদেশ নির্মাণের লক্ষ্য অর্জনে ভূমিকা রাখতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ বদ্ধপরিকর। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়কে আধুনিক এবং আইসিটি বান্ধব বিশ্ববিদ্যালয়ে পরিণত করার প্রয়োজনে আইসিটি সেন্টার পরিকল্পনা মাফিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং গবেষণাকে বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২০২২-২০২৩ অর্থবছরে উল্লেখযোগ্য তথ্য প্রযুক্তি বান্ধব কার্যক্রমের বিবরণ নিম্নে উপস্থাপন করা হলোঃ

**দপ্তর প্রধান:** গ্রুপ ক্যাপ্টেন তৌহিদুল ইসলাম, পরিচালক

**কর্মকর্তার তালিকা:**

- মোঃ ফারুক মামুন, কম্পিউটার প্রোগ্রামার
- মোঃ সৌরভ হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (কম্পিউটার)

**কর্মচারীর সংখ্যাঃ** ০৩ (তিন) জন

## উল্লেখযোগ্য কার্যক্রম

### BSMRMU Integrated Management System (BIMS) অন্তর্ভুক্ত

আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্মার্ট ও পেপারলেস বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের লক্ষ্যে ERP System, BSMRMU Integrated Management System (BIMS) প্রস্তুতের চলমান কাজের অংশ হিসেবে Student Management System- এর অর্ন্তগত Student fees collection Module এর কাজ শতভাগ সম্পন্ন করা হয়েছে এবং সকল শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান পূর্বক উক্ত System- বর্তমানে সফলভাবে চালু রয়েছে। উক্ত System ব্যবহার করে শিক্ষার্থীদের ভর্তি হতে শুরু করে সার্টিফিকেশন পর্যন্ত প্রয়োজনীয় সকল কাজ সফলভাবে অনলাইনে সম্পন্ন করা হচ্ছে। এছাড়া উক্ত System- এর অন্তর্ভুক্ত ২টি মডিউল যথাক্রমে Accounting & Budget Management ও HR Management System-এর কাজ ২০২৩-২০২৪ অর্থবছরে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যার মাধ্যমে শিক্ষার্থীরা অনলাইনে সকল ধরনের ফিস প্রদান করতে পারছে।

### আধুনিক যন্ত্রপাতি সংযোজন পূর্বক সেবার মান বৃদ্ধি করা

অনলাইন শিক্ষা কার্যক্রমকে বেগবান করা এবং বিশ্ববিদ্যালয় হতে ভার্চুয়াল পাঠদানের মান অক্ষুন্ন রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্ক অবকাঠামো শক্তিশালী করণের প্রয়োজনীয়তা অত্যাধিক। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট সেবার মান বৃদ্ধির জন বিশ্ববিদ্যালয়ে শক্তিশালী নেটওয়ার্ক স্থাপন, আধুনিক নেটওয়ার্কিং সরঞ্জামাদি স্থাপন পূর্বক wifi coverage এর আওতায় আনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা আইসিটি সেন্টার কর্তৃক গ্রহণ করা হয়েছে।

### জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়েবিনার সফলভাবে আয়োজন ও সরাসরি সম্প্রচারের ব্যবস্থাকরণ

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনায় আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়েবিনার আয়োজন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয়। যেখানে বহু দেশি/বিদেশি শিক্ষাবিদসহ সরকারি উচ্চ পদস্থ ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

### E-Learning Management System (E-LMS) এর রক্ষণাবেক্ষণ

অনলাইন পাঠদান পদ্ধতিকে যুগোপযোগী করা এবং বিনামূল্যে বিশ্বমানের শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে নিজস্ব E-Learning Management System (E-LMS) চালুকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ প্রেক্ষিতে নিজস্ব সার্ভারে আইসিটি সেন্টারের কারিগরী সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক/শিক্ষার্থী/কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি বিশ্বব্যাপী শিক্ষানুরাগী সকলের জন্য একটি আধুনিক মানসম্মত সম্পূর্ণ অনলাইন ভিত্তিক E-Learning প্লাটফর্ম প্রস্তুতকরণের কাজ সম্পন্ন করা হয়। ইতোমধ্যে উক্ত System ব্যবহার করে বিপুল সংখ্যক শিক্ষানুরাগী মেরিটাইম বিষয়ক বিভিন্ন কোর্স সম্পন্ন করত বিনামূল্যে সার্টিফিকেট সংগ্রহ করেছে।

### বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সভাসমূহ অনলাইনে আয়োজন

বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ সভা যেমন সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, পরিকল্পনা উন্নয়ন ও মূল্যায়ন কমিটি ও অর্থ কমিটির সভাসহ সকল ধরনের সভা স্বশরীরের পাশাপাশি আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় ভার্চুয়াল পদ্ধতিতে অনলাইনে সফলভাবে আয়োজন এবং পরিচালনা করা হয়।

**বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষার্থী ও কর্মকর্তাদের জন্য ই-মেইল আইডি নিশ্চিতকরণ**

গুগল g-suite ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ে নতুন যোগদানকৃত সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা সকলের জন্য অনলাইন কোলাবরেশন সুবিধা সম্বলিত bsmrmu.edu.bd ডোমেইন এর অন্তর্ভুক্ত ইমেইল আইডি প্রস্তুত ও সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

**ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ**

বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার তথ্য ওয়েবসাইটে হালনাগাদের পাশাপাশি সকল শিক্ষক ও কর্মকর্তাদের নিজস্ব প্রোফাইল নিয়মিত সংযোজন ও হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ওয়েবসাইটে সেবা বক্স প্রস্তুত পূর্বক সচল ও নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

**e-GP ও D-Nothi বাস্তবায়নের অগ্রগতি**

ক্রয় কাজে স্বচ্ছতা নিশ্চিত করণের লক্ষ্যে Electronic Government Procurement (e-GP) বাস্তবায়নের নিমিত্তে শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে কয়েক দফায় Central Procurement Technical Unit (CPTU) কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে অংশগ্রহণ করা হয়েছে এবং উক্ত সিস্টেম ব্যবহার করে ১টি ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয় প্রক্রিয়া উক্ত সিস্টেম এর মাধ্যমে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডি-নথি বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী User Profile প্রস্তুতকরণ ও বাস্তবায়নের সকল আনুষাঙ্গিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। যা অতি শিঘ্রই বাস্তবায়িত হবে।

**Learning Management System (LMS) এর ব্যবহার নিশ্চি করণ**

বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান কার্যক্রমকে স্মার্ট করণের অংশ হিসেবে LMS প্রস্তুত করত উক্ত সিস্টেমের মাধ্যমে বেশ কিছু নিয়মিত কোর্সের জন্য ব্যবহৃত হচ্ছে। এছাড়া নতুন যোগদানকৃত শিক্ষক ও শিক্ষার্থীদের শতভাগ User ID প্রস্তুত করত এর ব্যবহার নিশ্চিত করণের জন্য কয়েক দফায় আনুষ্ঠানিক প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি প্রয়োজনীয়তার ভিত্তিতে আইসিটি সেন্টার কর্তৃক প্রশিক্ষণ প্রদান ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে।

**ডিজিটাল ডিভাইস ও নেটওয়ার্ক সুরক্ষায় Firewall স্থাপন**

বিশ্ববিদ্যালয়ের চলমান সকল ডিজিটাল সার্ভিস ও নেটওয়ার্ক ব্যবস্থাপনার সুরক্ষা নিশ্চিত কল্পে End Point Security Solution এর ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থবছরে আধুনিক ফায়ারওয়াল স্থাপনের ক্রয় প্রক্রিয়ার মূল্যায়ন কাজ সম্পন্ন করত সরবরাহকারী প্রতিষ্ঠানকে সরবরাহের আদেশ প্রদান করা হয়েছে।

# <u>মেডিকেল সেন্টার</u>

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারটি ২০১৬ সনে স্বল্প পরিসরে এর কার্যক্রম শুরু করলেও দিনে দিনে এর সেবা প্রদান কার্যক্রমের পরিধি বেড়েই চলেছে। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সকল ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ ও স্বাস্থ্য পরামর্শ সেবা অবিরতভাবে প্রদানের জন্য মেডিকেল সেন্টার সচেষ্ট রয়েছে।

**দপ্তর প্রধান:** ডা. সানিয়া রহমান, অ্যাসিস্টেন্ট চিফ মেডিকেল অফিসার।
**কর্মকর্তা:** জাকির আলম, পিও (মেড)
**কর্মচারীর সংখ্যা:** ৪ (চার) জন।

## মেডিকেল সেন্টারের দৈনন্দিন কর্মকাণ্ড নিম্নরূপ:

ক। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা, প্রয়োজনীয় ঔষধ সরবরাহ ও প্রয়োজনীয় স্বাস্থ্য পরামর্শ সেবা প্রদান করা।
খ। কাটাছেঁড়া, ফোড়াসহ অন্যান্য সাধারণ ড্রেসিং (Minor) করা।
গ। জরুরি প্রয়োজনে অসুস্থ রোগীদের জন্য মেডিকেল সেন্টারে অবজারভেশন (সর্বোচ্চ ৬ ঘণ্টা) ব্যবস্থা করা। শারীরিক অবস্থার উন্নতি না হলে নিকটবর্তী হাসপাতালে অ্যাম্বুলেন্স এর মাধ্যমে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট সহকারে স্থানান্তর করা।
ঘ। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল বেসামরিক কর্মকর্তাবৃন্দের বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা।
ঙ। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠান এবং ভর্তি পরীক্ষায় প্রয়োজনীয় প্রাথমিক চিকিৎসা সহায়তা প্রদান।



*মেডিকেল সেন্টারের দৈনন্দিন কর্মকাণ্ড*

**<u>ডেঙ্গু বিস্তার রোধে সেমিনার</u>**

ডেঙ্গু বিস্তার রোধে ও প্রতিরোধে নিয়মিতভাবে স্বাস্থ্যবিধি বিষয়ক সচেতনতামূলক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানসমূহে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এছাড়াও শিক্ষার্থীদের জন্য পৃথক সেমিনার আয়োজন করা হয়। এ সময় অ্যাসিস্টেন্ট চিফ মেডিকেল অফিসার প্রবন্ধ উপস্থাপন করেন।



*ডেঙ্গু বিষয়ক সেমিনার*

## করোনা প্রতিরোধে কর্মসূচি

ক। Non-contact Thermometer এর মাধ্যমে শরীরের তাপমাত্রা পরিমাপ।
খ। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে হাত ধোয়ার ব্যবস্থা।
গ। Hand Santizer ব্যবহার করে হাত জীবাণুমুক্ত করার ব্যবস্থা।
ঘ। সর্বসাধারণ কর্তৃক ব্যবহার হয় এমন জায়গাসহ অন্যান্য জায়গার মেঝে ও রুমের দরজার হাতল, সিঁড়ির হাতল এবং যেসব বস্তু বার বার ব্যবহার হয় সেসব বস্তুর তলপৃষ্ঠ ঘন ঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করণ।
ঙ। প্রতিদিন নিয়মিতভাবে সম্পূর্ণ বিশ্ববিদ্যালয় জীবাণুমুক্ত রাখার ব্যবস্থা।

চ। দপ্তর ভিত্তিক Disposable Face Mask, Reusable Face Mask ও Hand Sanitizer সরবরাহ।
ছ। প্রয়োজন বিশেষে Hand Gloves সরবরাহ।

## স্বাস্থ্যবিধি বিষয়ক সচেতনতা

ব্যক্তিগত ও সাধারণ স্বাস্থ্যবিধি বিষয়ক সচেতনতায় নিয়মিতভাবে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।



*স্বাস্থ্যবিধি বিষয়ক সেমিনার*

## রক্তদান কর্মসূচি

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়। যা স্বেচ্ছাসেবী কর্মকাণ্ডে শিক্ষার্থীদের মানবিক কাজে অনুপ্রাণিত করে। উক্ত আয়োজনে সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকা (এ এফ আই পি) এবং বিএনএস হাজী মহসিন সার্বিক সহযোগিতা করে।



*রক্তদান কর্মসূচি*

এছাড়াও বাসায় বসে দিবা রাত্রি ২৪ ঘণ্টা ওভার ফোন চিকিৎসা সেবা ও পরামর্শ নেওয়ার সুযোগ রয়েছে। সর্বোপরি যে কোনো পরিস্থিতি মোকাবেলায় এ দপ্তর সর্বোত্তম সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।

# স্টুডেন্ট কাউন্সিলিং অ্যান্ড গাইডেন্স বিভাগ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে বদ্ধপরিকর। এই প্রেক্ষাপটে বিএসএমআরএমইউ শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি শারীরিক ও মানসিক স্বাস্থ্য ভালো রাখার জন্য সর্বদা প্রয়াস চালিয়ে যাচ্ছে। একজন ব্যক্তির  শারীরিক স্বাস্থ্যের পাশাপাশি মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকা খুবই প্রয়োজন। এরই ধারাবাহিকতায় অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও মানসিক সুস্থতা নিশ্চিতের লক্ষ্যে এপ্রিল ২০২২ সালে স্টুডেন্ট কাউন্সিলিং অ্যান্ড গাইডেন্স বিভাগ প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর অত্র বিভাগে স্থায়ী জনবল না থাকায় সীমিত পরিসরে কার্যক্রম পরিচালিত হয়। এরপর ২০২৩ সালের জানুয়ারিতে উক্ত বিভাগে একজন কাউন্সিলিং অফিসার নিয়োগ করা হয়।

**দপ্তর প্রধান:** কমান্ডার মোহাম্মদ আবুল হাসান (এইচ-১), পিএসসি, বিএন (অতিরিক্ত দায়িত্ব)

**কর্মকর্তার তালিকা:**

- ড. মোহাম্মদ তানজিল হাসান, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ, (অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত দায়িত্ব)
- মাহমুদা মালেক, সহকারী রেজিস্ট্রার, (সেকশন অফিসার, অতিরিক্ত দায়িত্ব)
- জুনায়েদ মিয়া, কাউন্সিলিং অফিসার

**কর্মচারীর সংখ্যা:** ০২ (দুই) জন।

## উল্লেখযোগ্য কার্যক্রম





*চিত্র: "Mental Health Awareness" শীর্ষক ওয়ার্কশপের আলোকচিত্র।*

স্টুডেন্ট কাউন্সিলিং অ্যান্ড গাইডেন্স বিভাগ এর উদ্যোগে "Mental Health Awareness" বিষয়ে ২৮ মার্চ ২০২৩ তারিখে একটি ওয়ার্কশপ পরিচালনা করা হয়। উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রারসহ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। পরিচালক (স্টুডেন্ট কাউন্সিলিং অ্যান্ড গাইডেন্স বিভাগ) অত্র বিভাগের কার্যক্রম, প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন এবং রিসোর্স পারসন হিসেবে জুনায়েদ মিয়া, কাউন্সিলিং অফিসার উক্ত অনুষ্ঠানে মানসিক স্বাস্থ্য সচেতনার গুরুত্বের বিষয়টি তুলে ধরেন। এ অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী 'মানসিক স্বাস্থ্য সচেতনতা' সম্পর্কে সম্যক ধারণা অর্জন করে।

এছাড়াও বিভিন্ন সময়ে শিক্ষার্থীদের সাথে পৃথক ও সমষ্টিগতভাবে কাউন্সিলিং সেশন পরিচালনা করা হয়ে থাকে। আশা করা যায় এ বিভাগের কার্যক্রম উত্তরোত্তর বৃদ্ধি পাবে এবং ধারাবাহিকভাবে অত্র বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময়ে নিয়মিত কাউন্সিলিং কার্যক্রম আয়োজন করা হবে।

# শারীরিক শিক্ষা কেন্দ্র

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (BSMRMU) এর সূচনালগ্ন থেকে বিশ্ববিদ্যালয়টি আন্তর্জাতিক মানের মেরিটাইম বিশ্ববিদ্যালয়ে উন্নীতকরণের কার্যক্রম চলমান রয়েছে। এই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ে শারীরিক শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠার শুরু থেকেই সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের জন্য বিভিন্ন খেলাধুলার আয়োজন করে থাকে। শারীরিক শিক্ষা কেন্দ্র কর্তৃক বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, সুস্থ-বিনোদন, শৃঙ্খলাবোধ, মানসিক বিকাশ এবং শারীরিক সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এছাড়াও বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থা কর্তৃক আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম চলমান রয়েছে।

**দপ্তর/শাখা প্রধান:** কমান্ডার মোহাম্মদ আবুল হাসান (এইচ-১), পিএসসি, বিএন, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
**শিক্ষক/কর্মকর্তা:** ওয়াহিদুল শেখ, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা), সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
**কর্মচারীর সংখ্যা:** ০১ (এক) জন।

## উল্লেখযোগ্য কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিয়ে গঠিত ফুটবল ও ক্রিকেট দল ১২ থেকে ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস চ্যাম্পিয়নশিপ এর ৩য় আসরে অংশগ্রহণ করে।




*বঙ্গবন্ধু ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস চ্যাম্পিয়নশিপ এর ৩য় আসরে অংশগ্রহণকারী ক্রিকেট ও ফুটবল দল*

২৭ মে ২০২৩ তারিখে বানৌজা শেখ মুজিব ঘাঁটিতে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি এবং শিক্ষার্থীদের সমন্বয় সমাবেশ ও বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠানে ইনডোর গেমস আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে।




*বাৎসরিক সমন্বয় সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০২৩ এর ইনডোর গেমসে মাননীয় ভিসি মহোদয়ের সাথে শিক্ষার্থীবৃন্দ*

## প্রক্টর দপ্তর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর শিক্ষার্থীদের নিয়ম-শৃঙ্খলা, আচার-আচরণ, আইন-শৃঙ্খলা, নিয়ন্ত্রণ তথা সার্বিক শৃঙ্খলা সমুন্নত রেখে উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধির উদ্দেশ্যে প্রক্টর দপ্তরের বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শুরু থেকে প্রক্টর দপ্তর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুস্থ পরিবেশে শিক্ষা গ্রহণের নিশ্চয়তা দানে কাজ করে আসছে। একজন প্রক্টর দুইজন সহকারী প্রক্টর এ দপ্তরে দায়িত্বপ্রাপ্ত রয়েছেন।

**দপ্তর/শাখা প্রধান:** কমান্ডার সাইফুল আহমাদ, সহযোগী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ

**কর্মকর্তার তালিকা:**

- ড. মো: আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ, সহকারী প্রক্টর।
- ড. মারিয়া জামান, সহকারী অধ্যাপক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ, সহকারী প্রক্টর।

## বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী হল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর শিক্ষার্থীদের আবাসন সমস্যা দূরীকরণের জন্যে উন্নত সুবিধা সম্বলিত ৩টি আবাসিক হল রয়েছে। যার মধ্যে ২টি ছাত্রদের এবং ১টি ছাত্রীদের। বর্তমানে ৩টি হলে মোট ১৫৩ জন ছাত্র-ছাত্রী রয়েছে। সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিরাপত্তা প্রহরী দায়িত্ব পালন করে থাকেন। এ ছাড়াও হল থেকে বিশ্ববিদ্যালয়ে যাতায়াতের জন্য বাস সার্ভিস সুবিধা চলমান রয়েছে। মাদকমুক্ত শিক্ষার পরিবেশ নিশ্চিতকল্পে হলের অভ্যন্তরে জিমনেসিয়াম ও ইনডোর গেমসের ব্যবস্থা রয়েছে। নতুন ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার পরপরই হলে আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীদের মেধা ও অন্যান্য পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় নিয়ে হলের সিট বরাদ্দ দেয়া হয়। হলের শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ১ জন হল প্রভোস্ট, ৩ জন সহকারী হল প্রভোস্ট দায়িত্ব পালন করে থাকেন।

**দপ্তর/শাখা প্রধান:** মোহাম্মদ রেজাউল করিম জাকারিয়া, কমান্ডার বিএন (হল প্রভোস্ট, বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী হল)

**কর্মকর্তার তালিকা:**

- সুনন্দা মজুমদার, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, সহকারী হল প্রভোস্ট, ছাত্রী হল
- এমরানুল হক, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ, সহকারী হল প্রভোস্ট, ছাত্র হল-১
- হাসিবুল ইসলাম, প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ, সহকারী হল প্রভোস্ট, ছাত্র হল-২

**কর্মচারীর সংখ্যা:** ১৩ (তেরো) জন।

**আবাসিক হলের সুবিধাসমূহ:**

- দুপুর ও রাতের খাবারের ব্যবস্থা (মিল সিস্টেম)।
- প্রত্যেক হলে আলাদা জিমনেসিয়াম সুবিধা।
- নামাজের সুবিধা।
- গেস্ট রুম সুবিধা।
- সার্বক্ষণিক ইন্টারনেট ও বিদ্যুৎ ব্যবস্থা।
- প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা।
- ইনডোর গেমের সুবিধা রয়েছে (টেবিল টেনিস, ক্যারম বোর্ড)।
- বাস সার্ভিস।

# <u>ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ</u>

ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ (আইবিবিবিএস) ২০১৯ সালে প্রতিষ্ঠার পর হতে ধারাবাহিকভাবে "Port and Shipping Studies" এর উপর শর্টকোর্স পরিচালনা করে আসছে। ভবিষ্যতে আরও কয়েকটি উল্লেখযোগ্য বিষয়ের উপর শর্টকোর্স পরিচালনার পরিকল্পনা রয়েছে।

**দপ্তর প্রধান:** কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ)

**কর্মকর্তার তালিকা:**

- মোঃ আশিকুর রহমান, রিসার্চ অফিসার
- নাঈমা রশিদ, প্রভাষক
- মোঃ রুহুল আমিন, পিও (পিটিআই), প্রশাসনিক কর্মকর্তা

**কর্মচারীর সংখ্যা:** ০২ (দুই)জন

## <u>উল্লেখযোগ্য কার্যক্রম</u>

**<u>"Port and Shipping Studies" শীর্ষক শর্টকোর্স</u>**




*'পোর্ট অ্যান্ড শিপিং স্টাডিজ' শীর্ষক শর্টকোর্স-২০২২ সালের প্রশিক্ষণার্থীদের স্থিরচিত্র*

মেরিটাইম সেক্টরে উচ্চশিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি মেরিটাইম সেক্টরে পণ্য পরিবহণ ও খালাস, পণ্যের সুষ্ঠু, নিরাপদ ও নিরবিচ্ছিন্ন সরবরাহ এবং ব্যবস্থাপনাকে গুরুত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়ের অত্র ইনস্টিটিউটের অধীনে "Port and Shipping Studies" শীর্ষক শর্টকোর্স ০৭-১৫ ডিসেম্বর ২০২২ তারিখে চতুর্থ বারের মতে মোট ০৭ (সাত) দিন ব্যাপী সফলভাবে পরিচালিত হয়। বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠান থেকে আগত সর্বমোট ২২ জন প্রশিক্ষণার্থী উক্ত কোর্সটিতে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সফল অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি, (অবঃ)। দেশের সম্ভাবনাময় শিপিং খাতের সার্বিক উন্নয়ন, পারস্পরিক সহযোগিতা ও পোর্ট সংক্রান্ত অত্যাধুনিক ব্যবস্থাপনায় উক্ত কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে বলে প্রধান অতিথি তার বক্তব্যে উল্লেখ করেন।

"মাল্টি স্টেকহোল্ডার কো-ক্রিয়েশন সেশন"-শীর্ষক ওয়ার্কশপ আয়োজন




*ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপন করছেন রিসোর্স পার্সন।*

১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে নেদারল্যান্ডের নাফিক প্রজেক্টের সহযোগিতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কর্তৃক "মাল্টি স্টেকহোল্ডার কো-ক্রিয়েশন সেশন"-শীর্ষক দিনব্যাপী একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। ওয়ার্কশপে বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ, মেরিটাইম সংস্থার প্রতিনিধিবৃন্দ এবং মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। উক্ত ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের সাথে বিভিন্ন মেরিটাইম শিল্প সংস্থার নিবিড় সহযোগিতার বিষয়ে বিশদ আলোচনা করা হয়। অনুষ্ঠানে চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ইস্ট কোস্ট গ্রুপ, বাংলাদেশ ওশান গোয়িং শীপ ওনার্স এসোসিয়েশন ও আকিজ শিপিং-এর সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির প্রাতিষ্ঠানিক সহায়তা সংক্রান্ত পৃথক চারটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

**নাফিক OKP প্রকল্প সফলভাবে সম্পাদন**

নেদারল্যান্ডের প্রতিষ্ঠান নাফিক (Nuffic) এর অর্থায়নে Orange Knowledge Programme Institutional Collaboration Project title "To Enhance Capacity and Institutional Sustainability within the Bangladeshi Maritime and Port Sector through the Development of Specialized Knowledge and Skills" শীর্ষক শিক্ষা সহায়তা প্রকল্পটি ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ হইতে ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত চলমান ছিল। উক্ত প্রকল্পের আওতায় ০১ জুলাই ২০২২ হতে ৩১ জুন ২০২৩ এ সংঘটিত বিভিন্ন কার্যক্রম নিম্নরূপ:

- নাফিক প্রকল্পের আওতায় বিএসএমআরএমইউ ও STC যৌথভাবে Ship Management; Container Terminal Management; Ship Brokering and Chartering; Warehouse Operations Management; Port Security Management; Port Safety Management এবং Inland Waterway Transport শীর্ষক ৭টি শর্টকোর্স ডেভেলপ করা হয়েছে যা আইবিবিবিএস এর অধীনে পর্যায়ক্রমে পরিচালিত হবে।

- ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে মেরিটাইম সেক্টরের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে Multistakeholder Co-creation Session এর আয়োজন করা হয়। উক্ত সেশনে নাফিকের প্রতিনিধিদের সাথে বিএসএমআরএমইউ শিক্ষক/কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত ৬১ জন অংশগ্রহণ করেন।

- বিশ্ববিদ্যালয়ের ১৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তর্জাতিক সেমিনারে নাফিক প্রকল্পের অধীনে আর্থিক সহযোগিতা ও Internationals Speaker এর ব্যবস্থা করা হয়।

**নাফিক প্রকল্পের আওতায় অন্যন্য কার্যক্রম**

উক্ত প্রকল্পের অধীনে ৩টি গুরুত্বপূর্ণ নেদারল্যান্ডস ভ্রমণ সংগঠিত হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ের ০৬ (ছয়) সদস্যের একটি প্রতিনিধি দল ১০-২৪ জুলাই ২০২২ তারিখে (যাত্রা সময় ব্যতীত ১৪ দিন) নেদারল্যান্ডস ভ্রমণ করেন। পরবর্তীতে ২২-২৯ অক্টোবর ২০২২ তারিখে মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নেতৃত্বে ০৭ সদস্যের একটি প্রতিনিধি দল গমন করেন। এছাড়াও মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে ০৩ (তিন) সদস্যের আরও একটি দল ২৯ নভেম্বর ২০২২ হতে ০৩ ডিসেম্বর ২০২২ তারিখে নেদারল্যান্ডস অবস্থান করেন। উক্ত ভ্রমণসমূহে নেদারল্যান্ডসে তিনটি বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং ব্লু ইকোনমি, ডেল্টা গভার্নেন্স এবং পোর্ট ও শিপিং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা এবং বিভিন্ন বন্দর/মেরিটাইম সংস্থা পরিদর্শন করেন।

- নাফিক প্রকল্পের অর্থায়নে ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে Startup Blue নামে একটি Business Incubator স্থাপন করা হয়। উক্ত Startup Blue এর মাধ্যমে নির্বাচিত ১৭ জন শিক্ষার্থী ও ০৫ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান এবং পরবর্তীতে একটি Business Plan Competition এর আয়োজন করা হয়।

- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ০৪-২২ জানুয়ারি ২০২৩ তারিখে Gender Equality Survey Analysis করা হয় এবং পরবর্তীতে ৩৪ জন প্রশিক্ষণার্থী নিয়ে ৩০ জানুয়ারি ২০২৩ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে গ্রুপভিত্তিক Gender Focus Group Discussion এর আয়োজন করা হয়।



*Competence Based Education and Training' এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের স্থিরচিত্র*

- ৩০ জানুয়ারি ২০২৩ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত মোট ০৩ দিনব্যাপী 'Competence Based Education and Training' এর আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে নতুন যোগদানকৃত ১৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।
- "Advanced Moodle Training" এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের Moodle/E-learning System সম্পর্কে ট্রেনিং প্রদান করা হয়। ৫, ৭, ৯, ২২, ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত ১ম প্রশিক্ষণে ১৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২য় প্রশিক্ষণটিও ১৫ জন প্রশিক্ষণার্থী নিয়ে ২৭,২৮ ফেব্রুয়ারি ২০২৩ ও ৯, ২৭, ২৮ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়।
- Moodle Server এবং Moodle Customization এর উপর ৫,৬, ৭ ও ১২ মার্চ ২০২৩ এবং SPSS, Grammerly ও Endnote সফটওয়্যার সমূহের উপর ১৩, ১৬, ১৯, ২০, ২২ ও ২৩ মার্চ ২০২৩ তারিখে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে সর্বমোট ৩৫ জন শিক্ষক/কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

**নাফিক TMT+ প্রকল্প সফলভাবে সম্পাদন**

নাফিক নেদারল্যান্ডসের অর্থায়নে OKP TMT Plus এর আওতায় 'Strengthen Knowledge within the Area of Port and Maritime Development in Bangladesh' শীর্ষক ট্রেনিং প্রোগ্রামে বাংলাদেশ নৌবাহিনীর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে IHE-Delft, STC Group, CINOP এবং বিএসএমআরএমইউ সম্মিলিতভাবে জানুয়ারী ২০২১ থেকে শুরু হয়ে মার্চ ২০২৩ পর্যন্ত প্রকল্পটি সফলভাবে পরিচালিত হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে বাংলাদেশের পোর্ট অ্যান্ড শিপিং সেক্টরের সাথে সংশিষ্ট কর্তৃপক্ষ যেমন: বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, বাংলাদেশ ব্লু-ইকোনমি সেল এবং বাংলাদেশ কোস্ট গার্ড ইত্যাদি প্রতিষ্ঠান হতে মনোনীত প্রতিনিধিদের ট্রেনিং প্রদান করা হয়। উক্ত প্রকল্পের আওতায় জুলাই ২০২২ থেকে জুন ২০২৩ এর মধ্যে অনুষ্ঠিত ট্রেনিং প্রোগ্রামের সারসংক্ষেপ নিম্নরূপ:

| ক্রমিক | তারিখ | প্রোগ্রাম/Module এর নাম | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | ০৪-০৭ সেপ্টেম্বর ২০২২ | Competence-Based Education and Training | ০৯ জন |
| ০২ | ১১-১৪ সেপ্টেম্বর ২০২২ | Climate Change and Adaptation in Deltas | ১০ জন |
| ০৩ | ১৮-২২ সেপ্টেম্বর ২০২২ | Strategic planning river basins and deltas | ১০ জন |
| ০৪ | ২৫-২৯ সেপ্টেম্বর ২০২২ ও ০২-০৬ অক্টোবর ২০২২ | Cybersecurity and international security in ports | ১২ জন |
| ০৫ | ১৬-২৭ অক্টোবর ২০২২ ও ৩০-০৬ নভেম্বর ২০২২ | Maritime economics and logistics | ১২ জন |
| ০৬ | ২১-২৪ নভেম্বর ২০২২ | Role model women training | ১১ জন |

# বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্প

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত স্থানটি চট্টগ্রাম জেলার উত্তর-পূর্ব দিকে কর্ণফুলী নদীর তীরবর্তী বন্দর ও চাঁদগাও থানাধীন ৫ নং মোহরা ওয়ার্ডের অন্তর্ভুক্ত হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জায়গা জুড়ে অবস্থিত। এর পূর্ব দিকে রয়েছে কর্ণফুলী নদী এবং পশ্চিম দিকে কত ঘন বসতিপূর্ণ বিশাল শিল্প এলাকা। প্রকল্পটির পশ্চিম পাশে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) কর্তৃক চার লেন বিশিষ্ট সড়ক কাম শহর প্রতিরক্ষা বাঁধ নির্মিত হচ্ছে যার মাধ্যমে চট্টগ্রাম মূল শহরের সাথে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের উন্নত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে।

**দপ্তর প্রধান:** কমোডর মোহাম্মদ এহসান উল্লাহ খান, (জি), পিসিজিএম, পিএসসি, বিএন, প্রকল্প পরিচালক

**কর্মকর্তার তালিকা:**

- লেঃ কর্নেল মোঃ মাহবুবুর রহমান খাঁন, পিএসসি, ইঞ্জিনিয়ার্স, উপ- প্রকল্প পরিচালক
- আশরাফুজ্জামান, হিসাবরক্ষণ কর্মকর্তা
- এম জেড রহমান, এমসিপিও (এস)
- মোঃ তারিক খান, ফিল্ড সুপারভাইজিং ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)
- এস. এম. শাহিনুর, ফিল্ড সুপারভাইজিং ইঞ্জিনিয়ার (সিভিল)
- ইমামুল ইসলাম, পিও/রাইটার
- মোঃ আলমগীর, অ্যাসিস্টেন্ট ফিল্ড সুপারভাইজিং ইঞ্জিনিয়ার (সিভিল)
- মোঃ জসিমউদ্দিন, অ্যাসিস্টেন্ট ফিল্ড সুপারভাইজিং ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)

**কর্মচারীর সংখ্যা:** ১২ জন

## স্থায়ী ক্যাম্পাস নির্মাণের অগ্রগতি

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত স্থানটি চট্টগ্রাম জেলার উত্তর-পূর্ব দিকে কর্ণফুলী নদীর তীরবর্তী বন্দর ও চাদগাঁও থানাদীন ৫নং মোহরা ওয়ার্ডে ও অন্তর্ভুক্ত হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জায়গা জুড়ে অবস্থিত। বর্তমানে প্রকল্পের অগ্রগতি নিম্নে ছক আকারে দেওয়া হলো:

| ক্রমিক নং | প্রকল্পের কাজের অগ্রগতি |
|---|---|
| ১। | প্রকল্পের মাটি ভরাট কাজের প্রথম পর্যায় ১০০% ও দ্বিতীয় পর্যায়ের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। |
| ২। | কর্ণফুলী নদীর তীর বরাবর ৮৬০ মিটার বাঁধ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে। |
| ৩। | কর্ণফুলী নদীর তীর বরাবর ৩৭০ মিটার বাঁধ নির্মাণের কাজ প্রায় ১০০% সম্পন্ন হয়েছে। |
| ৪। | প্রকল্প স্থানের দক্ষিণ পাশের খাল বরাবর ৬৪০ মিটার বাঁধ নির্মাণের কাজ প্রায় ৮০% সম্পন্ন |
| ৫। | অনুমোদনের নিমিত্তে প্রস্তাবিত আরডিপিপি বর্তমানে পরিকল্পনা কমিশনে রয়েছে। |



*প্রকল্প এলাকার বর্তমান অবস্থা*



*প্রকল্প এলাকার ৬৪০ মিটার বাঁধ নির্মাণে জিওটিউব স্থাপন সম্পন্ন*



*উপাচার্য মহোদয়ের প্রকল্প এলাকা ৬৪০ মিটার বাঁধের কাজ পরিদর্শন*



*২১ জুন ২০২৩ তারিখে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রকল্প এলাকা বৃক্ষ রোপণ কর্মসূচির উদ্বোধন*

**উন্নয়ন বাজেট**

২০২২-২০২৩ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প তথা বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের বরাদ্দ ৭১৯ কোটি টাকার বিপরীতে অত্র অর্থবছরে ১৩২ কোটি ৯২ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ব্যয় হয় ০৪ কোটি ৭১ লক্ষ টাকা। অর্থ ছাড়করণ ও ব্যয়ের বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের হার ৯৬.৪৬%

# স্টার্টআপ ব্লু (Startup BLUE) ইনকিউবেটর

বিজনেস ইনকিউবেটর বা স্টার্ট আপ ইনকিউবেটর বলতে এমন একটি লাভজনক বা অলাভজনক প্রতিষ্ঠান বা সংস্থাকে বোঝায়, যা নতুন ও সম্ভাবনাময় ব্যবসায়িক ধারণা কে উদ্যোক্তা পর্যায়ে নিয়ে আসার জন্য বিভিন্ন ধরনের সেবা প্রদান করে তাদের ব্যবসার বিকাশ সাধনে সহায়তা করে। এছাড়াও Seed capital সহ এটি সম্ভাবনাময় নতুন যুগান্তকারী ব্যবসায়িক আইডিয়া গুলোকে দেশ ও বিদেশের বাস্তব ব্যবসায়িক অভিজ্ঞ ও বিজ্ঞ পরামর্শদাতা কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে টেকসই ব্যবসাতে পরিণত করতে সাহায্য করে স্টার্ট আপ ইনকিউবেটর সমূহ। বর্তমান সরকার চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) ক্যাম্পাসে শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপনের মাধ্যমে ক্যাম্পাস ভিত্তিক বিজনেস ইনকিউবেটর স্থাপনকে উৎসাহিত করেছে। Startup BLUE হল বাংলাদেশের একমাত্র ব্লু- ইকোনমি বিষয়ক বিজনেস ইনকিউবেটর।

নেদারল্যান্ডস এর প্রতিষ্ঠান (Nuffic) অর্থায়নে Orange Knowledge Programme (OKP) এর আওতাধীন Institutional Collaboration Project for call OKP -BGD -10012 (To enhance capacity and Institutional sustainability within the Bangladeshi maritime and port sector through the development of specialized knowledge and skills) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আউটপুট ৩.৪ এর আওতায় BSMRMU তে ইনকিউবেশন প্রোগ্রাম ও একটি স্টার্ট আপ ইনকিউবেটর স্থাপনের কার্যক্রম ছিল। এরই ধারাবাহিকতায় ৩১ জুলাই-০৪ আগস্ট ২০২২ পর্যন্ত Nuffic ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাথে Start up Center, Startup NEXT এর সাথে যৌথ ভাবে একটি startup/incubation training এর আয়োজন করা হয়। উক্ত startup/incubation training এ ছাত্র ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে অত্যন্ত সফলভাবে সম্পন্ন হয়, যা BSMRMU তে একটি Start Up Incubator স্থাপনের যৌক্তিকতাকে জোরাল করে।

উক্ত startup/incubation training এর পরবর্তীতে ১৩-১৭ নভেম্বর ২০২২ এ CINOP expert Mr. Hans Maltha, BSMRMU ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের Start Up Incubator পরিদর্শন করতঃ BSMRMU তে একটি Start Up Incubator স্থাপনের ব্যাপারে গুরুত্ব বিবেচনা করে এবং একটি টাইমলাইন প্রস্তাব করেন। উক্ত টাইম লাইনের আলোকে ২৫ জানুয়ারি ২০২৩ এ, বিএসএমআরএমইউ আইবিবিবিএস, লাইব্রেরিতে Startup BLUE এর কার্যক্রম অস্থায়ী ভাবে শুরু হয় এবং ২৮ মে মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা *G.A. Foundation Ltd., House 132, Road 2, Block* A, *Section 12, Mirpur, Dhaka 1216* এর উদ্বোধন করেন।

### ভিশন

উদ্যোক্তা এবং একটি বিস্তৃত স্টার্টআপ ইকোসিস্টেমের মাধ্যমে সুনীল অর্থনীতির উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলা।

### মিশন

ব্লু- ইকোনমি স্টার্টআপগুলিকে সঠিক ভাবে পরিকল্পিত ট্রেনিং প্রোগ্রামের মাধ্যমে প্রতিভাবান উদ্যোক্তা তৈরি করা এবং উদ্ভাবনী ধারণাগুলোকে উৎসাহিত করে সফল ব্যবসায়ে পরিণত করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

### সুনীল অর্থনিতিতে Startup BLUE এর অবদান

বিশ্বব্যাপী সুনীল অর্থনীতির চিত্র লক্ষ করলে দেখা যায় বছরব্যাপী তিন থেকে পাঁচ ট্রিলিয়ন মার্কিন ডলারের কর্মকাণ্ড সংঘটিত হচ্ছে সমুদ্রকে ঘিরে। বিশ্বের ৪৩০ কোটি মানুষের ১৫ শতাংশ আমিষের জোগান দিচ্ছে সামুদ্রিক মাছ, উদ্ভিদ ও জীবজন্তু। পৃথিবীর ৩০ শতাংশ গ্যাস ও জ্বালানি তেল সরবরাহ করা হচ্ছে সমুদ্রতলের বিভিন্ন গ্যাস ও তেলক্ষেত্র থেকে। এছাড়া সামুদ্রিক জীববৈচিত্র্যের জ্ঞান বৃদ্ধির মাধ্যমে সমুদ্রনির্ভর ওষুধ শিল্পও গড়ে তালা সম্ভব। ধারণা করা হচ্ছে ২০৫০ সালে পৃথিবীর জনসংখ্যা হবে প্রায় ৯০০ কোটি। এই বিপুল জনগোষ্ঠীর খাবার জোগান দিতে বিশ্ববাসীর হতে হবে সমুদ্রের মুখাপেক্ষী। সমগ্র বিশ্বে ক্রমেই সুনীল অর্থনীতি জনপ্রিয় হচ্ছে। বাংলাদেশের বিশাল জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে সমুদ্রনির্ভর সুনীল অর্থনীতির বদৌলতে। সমুদ্রে অবস্থিত বিশাল জলরাশি এবং এর তলদেশের বিশাল সম্পদকে কাজে লাগিয়ে দেশের অর্থনীতিকে এগিয়ে নেয়ার নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে ব্লু-ইকোনমির মাধ্যমে। ধারণা করা হয়, বঙ্গোপসাগরের তলদেশে যে খনিজ সম্পদ রয়েছে, তা পৃথিবীর অন্য কোনো সাগর-উপসাগরে নেই।

বর্তমানে বাংলাদেশের অর্থনীতিতে সমুদ্রসম্পদের অবদান মাত্র ৯ দশমিক ছয় বিলিয়ন মার্কিন ডলার অথবা ছয় শতাংশ। দেশের স্থলভাগের প্রায় সমপরিমাণ সমুদ্রসীমা এখন মূল্যবান সম্পদের ভাণ্ডার। ভারত ও মিয়ানমার থেকে অর্জিত সমুদ্রসীমায় ২৬টি ব্লক রয়েছে। ইজারা দিয়ে এসব ব্লক থেকে প্রায় ৪০ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস পাওয়া সম্ভব মনে করছেন সংশ্লিষ্টরা। জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে ২০১৭ সালে 'ব্লু-ইকোনমি সেল' গঠন করে সরকার।

সমুদ্র বিজয়ের ফলে ব্লু-ইকোনমির ক্ষেত্রে বাংলাদেশ দুই ধরনের সম্পদ অর্জন করেছে। এর একটি হলো প্রাণিজ, অপরটি অপ্রাণিজ। প্রাণিজের মধ্যে রয়েছে মৎস্য সম্পদ, সামুদ্রিক প্রাণী, আগাছা-গুল্মলতা ইত্যাদি। এছড়া বঙ্গোপসাগরের বিপুল পরিমাণ আগাছা প্রক্রিয়াজাতকরণ করে বিভিন্ন রোগের ওষুধ তৈরি করা যায়। সমুদ্রে শুধু মাছ রয়েছে প্রায় ৫০০ প্রজাতির। এছাড়া চিংড়ি ৩৬ প্রজাতির, কাঁকড়া ২০ প্রজাতির এবং শামুক-ঝিনুক রয়েছে ৩৩৬ প্রজাতির। সেইসঙ্গে রয়েছে শ্যালফিশ, অক্টোপাস, হাঙ্গরসহ বিভিন্ন ধরনের সামুদ্রিক প্রাণী।

অপ্রাণিজ সম্পদের মধ্যে রয়েছে খনিজ ও খনিজ ধরনের সম্পদ, যেমন তেল, গ্যাস, চুনাপাথর প্রভৃতি। আরও রয়েছে ১৭ ধরনের মূল্যবান খনিজ বালি। যেমন জিরকন, রোটাইল, সিলিমানাইট, ইলমেনাইট, ম্যাগনেটাইট, গ্যানেট, কাষানাইট, মোনাজাইট, লিক্লোসিন ইত্যাদি, যার মধ্যে মোনাজাইট অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাছাড়া সিমেন্ট বানানোর উপযোগী প্রচুর ক্লে রয়েছে সমুদ্রের তলদেশে। এছাড়া সামুদ্রিক মাছ সঠিকভাবে আহরণ করতে পারলে নিজ দেশের চাহিদা মিটিয়ে বিভিন্ন দেশে রপ্তানি করা সম্ভব। তাছাড়া সামুদ্রিক মাছ থেকে খাবার, মাছের তেল দিয়ে বিভিন্ন ধরনের ওষুধ, সস, চিটোসান প্রভৃতি তৈরি করা সম্ভব, যার ফলে নতুন ধরনের কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি বিদেশে রপ্তানি করে দেশের জন্য প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করা যেতে পারে। এরই মধ্যে সামুদ্রিক অর্থনীতি বিকাশের জন্য ২৬টি সম্ভাবনাময় কার্যক্রম চিহ্নিত করেছে সরকার। এগুলো হলো শিপিং, উপকূলীয় শিপিং, সমুদ্রবন্দর, ফেরির মাধ্যমে যাত্রীসেবা, অভ্যন্তরীণ জলপথে পরিবহন, জাহাজ নির্মাণ, জাহাজ রিসাইক্লিং শিল্প, মৎস্য, সামুদ্রিক জলজ পণ্য, সামুদ্রিক জৈব প্রযুক্তি, তেল ও গ্যাস, সমুদ্রের লবণ উৎপাদন, মহাসাগরের নবায়নযোগ্য শক্তি, ব্লু-এনার্জি, খনিজ সম্পদ (বালি, নুড়ি ও অন্যান্য দ্রব্য), সামুদ্রিক জেনেটিক সম্পদ, উপকূলীয় পর্যটন, বিনোদনমূলক জলজ ক্রীড়া, ইয়টিং এবং মেরিনস্, ক্রুজ পর্যটন, উপকূলীয় সুরক্ষা, কৃত্রিম দ্বীপ, সবুজ উপকূলীয় বেল্ট বা ডেল্টা পরিকল্পনা, মানবসম্পদ, সামুদ্রিক নিরাপত্তা, নজরদারি এবং সামুদ্রিক সমষ্টি স্থানিক পরিকল্পনা (এমএসপি)। এত সম্ভাবনা থাকা সত্ত্বেও সঠিক নির্দেশনা ও উদ্ভাবনী ক্ষমতার সর্বোত্তম ব্যবহার না থাকাতে বাংলাদেশ সুনীল অর্থনীতির সুফল থেকে বঞ্চিত হচ্ছে।

Startup BLUE স্টার্টআপ ইকোসিস্টেমের মাধ্যমে সুনীল অর্থনীতির যথাযথ সুফল লাভে ব্লু-ইকোনমি বিষয়ক উদ্ভাবনী স্টার্টআপগুলিকে পরিকল্পিত ট্রেনিং প্রোগ্রামের মাধ্যমে সফল ব্যবসায়ে পরিণত করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সমুদ্রনির্ভর অর্থনীতি থেকে যদি চার শতাংশ প্রবৃদ্ধি অর্জন করা যায়, তাহলে ‘ভিশন ২০৪১’ পূরণ করা সহজ হবে। ফলে আমরা এই সময়ের মধ্যে উন্নত দেশের কাতারে পৌঁছে যাব।

<u>**দেশের প্রথম ব্লু-ইকোনমি ভিত্তিক স্টার্টআপ বিজনেস ইনকিউবেটর "স্টার্টআপ ব্লু-এর উদ্বোধন**</u>




*"স্টার্টআপ ব্লু"-এর উদ্বোধনকালে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়*

২৮ মে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে দেশের প্রথম ব্লু-ইকোনমি ভিত্তিক স্টার্টআপ বিজনেস ইনকিউবেটর "স্টার্টআপ ব্লু এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। এসময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ট্রেজারার, ডিনবৃন্দ, পরিচালকবৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## স্টার্ট আপ ব্লু-এর বিজনেস প্ল্যান প্রতিযোগিতার আয়োজন




*বিজনেস প্ল্যান প্রতিযোগিতা শেষে গ্রুপ ফটোগ্রাফি*

১২ জুন ২০২৩ তারিখে ঢাকাস্থ বাংলাদেশ নৌবাহিনী সদর দপ্তরের সাগরিকা হলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির স্টার্ট আপ ব্লু বিজনেস ইনকিউবেটর কর্তৃক একটি বিজনেস প্লান প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল এবং স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বাংলাদেশের টেকসই উন্নয়নের জন্য সরকারের ব্লু-ইকোনমি পলিসি বাস্তবায়নের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির সময়োপযোগী এই উদ্যোগকে সাধুবাদ জ্ঞাপনের পাশাপাশি বিজয়ী প্রতিযোগিদের অভিনন্দন জানান। মেরিটাইম উচ্চ শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও ভবিষ্যত কার্যক্রমের উপর আলোকপাত করার পাশাপাশি প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকলকে ও উপস্থিত মেরিটাইম পেশাজীবী এবং স্টেকহোল্ডারদের বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ধন্যবাদ জানান। উক্ত প্রতিযোগিতায় শিক্ষার্থীরা বিভিন্ন নতুন ও সৃজনশীল মেরিটাইম সংশ্লিষ্ট বিজনেস প্ল্যান নিয়ে হাজির হন। এদের মধ্য থেকে শীর্ষ ৩টি গ্রুপকে তাদের উদ্ভাবনী বিজনেস স্টার্ট আপ প্ল্যানের জন্য নৌবাহিনী প্রধান ক্রেস্ট তুলে দেন। উল্লেখ্য, প্রতিযোগিতায় মোট ২০ টি গ্রুপ অংশগ্রহণ করে তাদের সৃজনশীল বিজনেস প্ল্যানসমূহ উপস্থাপন করেন।

# বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব

অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিয়মিত একাডেমিক কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন কো-কারিকুলার কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে। শিক্ষার্থীদের সৃজনশীলতা ও দক্ষতা বিকাশে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ক্লাব যথা- সায়েন্স ক্লাব, ডিবেটিং ক্লাব, কালচারাল ক্লাব, ফটোগ্রাফি ক্লাব, হাইকিং/ট্রেকিং ক্লাব, কারেন্ট অ্যাফেয়ার্স ক্লাব এবং বিজনেস অ্যান্ড ক্যারিয়ার ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। নিম্নে ক্লাবগুলোর কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলো।

## বিজনেস অ্যান্ড ক্যারিয়ার ক্লাব

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভবিষ্যত কর্ম পরিকল্পনা এবং ক্যারিয়ার কাউন্সিলিং এর জন্য শিক্ষার্থী কেন্দ্রিক একটি গতিশীল সংগঠন "বিএসএমআরএমইউ বিজনেস অ্যান্ড ক্যারিয়ার ক্লাব"। তরুণ প্রজন্মের ক্ষমতায়ন এবং সদা বিকশিত ব্যবসায়িক জগতে সাফল্যের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রস্তুত করার প্রত্যয় নিয়ে ক্লাবটি প্রতিষ্ঠিত।

**মেন্টর:** কমডোর মো: নিয়ামুল হাসান, (এল), বিএন, ডিন, এফএমবিএস

**কো-অর্ডিনেটর:**

- ওয়াহিদুল শেখ, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা)
- আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা)

**স্পন্সর:** ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ (এফএমবিএস)

ক্লাবটি তার সদস্যদের মধ্যে উদ্যোক্তা এবং পেশাদার দক্ষতা বৃদ্ধির দিকে মনোনিবেশ করে। একাডেমিয়া এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে ব্যবধান পূরণ করার জন্য শিক্ষার্থীদের একটি প্ল্যাটফর্ম প্রদান করার লক্ষ্যে ক্লাবটি কর্মশালা, সেমিনার, প্রতিযোগিতা এবং নেটওয়ার্কিং ইভেন্ট সহ বিস্তৃত ক্রিয়াকলাপ আয়োজন করে। এই উদ্যোগগুলির মাধ্যমে বিএসএমআরএমইউ বিজনেস অ্যান্ড ক্যারিয়ার ক্লাবের লক্ষ্য হল শিক্ষার্থীদেরকে ৪র্থ শিল্প বিপ্লবের জন্য প্রয়োজনীয় দক্ষতা প্রদানের মাধ্যমে গড়ে তোলা যাতে তারা মেরিটাইম ইন্ডাস্ট্রি এবং এর বাইরেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে।

একটি অলাভজনক এবং অরাজনৈতিক সংগঠন হিসাবে, বিএসএমআরএমইউ বিজনেস অ্যান্ড ক্যারিয়ার ক্লাব স্বচ্ছতা এবং পেশাদারিত্বের প্রতিশ্রুতি দিয়ে কাজ করে। এটির স্বেচ্ছাসেবক ছাত্র, অনুষদ, উপদেষ্টা এবং মেরিটাইম বিশেষজ্ঞদের নিবেদিত দল একটি সহায়ক পরিবেশ তৈরি করতে একসাথে কাজ করে যা ব্যক্তিগত এবং পেশাদারী উৎকর্ষ সাধনে ভূমিকা পালন করে। উদীয়মান উদ্যোক্তাদের জন্য একটি "ইনকিউবেশন হাব" প্রতিষ্ঠা করা, চাকরি মেলার আয়োজন করা এবং তথ্যমূলক ম্যাগাজিন প্রকাশ করার মতো বিভিন্ন কাজের মাধ্যমে ক্লাবটি বিএসএমআরএমইউ এর শিক্ষার্থীদের মধ্যে দক্ষতা উন্নয়ন, নেটওয়ার্কিং এবং শিল্পের প্রসারের জন্য একটি অপরিহার্য অনুঘটক হিসেবে কাজ করছে। ফলস্বরূপ এটি মেরিটাইম সেক্টরের ভবিষ্যত নেতৃত্ব গঠনে এবং বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক অগ্রগতিতে অবদান রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

## সায়েন্স ক্লাব

**মেন্টর:** কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), (অব:), ডিন, এফইটি

**কো-অর্ডিনেটর:**

- ড. মো: আবুল হোসেন, সহকারী অধ্যাপক (পদার্থবিদ্যা)
- ড. এস.এম. রাশিদুল হাসান, সহকারী অধ্যাপক (নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং)

- জান্নাতুল নাঈমা, প্রভাষক (মেরিন ফিশারিজ অ্যান্ড এ্যাকুয়াকালচার)

**স্পন্সর:** ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এফইটি)

**<u>সায়েন্স ক্লাব কর্তৃক আয়োজিত অনুষ্ঠানাদি</u>**

বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব বিশ্ব সমুদ্র দিবস উপলক্ষ্যে ৮-ই জুন ২০২২ ক্লাইমেট কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। উক্ত ক্লাইমেট কুইজ প্রতিযোগিতায় ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকার করে যথাক্রমে এমদাদুর রহমান, এনএওই বিভাগ, মাসরাফি নাইম, পিএমএল বিভাগ এবং আসিফ আবরার, ল' বিভাগ।

বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব ১৭-ই ২০২২ জুলাই জাহাজ ডিজাইন প্রতিযোগিতা ২০২২ এর আয়োজন করে। উক্ত প্রতিযোগিতায় ১ম এবং ২য় স্থান অধিকার করে যথাক্রমে লাবিব মাহমুদ, এনএওই বিভাগ, এবং ইফতেখার আহমেদ, ওশানোগ্রাফি বিভাগ।





বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় এর আয়োজিত গবেষণা মেলায় অংশগ্রহণ করে। উক্ত আয়োজনে বিজ্ঞান ক্লাব স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে শুভেচ্ছা স্মারক গ্রহণ করে ।

বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব ৩১ মার্চ ২০২৩ অস্ট্রেলিয়ায় উচ্চ শিক্ষা সংক্রান্ত ওয়েবিনার এর আয়োজন করে। উক্ত আয়োজনে জনাব রউনক সাহা নিলয়, নিউ সাউথ ওয়েলস ক্যানাবেরা, অস্ট্রেলিয়া বক্তা হিসাবে উপস্থিত ছিলেন।

বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব ১৪ জানুয়ারি ২০২৩ এ গবেষণা বিষয় নির্বাচন সংক্রান্ত ওয়েবিনার এর আয়োজন করে। উক্ত আয়োজনে ড. মোঃ সাহানুল ইসলাম, কোডেক বাংলাদেশ, বক্তা হিসাবে উপস্থিত ছিলেন।

বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব বিশ্ব পরিবেশ দিবস পালনের লক্ষ্যে সাধারণ সভার আয়োজন করে। উক্ত আয়োজনে মেন্টর কমডোর জিয়াউদ্দিন আলমগীর (অবঃ), ডিন, এফইটি অনুষদ, ক্লাব সমন্বয়কগণ এবং নির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।










বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব বিশ্ব পরিবেশ দিবস উদযাপন এর লক্ষ্যে ৫ জুন ২০২৩ সেমিনার এর আয়োজন করে। উক্ত আয়োজনে উপাচার্য রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, মেন্টর কমডোর জিয়াউদ্দিন আলমগীর (অবঃ), ডিন, এফইটি অনুষদ, ক্লাব সমন্বয়ক ও সদস্যগণ এবং বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত আয়োজনে বক্তা হিসাবে উপস্থিত ছিলেন যুগ্ম সচিব সৈয়দা মাছুমা খানম, পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ। এছাড়া বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে র‍্যালির আয়োজন করা হয়। উক্ত আয়োজনে ড মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থ বিভাগ, শিক্ষার্থীদের নিয়ে মিরপুর-১২ এর মূল রাস্তায় প্রদক্ষিণ করেন।

বিএসএমআরএমইউ সায়েন্স ক্লাব সারা বছর ধরে আয়োজিত সকল ইভেন্ট এর বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত আয়োজনে উপাচার্য রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বিজয়ী শিক্ষার্থী এবং ক্লাব এর বিদায়ী সদস্যদের মাঝে পুরস্কার ও স্মারক বিতরণ করেন।

## কারেন্ট অ্যাফেয়ার্স ক্লাব

বিশ্ববিদ্যালয় কারেন্ট অ্যাফেয়ার্স ক্লাব শিক্ষার্থীদের বর্তমান ইভেন্টগুলোর সাথে আপ টু ডেট থাকা এবং বিভিন্ন বৈশ্বিক সমস্যার আলোচনা নিয়ে কাজ করে। শিক্ষার্থীদের জ্ঞানের বিকাশের জন্য বর্তমান বিষয় সম্পর্কে সচেতন হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটি বিশ্বের নাগরিক হিসাবে সচেতন হতে সহায়তা করে।

**মেন্টর:** কমডোর মো: জাকিরুল ইসলাম, (ই), এনডিসি, পিএসসি, বিএন, ডিন, এফজিএস

**কো-অর্ডিনেটর:**

- শাহনাজ আক্তার, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস
- তানভীর আহমেদ, প্রভাষক, মেরিটাইম ল’ অ্যান্ড পলিসি
- মোঃ ইকরা, প্রভাষক, মেরিটাইম ল’ অ্যান্ড পলিসি

**স্পন্সর:** ফ্যাকাল্টি অব জেনারেল স্টাডিজ, এফজিএস

**ক্লাবের উদ্দেশ্য:**

- জ্ঞান চর্চার জন্য স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করা।
- পাবলিক স্পিকিং, কুইজিং, সমালোচনামূলক চিন্তা করার ক্ষমতা, পরীক্ষা নেওয়ার দক্ষতা ইত্যাদির মতো সফট স্কিল বাড়ানোর জন্য একটি প্ল্যাটফর্ম তৈরি করা।
- শিক্ষার্থীদের একটি প্লাট ফর্ম তৈরি করা যারা চারপাশের বিশ্ব সম্পর্কে সচেতন এবং কর্মে নিযুক্ত থাকার বিষয়ে উৎসাহী।
- সমাজের জটিল সমস্যা ও চ্যালেঞ্জগুলোর গভীরভাবে উপলব্ধি করা এবং সক্রিয় নাগরিক হতে উৎসাহিত করা।

**অর্জন**

- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েরর সিএসই ফেস্ট (একক কুইজ): চ্যাম্পিয়ন
- এমআইএসটি সাহিত্য ও সাংস্কৃতিক ক্লাব বর্তমান "অঙ্কুর" (টিম কুইজ): ৪র্থ অবস্থান
- ঢাকা বিশ্ববিদ্যালয় কুইজিং সোসাইটি বর্তমান "জাতীয় কুইজ উৎসব" (টিম কুইজ): ৫ম অবস্থান

- বুয়েট ব্রেইনিয়াক প্রেজেন্টস "ওয়ার্ল্ড কাপ কুইজ ২০২২" (একক অনলাইন কুইজ): চ্যাম্পিয়ন

**ভবিষ্যৎ পরিকল্পনা**

- আন্তঃবিশ্ববিদ্যালয়/ আন্তঃবিভাগীয়/ আন্তঃ হল/ বিশেষ অনুষ্ঠানে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা।
- প্রতি মাসে কর্মশালা আয়োজন করা।
- প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতার ব্যবস্থা করা।
- এমন একটি প্ল্যাটফর্ম তৈরি করা যেখানে ভূ-রাজনীতি, বৈশ্বিক সমস্যা, সাহিত্য, সাধারণ জ্ঞান, বৈজ্ঞানিক সমস্যা ইত্যাদির মতো বিভিন্ন বিষয়ে খোলামেলা আলোচনাকে উৎসাহিত করা।
- বিভিন্ন ধরণের ইভেন্টের আয়োজন করতে অন্যান্য ক্লাবের সাথে সহযোগিতা করা।

## ফটোগ্রাফি ক্লাব

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ফটোগ্রাফি শিল্প ও দক্ষতার উন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে ২৬ মার্চ ২০১৯-এ বিএসএমআরএমইউ ফটোগ্রাফি ক্লাব চালু হয়। বর্তমানে ক্লাবটি বিভিন্ন জাতীয় ও আন্তাজার্তিক দিবস সমূহে বিশ্ববিদ্যালয়ে নানা কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। এর পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব কিছু অনুষ্ঠানেও এই ক্লাব বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করে থাকে।

**মেন্টর:** ক্যাপ্টেন মো: তৌহিদ সাগর, (এস), পিএসসি, বিএন, পরিদর্শক, একাডেমিস/ইনস্টিটিউটস

**কো-অর্ডিনেটর:**

- মো: নাজমুস সাকিব, প্রভাষক (মেরিটাইম সায়েন্স)
- মো: আল আমিন, প্রভাষক (ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি)

**স্পন্সর:** অফিস অব দা ইন্সপেক্টর অব একাডেমিস/ ইনস্টিটিউটস

ফটোগ্রাফি ক্লাবের সদস্যবৃন্দ অক্লান্ত পরিশ্রম করে ইভেন্ট আয়োজন ও সম্পাদন করছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষক ও শিক্ষার্থীদের সমর্থন এবং উৎসাহে ক্লাবের কার্যক্রম এগিয়ে যাচ্ছে।

ফটোগ্রাফি ক্লাব বিভিন্ন জাতীয় দিবস ও বিশ্ববিদ্যালয়ের বিশেষ অনুষ্ঠানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ই মার্চ ফটোগ্রাফি ক্লাব কর্তৃক ফটো এক্সিবিশন ও দেয়ালিকা প্রদর্শনীর আয়োজন করা হয়। ফটো এক্সিবিশনে বঙ্গবন্ধুর জীবন, সংগ্রাম এবং অবদানকে তুলে ধরা হয়।

পহেলা বৈশাখ, ১৪ই এপ্রিল বাংলা নববর্ষ উদযাপনে উপলক্ষ্যে ক্লাব একটি প্রাণবন্ত ছবি প্রদর্শনীর আয়োজন করেছে যা উৎসবের চেতনার মর্মকে ধারণ করে।

১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ক্লাবটি একটি চিন্তা-উদ্দীপক ছবির প্রদর্শনীর আয়োজন করে।

১৬ ই ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে ফটোগ্রাফি ক্লাব কর্তৃক চিত্র প্রদর্শনী ও দেয়ালিকা উপস্থাপনার আয়োজন করা হয়। এর মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

নিয়মিত জাতীয় উৎসব পালনের পাশাপাশি, ফটোগ্রাফি ক্লাব মাননীয় ভাইস চ্যান্সেলর-এর সাথে মত বিনিময় সভায় ক্লাবের সার্বিক কর্মকাণ্ড নিয়ে বিশেষ চিত্রপ্রদর্শনীর আয়োজন করে। এছাড়া, বার্ষিক সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে ফটো এক্সিবিশন এর আয়োজন করে। এখানে ক্লাবের সদস্যরা বিভিন্ন ফটোগ্রাফি প্রদর্শন করে।

বিএসএমআরএমইউ ফটোগ্রাফি ক্লাব সক্রিয়ভাবে বিভিন্ন ফটোগ্রাফি প্রতিযোগীতা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উৎসাহিত করেছে। পাশাপাশি ফটোগ্রাফি শেখানোর জন্য বিভিন্ন কর্মশালার আয়োজন করেছে যা এখানকার শিক্ষার্থীদের ফটোগ্রাফি নিয়ে আরো ভালো কাজ করার জন্য পাথেয় হিসেবে কাজ করছে।

ক্লাবটি বিষয়-ভিত্তিক আন্তঃ বিশ্ববিদ্যালয় ফটো প্রতিযোগিতার আয়োজন করেছিলো যেখানে সদস্যদেরকে সৃজনশীলতাকে উৎসাহিত করতে নির্দিষ্ট বিষয়কে ভিত্তি করে ছবি আহ্বান করা হয়েছিলো।



*আন্তঃ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফি প্রতিযোগিতা পরিদর্শন করছেন মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়*

পরিশেষে বলা যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ফটোগ্রাফি ক্লাবটি সৃজনশীল অভিব্যক্তির একটি সমৃদ্ধ কেন্দ্র হয়ে উঠেছে, যার সদস্যবৃন্দ গুরুত্বপূর্ণ মুহূর্তগুলিকে ক্যাপচার করে এবং লেন্সের মাধ্যমে স্মৃতি সংরক্ষণ করে। আমরা আশা করি, ফটোগ্রাফি ক্লাব এগিয়ে যাওয়ার সাথে সাথে, এটি শিক্ষার্থীদের মধ্যে ফটোগ্রাফির প্রতি ভালবাসা বৃদ্ধি করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে সহশিক্ষামূলক কার্যকলাপের চর্চায় বিশেষ ভূমিকা রাখবে।

## ডিবেটিং ক্লাব

ডিবেটিং ক্লাব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত এবং প্রথম প্রতিষ্ঠিত ক্লাব। এটি ২০১৮ সালে প্রতিষ্ঠিত হয়। শিক্ষার্থীদের মধ্যে শুদ্ধ বিতর্ক চর্চার প্রসার ঘটানোর মাধ্যমে যুক্তি ও সৃজনশীলতার চর্চাকে উদ্বুদ্ধ করা এবং মুক্তবুদ্ধির চর্চা, চিন্তা ও বাক-প্রকাশের স্বাধীনতা এবং অধিকার সুনিশ্চিত করা ডিবেটিং ক্লাবের মূল লক্ষ্য। এই সংগঠনটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত একটি স্বেচ্ছাসেবী এবং অলাভজনক সংগঠন। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বাহিরে অনুষ্ঠিত বিভিন্ন জাতীয় পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকে। সহ-শিক্ষা কার্যক্রম হিসেবে "বিতর্ক একটি শিল্প" এই মূলমন্ত্র লালন ও ধারণ করে ডিবেটিং ক্লাব সামনে এগিয়ে যাচ্ছে। ক্লাবের গঠনতন্ত্র অনুযায়ী প্রতিবছর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তথা ক্লাবের সদস্যদের মধ্য থেকে এক্সিকিউটিভ সদস্য নির্বাচন করা হয় এবং উক্ত এক্সিকিউটিভ কমিটির কার্যকরী মেয়াদকাল এক বছর।

**মেন্টর:** ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন, পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল (আইকিউএসি)।

**কো-অর্ডিনেটর:**

- জনাব খন্দকার আতিকুর রহমান, সহযোগী অধ্যাপক (ইংরেজি)
- জনাব আবু জাফর তৌফিক আহমেদ আহাদ, প্রভাষক (মেরিটাইম ল' অ্যান্ড পলিসি)

**ক্লাবের স্পন্সর:** ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল (আইকিউএসি)।

**ক্লাবের কার্যক্রমসমূহ**

ডিবেটিং ক্লাব বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বাইরে অনুষ্ঠিত বিভিন্ন জাতীয় পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকে। ক্লাবের পূর্ববর্তী কার্যক্রমের ধারাবাহিকতায় ক্লাবের ২০২৩-২৪ সনের কার্যকরী কমিটির সভাপতি মোঃ হাসিবুল ইসলাম কর্তৃক ক্লাবের জন্য নিয়মিত কার্যক্রম হিসেবে নিম্নলিখিত কার্যক্রমসমূহ হাতে নেওয়া হয়েছে এবং কার্যক্রমগুলো অত্যন্ত সুন্দরভাবে অনুষ্ঠিত হচ্ছে।

- নিয়মিত সাপ্তাহিক পাঠচক্র ও বিতর্ক চর্চার জন্য অনুশীলন সেশন আয়োজন করা;
- নিয়মিত বিতর্ক প্রদর্শনী আয়োজন করা (প্রতি মাসে দুইবার);
- নিয়মিত জাতীয় দিবসসমূহে ও অন্যান্য দিবসসমূহ (যেমনঃ পরিবেশ দিবস ইত্যাদি) দিবসে বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা;
- অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ফ্রেন্ডলি ডিবেট কম্পিটিশন আয়োজন করা;

- বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বছরে একবার করে আন্তঃ বিভাগ, আন্তঃ সেশন বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা;
- অন্যান্য বিশবিদ্যালয়ে অনুষ্ঠিত বিভিন্ন জাতীয় বিতর্ক প্রতিযোগিতাসমূহে আবশ্যিকভাবে নিয়মিত অংশগ্রহণ করা;
- বছরে একটি বিতর্ক সাময়িকী প্রকাশ করা;
- আন্তর্জাতিক বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য পূর্বপ্রস্তুতি হিসেবে সুদক্ষ টিম প্রস্তুত করা, নিয়মিত অনুশীলন করা ইত্যাদি।



*ক্লাব কার্যক্রমের আলোকচিত্র*

## কালচারাল ক্লাব

বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন এবং অন্যান্য বিশেষ প্রোগ্রামে কালচারাল ক্লাব সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে থাকে। কালচারাল ক্লাবের সদস্যরা গান, নাটিকা, নৃত্য ও কবিতা আবৃত্তির মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে থাকে।

**মেন্টর:** কমডোর মো: মামুনুর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন, ডিন, এফএমজিপি

**কো-অর্ডিনেটর:**

- ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন
- স্বর্ণা দত্ত, সহকারী অধ্যাপক, বাংলা
- ড. মারিয়া জামান, সহকারী অধ্যাপক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার
- সুনন্দা মজুমদার, প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট
- এমরানুল হক, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস
- রুবাইয়াত সাইমুম, প্রভাষক, মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটিজিক স্টাডিজ

**ক্লাবের স্পন্সর:** ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি (এফএমজিপি)

**বিভিন্ন প্রোগ্রামে কালচারাল ক্লাবের কার্যক্রম**

১৫ আগস্ট ২০২২ তারিখে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যগণ বিভিন্ন আয়োজনে দিনটিকে শ্রদ্ধাভরে স্মরণ করে।

১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যগণ একক ও দলীয় গান, কবিতা আবৃত্তি পরিবেশনার মাধ্যমে শেখ রাসেলকে স্মরণ করে।

১৬ ডিসেম্বর ২০২২ তারিখে যথাযোগ্য ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়। জাতীয় গুরুত্বপূর্ণ এই বিশেষ দিনে বিএসএমআরএমইউ কালচারাল ক্লাব একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে কালচারাল ক্লাবের সদস্যরা গান, নাটক, নৃত্য, কবিতা আবৃত্তি পরিবেশন করে।

২১ ফেব্রুয়ারি ২০২৩ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কালচারাল ক্লাবের সদস্যরা ভাষা শহিদদের স্মরণে গান, নৃত্য, কবিতা আবৃত্তি ইত্যাদি পরিবেশন করে।

০২ মার্চ ২০২৩ অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত ভিসি মহোদয়ের সঙ্গে শিক্ষার্থীদের মতবিনিময় সভায়ও বিএসএমআরএমইউ কালচারাল ক্লাব একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

২৬ মার্চ ২০২৩, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সার্বিক তত্ত্বাবধানে শহীদ মোয়াজ্জেম হলে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানটিতে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের বিভিন্ন ব্যাচের শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। এই অনুষ্ঠানে গান, নাটিকা, নৃত্য ইত্যাদির মাধ্যমে কালচারাল ক্লাবের সদস্যরা স্বাধীনতার জন্য আত্মত্যাগকারী বাঙালি জাতির বীর সন্তানদের শ্রদ্ধাভরে স্মরণ করেণ।

১৪ এপ্রিল ২০২৩, বাংলা নববর্ষের ১ম দিন বিএসএমআরএমইউ কালচারাল ক্লাবের সদস্যরা বাঙালি সংস্কৃতির ঐতিহ্য বজায় রাখতে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

২৪ মে ২০২৩ বিশ্ববিদ্যালয় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানে কালচারাল ক্লাব একটি মনোরম সাংস্কৃতিক আয়োজন তুলে ধরে ।

২৭ মে ২০২৩ বিশ্ববিদ্যালয় বার্ষিক সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। বিএসএমআরএমইউ কালচারাল ক্লাবের তত্ত্বাবধানে সকল ডিপার্টমেন্ট এর শিক্ষার্থী বিভিন্ন পরিবেশনার মাধ্যমে একটি মনোজ্ঞ আয়োজন তুলে ধরে। যেখান বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রতিষ্ঠিত ব্যান্ড "ব্লাক বার্ড" তাদের পরিবেশনা তুলে ধরে।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যদের গ্রুপ ফটোগ্রাফি



মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যদের পরিবেশনা



০২ মার্চ ২০২৩ মতবিনিময় সভা উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যদের সংগীত পরিবেশনা



বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যদের সংগীত পরিবেশনা



জাতীয় কবির জন্মজয়ন্তী উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যদের পরিবেশনা



বার্ষিক সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিষ্ঠিত ব্যান্ড "ব্লাক বার্ড" এর মনোমুগ্ধকর পরিবেশনা

## হাইকিং ও ট্র্যাকিং ক্লাব

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশ এর অন্তর্ভুক্ত ক্লাবগুলোর মধ্যে অন্যতম একটি ক্লাব হলো হাইকিং ও ট্র্যাকিং ক্লাব। এই ক্লাব হাইকিং এবং ট্রেকিং সম্পৃক্ত বিভিন্ন আয়োজন খুব সুন্দরভাবে সম্পাদন করে থাকে। ২১ ই আগস্ট ২০২২ এ B.Sc in Naval Architecture and Offshore Engineering ৩য় ব্যাচ থেকে সকল শিক্ষার্থীদের হাইকিং এবং ট্রেকিং এর উদ্দেশ্য বান্দরবানে নিয়ে যাওয়া হয়। সেখানে নীলাচল, নীলগিরি, দেবতাখুম, চিম্বুক পাহাড়ে হাইকিং ও ট্র্যাকিং এর জন্যে নিয়ে যাওয়া হয়। শিক্ষার্থীদের জন্য করা এসব আয়োজন একইসাথে খুবই আনন্দের এবং শিক্ষণীয়। হাইকিং ও ট্র্যাকিং ক্লাব প্রতিবছর এমন অনেক প্রোগ্রামের আয়োজন করে থাকে।

**মেন্টরঃ** কমান্ডার মোহাম্মদ আবুল হাসান (এইচ-১), পিএসসি, বিএন, পরিচালক (শারীরিক শিক্ষা কেন্দ্র)

**কো-অর্ডিনেটরঃ**

- ড. মোহাম্মদ তানজিল হাসান, সহযোগী অধ্যাপক (গণিত)
- মহিমা সুলতানা মিমি, প্রভাষক (ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি)
- হাসিবুল ইসলাম, প্রভাষক (ব্যবস্থাপনা)

**ক্লাবের স্পন্সর:** শারীরিক শিক্ষা কেন্দ্র

# বিভিন্ন অধিভুক্ত প্রতিষ্ঠান

## বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম

'বাংলাদেশ মেরিন একাডেমি' পেশাগতভাবে দক্ষ, পরিবেশ সচেতন, বুদ্ধিদীপ্ত এবং চৌকস মেরিন ক্যাডেট তৈরি করে আসছে। উচ্চ মাধ্যমিক সনদপ্রাপ্ত নির্বাচিত প্রার্থীদেরকে জাতিসংঘের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (IMO-UN) আন্তর্জাতিক পেশাগত দক্ষতা-মান STCW Convention অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বমান সম্পন্ন মেরিন ক্যাডেট হিসেবে গড়ে তুলছে। জাতীয় অর্থনীতিতে, দেশে-বিদেশে সমুদ্রগামী জাহাজ এবং শোর-বেজ্‌ড জাহাজ ব্যবস্থাপনা সংস্থায় কর্মরত আমাদের ৫,০৯০ জন এক্স ক্যাডেট তথা মেরিনারদের সম্মিলিত অবদান বার্ষিক (২০২২-২৩) প্রায় ২৫০ মিলিয়ন ডলার (২,৭০০ কোটি টাকা)।

**প্রতিষ্ঠান প্রধান:** নৌপ্রকৌ. ড. সাজিদ হোসেন, *চার্টার্ড মেরিন ইঞ্জিনিয়ার*, কমান্ড্যান্ট
**শিক্ষক / কর্মকর্তার সংখ্যা:** ৩৬ জন
**কর্মচারীর সংখ্যা:** ১৫১ জন

## ইঞ্জিনিয়ারিং বিভাগ

International Convention on Standards of Training, Certification and Watchkeeping for Seafarers (STCW) অনুযায়ি ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের পাঠদান ও প্রশিক্ষণ প্রদান করা।

**বিভাগের চেয়ারম্যান:** নৌপ্রকৌ. মোঃ হুমায়ুন কবীর, প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)

## নৌ-শিক্ষা বিভাগ

নটিক্যাল ক্যাডেটদের প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন এনসিলিয়ারি কোর্স পরিচালনা করা।

**বিভাগের চেয়ারম্যান:** ক্যাপ্টেন মোহাম্মদ রিফাই চৌধুরী, মাস্টার মেরিনার, নৌ-শিক্ষা প্রধান (অঃ দাঃ),

## শিক্ষা বিভাগ

ক্যাডেট ভর্তি, রেজিস্ট্রেশন, নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের প্রশিক্ষণ প্রদান, এবং সেমিস্টার পরীক্ষা পরিচালনা করা।

**বিভাগের চেয়ারম্যান:** জনাব খালিদ মাহমুদ, বিএসসি (সম্মান), এমএসসি (ঢাবি), এমএসসি (এমইটি) সুইডেন, প্রধান শিক্ষা কর্মকর্তা

### উল্লেখযোগ্য কার্যক্রম

- বর্তমানে ৫৭তম ব্যাচে ২৭৪ জন এবং ৫৮তম ব্যাচে ২৫১ জন সর্বমোট ৫২৫ জন ক্যাডেটের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ৫৭তম ব্যাচের ক্যাডেটগণ ৩য় সেমিস্টার এবং ৫৮তম ব্যাচের ক্যাডেটগণ ১ম সেমিস্টার পরীক্ষা জুন/২০২৩ মাসে সম্পন্ন করেছে। এছাড়াও, বিএমএস (নটিক্যাল/ ইঞ্জিনিয়ারিং) অনার্স শ্রেণির ৭ম ও ৮ম সেমিস্টারের ক্লাস ও ২য়, ৩য় শ্রেণির প্রিপারেটরি (সিওসি) কোর্স চলামান রয়েছে।
- একাডেমির বিভিন্ন কোর্সসমূহের ক্যাডেটদের শিক্ষা কার্যক্রম তত্ত্বাবধান করা।
- নৌপরিবহন মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যাদি সম্পন্ন এবং সভায় যোগদান করা।
- বিএসএমআরএমইউ-এর বিভিন্ন সভায় যোগদান করা।

**জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/সম্মেলন/কর্মশালায় অংশগ্রহণ:**

| | | |
|---|---|---|
| অংশগ্রহণকারী/ অংশগ্রহণকারীদের নাম | : | একাডেমির সকল কর্মকর্তা ও কর্মচারী |
| সেমিনার/সম্মেলন/কর্মশালার শিরোনাম | : | জিআরএস (Grievance Redress System) |
| উপস্থাপিত প্রবন্ধের শিরোনাম | : | অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সংক্ষেপে জিআরএস মূলত বিভিন্ন সরকারি দপ্তরকর্তৃক প্রদানকৃত সেবা নিশ্চিতকরণের একটি প্ল্যাটফর্ম। |
| আয়োজক সংস্থা | : | নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ ও স্থান | : | তারিখ: ০২.০৫.২০২৩; স্থান: বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম |

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| নটিক্যাল | Bachelor of Maritime Science (Nautical) | ৫৭ ব্যাচ; সেশন: ২০২১-২২ | ১৩৫ | ১৩১ | ৪ |
| ইঞ্জিনিয়ারিং | Bachelor of Science in Marine Engineering | ৫৭ ব্যাচ; সেশন: ২০২১-২২ | ১৩৯ | ১৩৩ | ৬ |
| নটিক্যাল | Bachelor of Maritime Science (Nautical) | ৫৮ ব্যাচ; সেশন: ২০২২-২৩ | ১২৪ | ১০৯ | ১৫ |
| ইঞ্জিনিয়ারিং | Bachelor of Science in Marine Engineering | ৫৮ ব্যাচ; সেশন: ২০২২-২৩ | ১২৭ | ১১২ | ১৫ |
| নটিক্যাল | Bachelor of Maritime Science (Nautical) | ১৪ ব্যাচ (৭ম সেমিস্টার) | ৫২ | ৫১ | ১ |
| ইঞ্জিনিয়ারিং | Bachelor of Maritime Science (Engineering) | ১৪ ব্যাচ (৭ম সেমিস্টার) | ৫৮ | ৫৮ | - |
| নটিক্যাল | Bachelor of Maritime Science (Nautical) | ১৩ ব্যাচ (৮ম সেমিস্টার) | ৩৪ | ৩২ | ২ |
| ইঞ্জিনিয়ারিং | Bachelor of Maritime Science (Engineering) | ১৩ ব্যাচ (৮ম সেমিস্টার) | ২৩ | ২২ | ১ |

# মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী পরিকল্পনা ও ঐকান্তিক প্রচেষ্টার এবং তৎকালীন সোভিয়েত ইউনিয়নের কারিগরি সহায়তায় বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি ১৯৭৩ সালে প্রতিষ্ঠা লাভ করে। গভীর সমুদ্রের মৎস্য আহরণকারী জাহাজ/ট্রলার ও নৌ বাণিজ্যিক জাহাজ চালানো, জাহাজের ইঞ্জিন অপারেশন, জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প, মৎস্য প্রক্রিয়াজাতকরণ ও মাননিয়ন্ত্রণ শিল্প ইত্যাদি সেক্টরের জন্য দক্ষ জনশক্তি গড়ার উদ্দেশ্যে এ একাডেমি নটিক্যাল স্টাডিজ, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ বিভাগে প্রিসী ট্রেনিং ও স্নাতক (সম্মান) পর্যায়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। শুরুতে একাডেমিতে প্রতি বছরে মাত্র ৩০ জন ক্যাডেট ভর্তি করা হলেও বর্তমানে প্রতি বছরে ১১০ জন (পুরুষ ও মহিলা) ক্যাডেট ভর্তি করানো হয়। একাডেমি হতে এ যাবৎ ৬০জন মহিলা ক্যাডেটসহ সর্বমোট ১৯৯৮ জন ক্যাডেট প্রিসী ট্রেনিং সম্পন্ন করে দেশি-বিদেশি সমুদ্রগামী মৎস্য ট্রলার ও বাণিজ্যিক জাহাজসহ বিভিন্ন সেক্টরে কর্মরত রয়েছে। বর্তমান সরকারের অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে ব্লু-ইকোনমি বা সুনীল অর্থনীতির আওতায় বাংলাদেশে সামুদ্রিক মৎস্য সম্পদ অনুসন্ধান, আহরণ ও টেকসই ব্যবহারে একাডেমি হতে পাশকৃত ক্যাডেটদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**প্রতিষ্ঠান প্রধান:** ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন, অধ্যক্ষ

**শিক্ষক/কর্মকর্তার সংখ্যা:** ১৪ জন
**অস্থায়ী (ভিজিটিং লেকচারার):** ১৩৩ জন
**কর্মচারীর সংখ্যা:** ৪৬ জন

## নটিক্যাল স্টাডিজ বিভাগ

২০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত বিএসএমআরএমইউ এর ১৯তম সিন্ডিকেট সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-১ এর সিদ্ধান্ত ক মোতাবেক অত্র একাডেমিকে অধিভুক্ত করার অনুমোদন প্রদান করা হয়। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৩৯তম ব্যাচ হতে বিএসএমআরএমইউ এর অধিভুক্তিতে শিক্ষা কার্যক্রম শুরু হয়। নটিক্যাল স্টাডিজ বিভাগের অধীনে বর্তমানে বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ প্রোগ্রামের দুইটি ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে ২০২০-২১ শিক্ষাবর্ষে ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধা তালিকার ভিত্তিতে ৬০ জন এবং ২০২১-২২ শিক্ষাবর্ষে ৪৩তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধা তালিকার ভিত্তিতে ৩৯ জন শিক্ষার্থী ভর্তি করা হয়।

**বিভাগের চেয়ারম্যান:** লেঃ কমান্ডার এম হাসানুজ্জামান, (এনডি), বিসিজিএম, পিএসসি, বিএন, ঊর্ধ্বতন ইন্সট্রাক্টর (নেভিগেশন)

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| নটিক্যাল স্টাডিজ | বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ | ৪২তম ব্যাচ (সেশন: ২০২০-২১) | ৬০ | ৬০ | ০০ |
| | | ৪৩তম ব্যাচ (সেশন: ২০২১-২২) | ৩৯ | ৩৫ | ০৪ |

## মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ

২০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত বিএসএমআরএমইউ এর ১৯তম সিন্ডিকেট সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-১ এর সিদ্ধান্ত ক মোতাবেক অত্র একাডেমিকে অধিভুক্ত করার অনুমোদন প্রদান করা হয়। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৩৯তম ব্যাচ হতে বিএসএমআরএমইউ এর অধিভুক্তিতে শিক্ষা কার্যক্রম শুরু হয়। মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগের অধীনে বর্তমানে বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের দুইটি ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে ২০২০-২১ শিক্ষাবর্ষে ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধা তালিকার ভিত্তিতে ৬০ জন এবং ২০২১-২২ শিক্ষাবর্ষে ৪৩তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধা তালিকার ভিত্তিতে ৩৮ জন শিক্ষার্থী ভর্তি করা হয়।

**বিভাগের চেয়ারম্যান: শরীফ আহমদ, উর্ধ্বতন ইন্সট্রাক্টর (মেরিন)**

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| মেরিন ইঞ্জিনিয়ারিং | বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং | ৪২তম ব্যাচ (সেশন: ২০২০-২১) | ৬০ | ৫৬ | ০৪ |
| | | ৪৩তম ব্যাচ (সেশন: ২০২১-২২) | ৩৮ | ৩৩ | ০৫ |

## মেরিন ফিশারিজ বিভাগ

২০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত বিএসএমআরএমইউ এর ১৯তম সিন্ডিকেট সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-১ এর সিদ্ধান্ত ক মোতাবেক অত্র একাডেমিকে অধিভুক্ত করার অনুমোদন প্রদান করা হয়। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৩৯তম ব্যাচ হতে বিএসএমআরএমইউ এর অধিভুক্তিতে শিক্ষা কার্যক্রম শুরু হয়। মেরিন ফিশারিজ বিভাগের অধীনে বর্তমানে বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ প্রোগ্রামের তিনটি ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধাতালিকার ভিত্তিতে ২০ জন শিক্ষার্থী, ২০২০-২১ শিক্ষাবর্ষে ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধাতালিকার ভিত্তিতে ১৯ জন এবং ২০২১-২২ শিক্ষাবর্ষে ৪৩তম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধাতালিকার ভিত্তিতে ৩০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। অত্র বিভাগ হতে ৩৯তম ব্যাচে ১৪ এবং ৪০তম ব্যাচে ২২ জন শিক্ষার্থী বিএসএমআরএমইউ এর অধীনে বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সটি সম্পন্ন করেছে।

**বিভাগের চেয়ারম্যান: সেলিনা সুলতানা, ইন্সট্রাক্টর (ফিশ প্রসেসিং)**

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| মেরিন ফিশারিজ | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ | ৪১তম ব্যাচ (সেশন: ২০১৯-২০) | ১৭ | ১৫ | ০২ |
| | | ৪২তম ব্যাচ (সেশন: ২০২০-২১) | ১৯ | ১৮ | ০১ |
| | | ৪৩তম ব্যাচ (সেশন: ২০২১-২২) | ৩০ | ২৬ | ০৪ |

## শিক্ষা বিভাগ

২০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত বিএসএমআরএমইউ এর ১৯তম সিন্ডিকেট সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-১ এর সিদ্ধান্ত ক মোতাবেক অত্র একাডেমিকে অধিভুক্ত করার অনুমোদন প্রদান করা হয়। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৩৯তম ব্যাচ হতে বিএসএমআরএমইউ এর অধিভুক্তিতে শিক্ষা কার্যক্রম শুরু হয়। অত্র একাডেমিতে চলমান বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ, বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সসমূহকে সাধারণ শিক্ষা বিভাগ প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে।

**বিভাগের চেয়ারম্যান: মোঃ মনিরুজ্জামান, এডুকেশন অফিসার (ফিজিক্স)**

## উল্লেখযোগ্য কার্যক্রমের ধারাবাহিক বিবরণ

- ০৩ জুলাই ২০২২ তারিখে অত্র একাডেমিতে অধ্যয়নরত সকল ক্যাডেটদের অংশগ্রহণে স্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত সেমিনার আয়োজন করা হয়।
- বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯২তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ০৮ আগস্ট ২০২২ তারিখে অত্র একাডেমির সকল ব্যাচের ক্যাডেটদের অংশগ্রহণে আলোচনা সভার আয়োজন করা হয়।
- ১৫ আগস্ট ২০২২ তারিখে অত্র একাডেমির উদ্যোগে জাতীয় শোক দিবস ২০২২ এর নির্ধারিত কর্মসূচির অংশ হিসেবে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালিত হয়।
- ২২ আগস্ট ২০২২ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর পরিদর্শন টিম কর্তৃক একাডেমির বার্ষিক কার্যক্রম পরিদর্শন করা হয়।
- ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখে অত্র একাডেমি হতে পাশকৃত ২৭-৩৫তম ব্যাচের নটিক্যাল স্টাডিজ ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্যাডেটদের জন্য স্পেশাল কোর্স চালু করা হয়।
- ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখে অত্র একাডেমির সকল ব্যাচের ক্যাডেটদের অংশগ্রহণে Workshop on "Technology and Innovation Start-Ups; Global Investments, Impact Investment, Equity and Inclusion" শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়।
- মেরিন ফিশারিজ একাডেমির গভর্নিং বডির ৩য় সভা ২৮ নভেম্বর ২০২২ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. নাহিদ রশীদ এর উপস্থিতিতে অনুষ্ঠিত হয়।
- ১২ ডিসেম্বর ২০২২ তারিখে নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক, কমডোর মোঃ নিজামুল হক, (ট্যাজ), ওএসপি, এনজিপি, পিএসসি, বিএন কর্তৃক মেরিন ফিশারিজ একাডেমির কার্যক্রম পরিদর্শন করা হয়।
- ০১ জানুয়ারি ২০২৩ তারিখে অত্র একাডেমির ৪৩তম ব্যাচের বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ বিভাগে ৪০ জন (৪ জন মহিলা), বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩৯ জন (৫জন মহিলা) এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ বিভাগে ৩০ জন (৪ জন মহিলা) সহ সর্বমোট ১০৯ জন ক্যাডেট একাডেমিতে যোগদান করে।
- ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে ভারতীয় কোস্ট গার্ড জাহাজ ICGS SHAURYA & ICGS RAJVEER এর অফিসার ও নাবিক কর্তৃক মেরিন ফিশারিজ একাডেমির কার্যক্রম পরিদর্শন করা হয়।
- মেরিন ফিশারিজ একাডেমিতে Pre-Sea training, STCW ancillary কোর্সের ব্যবহারিক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় স্থাপনা ও প্রশিক্ষণ যন্ত্রপাতি ব্যবহার ও রিসোর্স শেয়ারিং এর নিমিত্ত ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট এর সাথে মেরিন ফিশারিজ একাডেমির সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়।
- ২২-২৩ জানুয়ারি ২০২৩ তারিখে মেরিন ফিশারিজ একাডেমির ৪২তম ব্যাচের "বার্ষিক আন্তঃ বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২২" অনুষ্ঠিত হয়।
- ২৬ জানুয়ারি ২০২৩ তারিখে অত্র একাডেমির ৪২তম ব্যাচের ক্যাডেটদের Epaulettes Wearing Ceremony অনুষ্ঠিত হয়।
- মেরিন ফিশারিজ একাডেমিতে ২০২৩ সালে যোগদানকৃত ৪৩তম ব্যাচের ক্যাডেটদের Parents' Day ১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়।
- ১০ মার্চ ২০২৩ তারিখে Sea King Marine Service Limited, China কর্তৃক অত্র একাডেমি পরিদর্শন করা হয়।
- ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী ও শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক নির্ধারিত কর্মসূচি বাস্তবায়ন করা হয়।
- ২০ মার্চ ২০২৩ তারিখে অত্র একাডেমিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে একাডেমির সকল কর্মকর্তা, প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট সকল কর্মচারীদের সমন্বয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।
- ২১ মার্চ ২০২৩ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর মাননীয় ভাইস চ্যান্সেলর Rear Admiral Mohammad Musa. OSP, NPP reds, afwc, psc, PhD অত্র একাডেমির সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন।
- ০২ এপ্রিল ২০২৩ তারিখে অত্র একাডেমির উদ্যোগে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালার আয়োজন করা হয়।
- ০৩ এপ্রিল ২০২৩ তারিখ একাডেমির ক্যাডেটদের মধ্যে আযান ও কেরাত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

- নটিক্যাল স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান ১৪ মে ২০২৩ তারিখ হতে ১৮ মে ২০২৩ তারিখ পর্যন্ত ANCORS, এর তত্ত্বাবধানে University of Wollongong (Australia) কর্তৃক আয়োজিত "THE LAW OF THE SEA" কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করেন।
- ২৩ মে ২০২৩ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন উপলক্ষ্যে অত্র একাডেমির উদ্যোগে সকল ব্যাচের ক্যাডেটদের অংশগ্রহণে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়।
- ২০ জুন ২০২৩ তারিখে অত্র একাডেমির গভর্নিং বডির ৪র্থ সভা অনুষ্ঠিত হয়।
- ২০ জুন ২০২৩ তারিখে মেরিন ফিশারিজ একাডেমির মেরিন ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ হতে পৃথককৃত "ওয়েল্ডিং সেকশন" এর শুভ উদ্বোধন করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. নাহিদ রশীদ।
- "গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি" এই প্রতিপাদ্য বিষয়ে উজ্জীবিত হয়ে মেরিন ফিশারিজ একাডেমিতে ২০ জুন ২০২৩ তারিখে অনলাইনের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. নাহিদ রশীদ মহোদয় "বৃক্ষ রোপণ কর্মসূচি-২০২৩" এর শুভ উদ্বোধন করেন।
- ২৩ জুন ২০২৩ তারিখে অত্র একাডেমির ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠিত হয়।

# বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল

বাংলাদেশে মেরিটাইম শিক্ষা বিস্তারে, কর্মসংস্থানে দক্ষ জনশক্তি, বৈদেশিক মুদ্রা অর্জন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নিজ উদ্যোগে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনে ০৪টি নতুন মেরিন একাডেমি (বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট) প্রতিষ্ঠিত হয়েছে। ০৬ মে, ২০২১ খ্রি: মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল উদ্বোধন করেন। ১৪ জানুয়ারি, ২০২২ হতে অত্র একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। এটি একটি স্পেশাল রেজিমেন্টাল ট্রেনিং একাডেমি যা দক্ষ ও পেশাদার মেরিনার তৈরিতে বিশেষ ভূমিকা রাখছে। বর্তমানে ২০২১-২২ সেশনে ২য় ব্যাচে ৬৭ জন এবং ২০২২-২৩ সেশনে ৩য় ব্যাচে ৪৯ জন ক্যাডেট নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

**প্রতিষ্ঠান প্রধান:** ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান, (জি), এনইউপি, পিএসসি, বিএন, কমান্ড্যান্ট

**শিক্ষক/কর্মকর্তার সংখ্যা: ০৭ জন**
**অস্থায়ী (ভিজিটিং লেকচারার):** ১১ জন
**কর্মচারীর সংখ্যা:** মোট ৬০ (ষাট) জন

## মেরিটাইম সায়েন্স (নটিক্যাল) বিভাগ

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এ ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (নটিক্যাল) ২০২১-২২ সেশনে ২য় ব্যাচের ৩২ জন ও ২০২২-২৩ সেশনে ৩য় ব্যাচের ২৪ জন ক্যাডেটদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

**বিভাগীয় প্রধান:** ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান, (জি), এনইউপি, পিএসসি, বিএন,

## মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এ ব্যাচেলর অব সায়েন্স ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ২০২১-২২ সেশনে ২য় ব্যাচের ৩৫ জন ও ২০২২-২৩ সেশনে ৩য় ব্যাচের ২৫ জন ক্যাডেটদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

**বিভাগীয় প্রধান:** জনাব মোঃ গোলাম রায়হান, সহকারি তড়িৎ প্রকৌশলী (সংযুক্তি)

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| ক্রমিক | বিভাগ | ব্যাচ ও সেশন | মোট প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|
| ১। | নটিক্যাল | ২য় ব্যাচ, ২০২১-২২ | ৩২ জন |
| ২। | ইঞ্জিনিয়ারিং | ২য় ব্যাচ, ২০২১-২২ | ৩৫ জন |
| ৩। | নটিক্যাল | ৩য় ব্যাচ, ২০২২-২৩ | ২৪ জন |
| ৪। | ইঞ্জিনিয়ারিং | ৩য় ব্যাচ, ২০২২-২৩ | ২৫ জন |

## উল্লেখযোগ্য কার্যক্রম

- প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনার নিমিত্তে বরিশাল বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের সাথে বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর সম্পন্ন হয়েছে।
- ফায়ার ফাইটিং সিমুলেটর স্থাপন সম্পন্ন হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।
- ক্যাডেটদের দক্ষ ও বাস্তবভিত্তিক অভিজ্ঞতা অর্জনের লক্ষে ইতোমধ্যে খুলনা শীপ ইয়ার্ড এবং পায়রা সমুদ্র বন্দর পরিদর্শন করা হয়েছে। ভবিষ্যতে বিভিন্ন জাহাজ ও মেরিটাইম স্থাপনা সমূহ পরিদর্শনের পরিকল্পনা রয়েছে।
- সরকারি নির্দেশনা মোতাবেক আর্থিক হিসাব যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।
- একাডেমি সংলগ্ন ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান।

**জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/সম্মেলন/কর্মশালায় অংশগ্রহণঃ**

| | | |
|---|---|---|
| অংশগ্রহণকারী/ অংশগ্রহণকারীদের নাম | : | লেঃ কমান্ডার মোহাঃ মিলটন কবির, (জি) বিজিবিএম, বিএন |
| সেমিনার/সম্মেলন/কর্মশালার শিরোনাম | : | জাতীয় দক্ষতা উন্নয়ন বিষয়ক কর্মশালা |
| উপস্থাপিত প্রবন্ধের শিরোনাম | : | জাতীয় দক্ষতা উন্নয়ন বিষয়ক কর্মশালা |
| আয়োজক সংস্থা | : | নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ ও স্থান | : | ১৩ জুন ২০২৩, নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |

## বাংলাদেশ মেরিন একাডেম, রংপুর

বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর ০৬ মে ২০২১ তারিখে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন। এটি রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার বাস স্যান্ড হতে ৫কি.মি পশ্চিমে রায়পুর ইউনিয়নে আধুনিক অবকাঠামো এবং নান্দনিক স্থাপত্যশৈলি অবয়বে ১০ একর ভূমির উপর নির্মিত। অত্র একাডেমি ২০২২ সালের ১৪ জানুয়ারি নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগের ৭০ জন (৩৫+৩৫) ক্যাডেট নিয়ে আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। বর্তমানে ২য় ও ৩য় ব্যাচের ১১৪ জন ক্যাডেট নিয়ে একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। উল্লেখ্য ০৭ আগস্ট ২০২২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীন অত্র একাডেমি নিবন্ধিত ও অধিভুক্ত হয়।

**প্রতিষ্ঠান প্রধান:** ক্যাপ্টেন মোঃ শফিকুল ইসলাম সরকার, (জি), পিএসসি, বিএন, কমান্ড্যান্ট
**শিক্ষক/কর্মকর্তার সংখ্যা:** ১০ জন
**অস্থায়ী (ভিজিটিং লেকচারার):** ২২ জন

**কর্মচারীর সংখ্যা:** ৬৪ জন

### নটিক্যাল বিভাগ

২য় ব্যাচের ৩৪ জন এবং ৩য় ব্যাচের ২৩জন ক্যাডেটের প্রশিক্ষণ STCW' 1978 as amended এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** ক্যাপ্টেন মোঃ রিজওয়ানুল বারী; নৌ-শিক্ষা প্রধান (ভারপ্রাপ্ত)

### ইঞ্জিনিয়ারিং বিভাগ

২য় ব্যাচের ৩৩ জন এবং ৩য় ব্যাচের ২৪ জন ক্যাডেটের প্রশিক্ষণ STCW' 1978 as amended এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** চিফ ইঞ্জিনিয়ার মোঃ মেহফুজ উল সহিদ, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

### এডুকেশন বিভাগ

২য় ব্যাচের ৬৭ জন এবং ৩য় ব্যাচের ৪৭ জন ক্যাডেটের প্রশিক্ষণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** লেঃ কমান্ডার জি এম মশিউর রহমান (অবঃ), প্রধান শিক্ষা কর্মকর্তা

### উল্লেখযোগ্য কার্যক্রম

- Zrich শিপিং কর্পোরেশন ও মেরিন হাইভ শিপিং কর্পোরেশন এর সাথে এমওইউ সম্পাদন ।
- ওয়াল্ড মেরিটাইম ডে ২০২২ উদযাপন
- উত্তরা ইপিজেড পরিদর্শন
- জাতীয় শোক দিবস উদ্‌যাপন

# বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট

সদা পরিবর্তনশীল বৈশ্বিক অর্থনৈতিক পটভূমি বিবেচনা করে SDG-14 (সাসটেইনেবল ডেভেলাপমেন্ট গোল -১৪) এর আলোকে সুনীল অর্থনীতির (Blue Economy) গুরুত্ব সমৃদ্ধি সামাজিক উন্নয়নের জন্য সমুদ্র সম্পদের সুষ্ঠ ব্যবহারের লক্ষ্যে এবং ক্রম বর্ধমান বিদেশি সমুদ্রগামী জাহাজের লোকবলের চাহিদা বিবেচনা করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চারটি নতুন মেরিন একাডেমি স্থাপন করেন। এরই ধারাবাহিকতায় ৬ মে ২০২১ সালে মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ মেরিন একাডেমি সিলেট উদ্বোধন করেন এবং ১ম ব্যাচের ৫০ জন (২৫+২৫) ক্যাডেট নিয়ে বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট যাত্রা শুরু হয়। ইতোমধ্যে ১ম ব্যাচ ক্যাডেটগন একাডেমির প্রিসি-ট্রেনিং সম্পন্ন করে বিভিন্ন সমুদ্রগামী জাহাজে কর্মরত আছেন। বর্তমানে ২য় ব্যাচ এর ৬৭ জন (৩৪ নটিক্যাল+ ৩৩ ইঞ্জিনিয়ারিং) ক্যাডেট এবং ৩য় ব্যাচ এর ৪৪ জন (২৩ নটিক্যাল+ ২১ ইঞ্জিনিয়ারিং) ক্যাডেটের প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। ২য় ব্যাচ আগামী ডিসেম্বর-২০২৩ সালে প্রিসি-ট্রেনিং সম্পন্ন করে সমুদ্রগামী জাহাজে যোগদান করবেন বলে আশা করা যাচ্ছে।

বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ) এর একটি অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান হওয়ায় বিএসএমআরএমইউ এর তত্ত্বাবধানে এখানে অধ্যয়ন এবং ট্রেনিংরত ক্যাডেটদের ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (নটিক্যাল) এবং ব্যাচেলর অব সায়েন্স ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান করা হয়। বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট নৌপরিবহন মন্ত্রণালয় এর সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত একটি শিক্ষা প্রতিষ্ঠান যা STCW-1978 কনভেনশন এর গাইডলাইন অনুযায়ী IMO মডিউল অনুসারে একাডেমি কার্যক্রম পরিচালনা করে।

**প্রতিষ্ঠান প্রধানঃ** ক্যাপ্টেন আই কে তৈমুর, মাষ্টার মেরিনার, এএফএনআই (ইউকে), এমএসসি, এলএলবি, কমান্ড্যান্ট

**শিক্ষক/কর্মকর্তার সংখ্যা:** ২৩ জন

**কর্মচারীর সংখ্যা:** ১৮ জন

## নটিক্যাল বিভাগ

২য় ব্যাচের ৩৩ জন এবং ৩য় ব্যাচের ২৩ জন ক্যাডেটের প্রশিক্ষণ STCW' 1978 এবং বিএসএমআরএমইউ এর কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** ক্যাপ্টেন এ. কে. এম. আরিফুস শামস, মাষ্টার মেরিনার

## ইঞ্জিনিয়ারিং বিভাগ

২য় ব্যাচের ৩৪ জন এবং ৩য় ব্যাচের ২১ জন ক্যাডেটের প্রশিক্ষণ STCW' 1978 এবং বিএসএমআরএমইউ এর কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** ইঞ্জিঃ মোঃ আশিকুর রহমান

**বিভাগীয় প্রধান (এডুকেশন):** ক্যাপ্টেন কালাম হোসেন চৌধুরী

## বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা

বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা ০৬ মে ২০২১ তারিখে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন। এটি পাবনা জেলার, বেড়া উপজেলার, আমিন পুর থানার অধিনস্থ যমুনা নদীর তীরে একটি চমৎকার স্থানে অবস্থিত। এটি আধুনিক অবকাঠামো এবং স্থাপত্যসহ ১০ একর ভূমির উপর নির্মিত।

STCW 1978 as amended অনুযায়ী নটিক্যাল সায়েন্স এবং মেরিন ইঞ্জিনিয়ারিং এ এইচএসসি (এ লেভেল) পাশকৃত তরুণ ক্যাডেটদের প্রশিক্ষণ দেয়া হয়। তরুন ক্যাডেটদের রেজিমেন্টাল এবং আবাসিক শিক্ষা ব্যবস্থার মাধ্যমে ইংরেজি ভাষায় প্রশিক্ষণ দেয়া হয়। একই সাথে নটিক্যাল এবং মেরিন ইঞ্জিনিয়ারিং এ অনার্স কোর্স বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর কারিকুলাম অনুযায়ী চলমান। আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে দেশ ও বিদেশের বাজারে দক্ষ মেরিন অফিসার এবং মেরিন ইঞ্জিনিয়ার সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনীতিতে এবং দারিদ্রতা বিমোচনে অবদান রাখাই অত্র প্রতিষ্ঠানের উদ্দেশ্য।

**প্রতিষ্ঠান প্রধান:** ক্যাপ্টেন মোঃ তৌফিকুল ইসলাম, মাস্টার মেরিনার (ইউকে), এএফএনআই, কমান্ড্যান্ট

**শিক্ষক/কর্মকর্তার সংখ্যা:** ২৫ জন

**কর্মচারীর সংখ্যা:** ৪৪ জন

## নটিক্যাল বিভাগ

২য় ব্যাচের ৩৫ জন এবং ৩য় ব্যাচের ২৩জন ক্যাডেটের প্রশিক্ষণ STCW’ 1978 এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** ক্যাপ্টেন মো: ছাখাওয়াত উল্ল্যাহ

## ইঞ্জিনিয়ারিং বিভাগ

২য় ব্যাচের ৩৩ জন এবং ৩য় ব্যাচের ২২ জন ক্যাডেটের প্রশিক্ষণ STCW’ 1978 এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চলমান।

**বিভাগীয় প্রধান:** মো: আহসান জান চৌধুরী, চিফ ইঞ্জিনিয়ার

**বিভাগীয় প্রধান (এডুকেশন):** পার্থ প্রতিম পোদ্দার (ভারপ্রাপ্ত)

## উল্লেখযোগ্য কার্যক্রম

- সাপ্তাহিক ক্যাডেটস টক
- জাতীয় দিবস উৎযাপন
- নতুন Fire Fighting School
- নতুন বয়লার সংযোজন

# ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি,গাজীপুর

দেশ ও জাতির অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের নিমিত্তে ২০০৮ সালের নভেম্বরে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি (আই.এম.এ) প্রতিষ্ঠা করা হয় এবং ২০১১ সালে তাদের নিজস্ব অর্থায়নে ঢাকার অদূরে গাজীপুরে তাদের নিজস্ব ক্যাম্পাসে পরিপূর্নভাবে শিক্ষা কার্যক্রম শুরু করে। আই.এম.এ প্রতিটি ছাত্রের জন্যই কর্মসংস্থানের প্রচেষ্টা গ্রহণ করে থাকে। এ পর্যন্ত মোট ৯৯৫ জন ছাত্র পাশ করেছে এবং বিভিন্ন নামকরা কোম্পানীতে চাকুরীরত রয়েছে।

**ডিন/পরিচালক/অধিভুক্ত প্রতিষ্ঠানের প্রধান:** ক্যাপ্টেন জাকি আহাদ, এফ,এন,আই, কমান্ড্যান্ট ।

**শিক্ষক/কর্মকর্তার সংখ্যা:** ৩৪ জন

**কর্মচারীর সংখ্যা:** ৩৮ জন

## নটিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং বিভাগ

বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং প্রোগামের ২টি ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ দুটি বিভাগে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১৩তম ব্যাচের নটিক্যাল বিভাগে ৪০ জন এবং ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়।

**বিভাগীয় প্রধান:**

ক্যাপ্টেন সুব্রত কুমার সাহা, ডেপুটি কমান্ড্যান্ট - নটিক্যাল বিভাগ
জনাব আব্দুল্লাহেল কাফি - প্রধান প্রকৌশলী - ইঞ্জিনিয়ারিং বিভাগ

**উর্দ্ধতন নৌ-প্রশিক্ষক:** ক্যাপ্টেন মো: মনিরুজ্জামান

**শিক্ষার্থীদের পরিসংখ্যান:**

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| নটিক্যাল | বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ | ২০২১-২০২২ | ৩৮ | ৩৮ | - |
| ইঞ্জিনিয়ারিং | বিএসসি (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং | ২০২১-২০২২ | ৪০ | ৪০ | - |
| নটিক্যাল | বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ | ২০২২-২০২৩ | ৪০ | ৪০ | - |
| ইঞ্জিনিয়ারিং | বিএসসি (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং | ২০২২-২০২৩ | ৪০ | ৪০ | - |

## উল্লেখযোগ্য কার্যক্রম

- ১২.০৯.২০২২ইং তারিখে অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রনালয় ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি (আই.এম.এ) এর সার্বিক প্রতিষ্ঠান পরিদর্শন করেন।
- ২৯.০৯.২০২২ইং তারিখে নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক ওয়ার্ল্ড মেরিটাইম ডে উপলক্ষে আই.এম.এ কে বিশেষ সম্মাননা ও পুরস্কার প্রদান।
- ৩০.০৯.২০২২ইং বিদেশী জাহাজ কোম্পানী কর্তৃক আই.এম.এ এর ছাত্রদের নিয়োগ বিষয়ক পরিদর্শন।

- ১০.১০.২০২২ইং বিদেশী জাহাজ কোম্পানী কর্তৃক আই.এম.এ তে নতুন আইন কানুন সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত হয়।
- ১৫.১০.২০২২ইং সচিব, নৌ-পরিবহন মন্ত্রনালয়, আই.এম.এর লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন ও প্রতিষ্ঠান পরিদর্শন করেন।
- ০৩.১১.২০২২ইং ISWAN - জাহাজে কর্মরত নাবিকদের কল্যাণ ও সহায়তামূলক সেমিনার অনুষ্ঠিত হয়।
- ১৪.১১.২০২২ইং, মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, আই.এম.এর রেটিং পাসিং আউট ও প্রতিষ্ঠান পরিদর্শন করেন।
- ১৬.১১.২০২২ইং বিদেশী জাহাজ কোম্পানী আই.এম.এ তে নতুন যন্ত্রপাতি ও জাহাজ বিষয়ক নতুন আইন কানুন সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত হয়।
- ২৯.১২.২০২২ইং তারিখে ফিশিং একাডেমী, চট্টগ্রাম, আভ্যন্তরীন সহযোগিতা উন্নয়ন বিষয়ক আলোচনা হয়।
- ১৬.০১.২০২৩ইং তারিখে DNVGL, ISO 9001:2015 অডিট সম্পন্ন হয়।
- ২৫.০২.২০২৩ইং তারিখে মাননীয় নৌ-উপমন্ত্রী আই.এম.এর স্মৃতিস্তম্ভ উদ্বোধন ও প্রতিষ্ঠান পরিদর্শন করেন।
- ১৩.০৩.২০২৩ইং বিদেশী জাহাজ কোম্পানী আই.এম.এ তে নতুন নিয়ম কানুন ও যন্ত্রপাতি ব্যবহার বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়।
- ২৪.০৫.২০২৩ইং বিদেশী জাহাজ কোম্পানী কর্তৃক আই.এম.এ এর পাশকৃত ছাত্রদের নিয়োগের নিমিত্তে প্রতিষ্ঠান পরিদর্শন।
- ১৯.০৬.২০২৩ইং তারিখে ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ, আই.এম.এ পরিদর্শন করেন।